



## আগ্রাসন কোন পথে?

ইউক্রেনে রুশ আগ্রাসনের হুমকিকে বাস্তব বলিয়া প্রতিষ্ঠা করিয়া ফেলিয়াছে মার্কিন বিদেশ দপ্তর এবং তাদের প্রভাবাধীন সংবাদমাধ্যম। সেই বাস্তবকে আরও ভিত্তি দিতে ইউক্রেনে সামরিক সরঞ্জাম পাঠানো শুরু করিয়াছে। একপর্যায়ে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন বলিয়াই ফেলিলেন, ইউক্রেনে রুশ আগ্রাসন সময়ের ব্যাপার। তিনি নিশ্চিত। নিজের কথায় বিশ্বাস রাখিবার পর তিনি মিত্রদের গোছাইতে নামিলেন। ভুলিয়াই গেলেন, বছর দুয়েক ধরিয়া করোন মহামারীর ধাক্কা শুদ্ধ দুনিয়ার কথা। বিশ্ব অর্থনীতির উন্নয়ন অবস্থার কথা। নামিয়া দেখিলেন, ব্রিটেনের প্রধানমন্ত্রী বরিস জনসন ছাড়া আর কোনও রাষ্ট্রনেতা যুদ্ধে নামিতে রাজি নয়। ইরাক যুদ্ধের সময় থেকেই এটা দেখা যাইতেছে। ব্রিটিশ প্রধানমন্ত্রী মার্কিন বিদেশনীতিকের নিজেদের নীতি ভাবিতে পছন্দ করিয়াছেন। জনসনের জন্য অবশ্য একটা যুদ্ধ দরকার। অত্যাচারী রাজনৈতিক কেলেকারিতে কেওয়াদয় পড়িয়া গিয়াছেন তিনি। এ থেকে বাঁচিবার জন্য একটাই পথ যুদ্ধ। আমেরিকা সব সময় তাহার যুদ্ধ নীতির সঙ্গে ইউরোপের বন্ধুদের সহযোগিতাকে সঙ্গী করিতে চাহিয়াছে। কিন্তু আফগানিস্তান, কুয়েত বা ইরাকের যুদ্ধে নামিতে অসম্মতির জন্য ইউ বা ন্যাটো জোটের বড় সদস্য জার্মানি ও ফ্রান্স যুদ্ধবাজ আমেরিকার কাছে তিরস্কৃত হইয়াছে। ২০০৩ সালে ইরাক আক্রমণের সময়, সেই সময়কার মার্কিন প্রতিরক্ষাসচিব ডোনাল্ড রামসফেল্ড ঝাঁপাল সুরে বলিয়াছিলেন, ‘ফ্রান্স একটা সমস্যা। জার্মানি একটা সমস্যা। ওরা পুরনো ইউরোপ। পূর্ব ইউরোপই নতুন ইউরোপ।’ ন্যাটো জোটের পরিধি বিস্তার এবং বিশ্বের নানা প্রান্তে যুদ্ধে যাওয়ার মার্কিন যুদ্ধবাজ নীতি এবং অস্ত্র নির্ভর অর্থনীতির বিষয়টিকে ইউরোপের সরকারগুলি ভালো চোখে দেখে না। কারণ, দ্বিতীয় বিশ্বযুদ্ধের ক্ষত এখনও তাড়া। ব্যতিক্রম হইল, পোল্যান্ড, হাঙ্গেরি, রোমানিয়ার মতো রক্ষণশীল সরকার বা বাস্তবিক অঞ্চলের তিন দেশ লাতিভিয়া, এস্তোনিয়া ও লিথুনিয়া। ওরা ইউক্রেনও ন্যাটো জোটের সদস্য হওয়ার জন্য তোড়জোড় শুরু করিয়াছে।

কিন্তু ফ্রান্স বা জার্মানি, কেউই নিশ্চয়তাবে আমেরিকার নেতৃত্বে ‘মিত্রশক্তি’ হইতে রাজি নয়। বরং ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ ও জার্মানির ন্যাচারাল গ্যাসের শলজ মন্ত্রক গিয়াছেন ‘একনায়ক’ পুত্রিনের সঙ্গে আলোচনা করিবার জন্য। তাঁহারা কূটনৈতিক সমাধানের আগ্রহী। বাইডেনের যুদ্ধনীতিতে তাঁহাদের আস্থা নাই। কারণ, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইউরোপের মাটিতে আর যুদ্ধ নয়, এরকম এক সমঝোতা ইউরোপীয়দের মধ্যে রহিয়াছে। এটা একটা কারণ। বাস্তব কারণটাই অন্য। সামনেই ফ্রান্সে নির্বাচন। নির্বাচনের আগেই ম্যাক্রোঁ চান রুশ-ইউক্রেন দ্বন্দ্বের ধাঁধাটি সমাধান করিয়া নিজেই ইউরোপের শান্তিপালী নেতা হিসেবে তুলে ধরতে। এই ম্যাক্রোঁই ২০১৯ সালে ন্যাটো জোটকে ‘ব্রেন-ডেড’ বলিয়া সমালোচনা করিয়াছিলেন। বুলি থেকে বের করিয়াছিলেন ইউরোপীয় নিরাপত্তার নতুন তত্ত্ব। তিনি ইউরোপীয় ইউনিয়ন ও রাশিয়ার মধ্যে নতুন নিরাপত্তা স্থাপত্যের প্রয়োজনীয়তার কথা তোলেন। এই ‘নতুন স্থাপত্যের’ দরকার হইতেছে কেন, যখন ন্যাটো রহিয়াছে? এর অর্থ, সাবেক সোভিয়েত ইউনিয়নকে ঘিরিয়া ন্যাটোর যে নিরাপত্তাব্যবস্থা ছিল, রাশিয়াকে ঘিরিয়া তেমন বলয়ের তো দরকারই নেই। বরং রাশিয়াকেই নতুন নিরাপত্তা কাঠামোর অংশীদার করিয়া নেওয়া দরকার। সুতরাং, বাইডেন কথিত ইউক্রেন যুদ্ধ যদি শুরুও হয়, ফ্রান্সকে সেখানে টানা কঠিন জার্মানির সমস্যা অন্য। রুশ গ্যাস ছাড়া শীতে জার্মানি জমিয়া বরফ হইয়া যাইবে। ইউরোপীয় চাহিদার ৪০ শতাংশ গ্যাস আসে রাশিয়া থেকেই। এই জ্বালানি সরবরাহ নিশ্চিত করিতে সরাসরি রাশিয়া-জার্মানির মধ্যে তৈরি হইয়াছে নর্ড স্ট্রিম ২ পাইপলাইন। আইনি জটিলতায় এই পাইপলাইন এখনও চালু না হইলেও জার্মানি অর্থনীতির জন্য এটা নতুন রক্তবাহী ধমনির মতো। মার্কিন অপরোধে রাশিয়া অবশ্যই ভুগিবে। তবে ইউরোপও বাদ যাইবে না। কোভিড-পরবর্তী অর্থনৈতিক পুনরুদ্ধার কর্মকিয়া যাইবে। ঘরের হিটার থেকে শুরু করিয়া কারখানার শক্তি, বন্ধ হইয়া যাইবে। ন্যাটো সদস্য হইয়াও জার্মানি তাই ইউক্রেনে সামরিক সাহায্য পাঠাইতে রাজি হইবে। এমনকী ন্যাটোর সদস্যদের এস্তোনিয়ার তরফে ইউক্রেনকে জার্মানিতে তৈরি হাউজবার অস্ত্র রপ্তানি নিষিদ্ধও করা হইয়াছে। রাশিয়ার বিরুদ্ধে ন্যাটো জোট জার্মানি সক্রিয়ভাবে না থাকা মানে ইউরোপে ন্যাটোর পঙ্গু হইয়া পড়া। মার্কিন যুদ্ধনীতি থেকে বেরিয়ে আসার চেষ্টা করিয়াছে ন্যাটো জোটের দুই বড় দেশ জার্মানি ও ফ্রান্স।

কিন্তু আচমকা রাশিয়ার হাতে এত শক্তি কোথা থেকে এল যে, তাহারা আমেরিকা, ব্রিটেনসহ দুনিয়ার সবচেয়ে শক্তির দেশগুলোর সামনে অস্ত্র উঁচাইয়া হুমকি দেওয়ার সাহস পাইতেছে? পুতিন আসলে কী চাইছেন? তিনি কি ইউক্রেনের কাছ থেকে ক্রিমিয়া ছিনাইয়া নেওয়ার পর এখন পুরো ইউক্রেনকেই গিলে ফেলিতে চাইছেন, নাকি এসব ভয়ভীতি দেখাইয়া পশ্চিমী শক্তির কাছে নিজের চাওয়াগুলোকে ‘পাওয়ারে’ পরিণত করিবার মতলবে রহিয়াছেন? পুতিনের দাবি, ‘আধুনিক ইউক্রেনের সম্পূর্ণ রূপকার ও গুণ রাশিয়াই’ ফলে, ইউক্রেনের উপ পর পরোক্ষভাবে চাপ বাড়িতেছে। তাহাদের হাতে এখন দু’টি বিকল্প। হয় দুই অঞ্চলের অধিকার ছাড়িয়া দিতে হইবে, নয়তো রাশিয়া সেনা বাহিনীর সঙ্গে যুদ্ধে নামিতে হইবে। প্রশ্ন উঠিয়াছে, করোন-যুদ্ধের পর বিশ্বশক্তি কি আরও একটা রণাঙ্গণে নামিবে? এই যুদ্ধের ক্ষতি কি সামলাইতে পারিবে বিশ্ব অর্থনীতি? সবটাই নির্ভর করিতেছে ওয়াশিংটনের উপর!

## শান্তিপূরে তাজা বোমা

## উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য

নদিয়া, ১ মার্চ (হি. স.) : শান্তিপূরে তস্তবাই হাইস্কুলের কাছ থেকে তাজা বোমা উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়াল। মঙ্গলবার সকালে স্থানীয় বাসিন্দারা তস্তবায় হাইস্কুলের পিছনের মাঠে একটি তাজা বোমা পড়ে থাকতে দেখে। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে বোমা উদ্ধার করে পুত্রের খবর, এদিন সকালে স্থানীয় বাসিন্দারা তস্তবায় হাইস্কুলের পিছনের মাঠে একটি তাজা বোমা পড়ে থাকতে দেখেন। পুলিশ গিয়ে বোমা উদ্ধার করে। রবিবার পুরভোড়ের জন্য এই স্কুলে বৃথ তৈরি হয়েছিল। সেখানে ভোটার দিন দুকৃতীদের আগাগোড়া ছিল, তারাই বোমা রেখে থাকতে পারে এমনই মনে করা হচ্ছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করে দে।

## টোটো ও লরির মুখোমুখি

## সংঘর্ষে মৃত শিশু, আহত ৬ যাত্রী

বহরমপুর, ১ মার্চ (হি. স.) : মুর্শিদাবাদ রঘুনাথগঞ্জ-সাগরদিঘি রাজ্য সড়কে টোটো ও লরির মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হল এক শিশুর। আহত হয়েছেন টোটোর আরও ছ’জন যাত্রী। মঙ্গলবার ঘটনাটি ঘটেছে মুর্শিদাবাদ জেলার সাগরদিঘি থানা এলাকায় স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বিষ্ণুপুর থেকে দোহালি গ্রামে যাচ্ছিল যাত্রীবাহী টোটোটি। সেই সময় সাগরদিঘি দিক থেকে আসা একটি লরির সঙ্গে টোটোটির মুখোমুখি সংঘর্ষ হয়। ঘটনাস্থলেই মৃত্যু হয় নয় বছরের এক শিশুর। মৃত শিশুর নাম চরমা মণ্ডল। আহতদের উদ্ধার করে সাগরদিঘি ব্লক সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করােনা হয়েছে। লরিটিকে আটক করেছে সাগরদিঘি থানার পুলিশ।

# সব ব্রতের মধ্যে সর্বশ্রেষ্ঠ হল শিবরাত্রি ব্রত

মহাশিবরাত্রিতে কঠোর ভাবে উপবাস পালনের রীতি রয়েছে। এদিন শিবলিঙ্গের রক্ত অভিষেক পূজা করা হয়। জল, দুধ, মধু, আখের রস ও দুই দিয়ে শিবলিঙ্গের পূজা করা হয়। এছাড়া খুঁচ ফুল এবং ফল মহাদেবের অভিষেকের জন্য অবশ্যই দিতে হয়। বিবাহিতা মহিলারা মহাশিবরাত্রিতে স্বামীর মঙ্গল কামনা করে উপবাস রেখে পূজা করেন। অবিবাহিতা মহিলারা শিবের মতো স্বামীর পাওয়ার প্রার্থনা করে এদিন উপবাস রেখে পূজা অর্চনা করেন। মহাদেবের ভক্তেরা এদিন নিজলা উপবাস রাখেন। পুরাণ অনুসারে এদিনই বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছিল মহাদেব ও পার্বতী। মহাশিবরাত্রির দিন নিজলা উপবাস রেখে থাকে শিবভক্তেরা। তারপর রাতে পালন করা হয় নিশিতা কাল। রাতে প্রহরে প্রহরে শিবের পূজা করতে হয়। গোটা রাত জেগে মহাদেবের আরাধনা করেন ভক্তরা। পর্বের দিন উপবাস ভঙ্গ করার প্রথাকে বলা হয় পরানা। দেশের বিভিন্ন অঞ্চলে এদিন সকাল থেকেই শিব মন্দিরগুলিতে ভক্তদের ভিড় উপচে পড়ে। ওম নমঃ শিবায় মন্ত্রোচ্চারণের সঙ্গে ভোর থেকেই মন্দিরগুলির বাইরে অধীর আত্মে অপেক্ষা করে থাকেন পূণ্যার্থীরা।

মহাশিবরাত্রি ফাল্গুন মাসের কৃষ্ণ পক্ষের চতুর্দশী তিথিতে পালিত হয়। মহাশিবরাত্রি হল হিন্দুধর্মের সর্বোচ্চ আরাধ্য দেবোদিত্যের মহাদেবের ‘শিবের মহা রাত্রি’। অন্ধকার আর অজ্ঞতা দূর করার জন্য এই ব্রত পালিত হয়। অগণিত ভক্ত এদিন শিবলিঙ্গ গঙ্গাজল, দুধ, বেলপাতা, ফুল দিয়ে পূজা করে থাকে। চার প্রহর চারবার শিব পূজা করতে হয়। প্রথম প্রহরে দুধ দিয়ে শিবলিঙ্গ কে স্নান করিয়ে শিব পূজা করার নিয়ম। দ্বিতীয় প্রহরে দুই দিয়ে শিবলিঙ্গ কে স্নান করিয়ে দ্বিতীয় প্রহরে ঘি দিয়ে শিবলিঙ্গকে স্নান করিয়ে আর চতুর্থ প্রহরে শিব লিঙ্গে মধু দিয়ে স্নান করে পূজা করতে হবে। এইভাবে প্রত্যেক প্রহরেই শিব পূজা করা হয়।



বেলাছিলেন এই কথা। জেনে নেওয়া যাক এই ব্রতের পেছনে প্রচলিত কাহিনী। অনেকদিন আগে বারাণসীতে এক ব্যাধ বাস করত। দিন রাত বনে সে জীবহত্যা করে বেড়াত বলে তার অনেক পাপ জমা হয়েছিল। একদিন একইভাবে শিকারের সন্ধানে বেড়িয়ে সে গভীর বনে ঢুকে পড়েছিল। সারাদিন ধরে অনেক চেষ্টা করেও সে কোনো শিকার করতে না পেরে খনন পড়ল ফেরার পথ ধরে, তখন অনেক রাত হয়ে গেছিল। সেই রাত ছিল ফাল্গুন মাসের কৃষ্ণপক্ষের

চতুর্দশীর রাত। সারাদিন ধরে কিছু খেতে না পেয়ে এমনিতেই তার অবস্থা কাহিল হয়ে গেছিল, তার পর এত রাতে কোথায় যাবে, আবার বাড়ি গেলেও তো ফাঁকা হাতেই যেতে হবে, কারও জন্য কোনো অনুযায়ী শিব নিজেই পার্বতীকে চুষ্টতে চুষ্টতে তার কিছু খাওয়া হয়নি। তাই শিবরাত্রি পালনের শর্তগুলো সে না জেনেই পালন করে ফেলল। এতে তার অজান্তেই শিবরাত্রি পালন হল। সকালে বাড়ি ফিরে সে তার বউকে বান্ধা করতে বলে নদীতে স্নান করতে গেল। ফেরার পথে রাস্তায় একজনের সাথে দেখা হল। সে ব্যাধের কাছে কিছু খেতে চাইল, তখন ব্যাধ তাকে নিয়ে বাড়িতে এল এবং তাকে পেট ভরে খাইয়ে নিজেও খেল। এতে করে আবারও তার অজান্তেই শিবরাত্রির ব্রত সে সম্পূর্ণ করল। কিছুদিন পর যখন ব্যাধের মৃত্যু এসে উপস্থিত হল, তখন যমদূতেরা তাকে নিতে এল। সেই শুনে যমদূতেরা যমলোকে ফিরে গেল। তাই যমকে সব কথা খুলে বলল। তারা বলল, ‘আজ থেকে এইসব মহাপাপীদের ওপর আপনার অধিকার যে রইল না। এটা কেমন হল?’ তখন যম তাদের বুঝিয়ে বলল, ‘যে লোক শিব কিংবা বিষ্ণুভক্ত, যে লোক শিবরাত্রি ব্রত করে বা বারানসীতে মরে, তার ওপর

# পরিব্রাজকরাই ছিলেন সংস্কৃতির বার্তাবাহী

## মুহাম্মদ শাহাবুদ্দিন

একসম মানুষের কাছে পৃথিবীর ভৌগোলিক রূপরেখা অজানা ছিল। নিজস্ব ভূখণ্ডই ছিল তার জগৎ। আকাশ পৃথিবী জলরাশি নিয়ে ছিল বিচিত্র ধারণা। দুষ্টির বাইরে অদেখা দিগন্তের ওপারে কোন, দ্বীপ-উপদ্বীপ, কোথায় কোন জনগোষ্ঠী সবই ছিল অজানা। বিচ্ছিন্ন ভৌগোলিক সীমাবদ্ধতার মধ্যে মানুষের ইতিহাস গড়ে উঠেছিল। প্রাচীন পৃথিবীতে মানুষের ভৌগোলিক কল্পনার যুগ পরিিয়ে মধ্যযুগে ভৌগোলিক আবিষ্কার পর্ব শুরু হয়। ভৌগোলিক পথরেখা স্পষ্ট হতে শুরু করে এই সময় থেকেই। এই সময়ে শুরু হয়েছিল মানচিত্র রচনার ইতিহাস। এই মানচিত্রে পথরেখায় কেউ বেরিয়েছেন রাজাদের পৃষ্ঠপোষকতায় বাণিজ্য তরী নিয়ে। উত্তাল সমুদ্র পেরিয়ে রাতের পর রাত কোনো দ্বীপ মহাদেশ আবিষ্কারের নেশায়। কোনো রািজ্ঞার শেবে অর্থ, লোকবল, পালতোলা জাহাজ দিয়ে হয়ত সাহায্য করেছিল, কিন্তু সমুদ্রযাত্রী নাবিক পর্যটকদের দুঃসাহসিক অভিযান আমাদের বিস্মিত করে। ও পরিবেশিক বাণিজ্যের বিস্তারই ছিল এইসব অভিযানের মূল উৎস। আমাদের উপমহাদেশের বাণিজ্যের ঘাটে ঘাটে এই নাবিকরা পা রেখেছেন শতাব্দীর পর শতাব্দী। ৩০২ খ্রিস্টপূর্বাব্দে চন্দ্রগুপ্ত মৌর্যের রাজত্বকালে খ্রিস থেকে এসেছিলেন মেগাস্থিনিস। ৩০০ খ্রিস্টপূর্বাব্দে বিন্দুসারের আমলে দেইমাকস, দক্ষিণ ভারতে ১২৯২ খ্রিস্টাব্দে মার্কোপোলো, ১৬১৫ খ্রিস্টাব্দে জাহাঙ্গীরের দরবারে স্যার থমাস রো, সপ্তদশ শতকের শেষে চতুর্দশ শতাব্দীর শেষে বাহমনি সূতলানি আমলে এসেছিলেন রাশিয়ার আফানসি নিকিভিন। বিজয়নগর সাম্রাজ্যের যুগে দ্বিতীয় দেবরায়ের রাজত্বে এসেছিলেন পেরাসের আন্দুর রাজক। আবার এই পর্যটকদের যুগেই আরও অনেক মানুষ অজেনে যীরা জ্ঞান সভ্যতার আলো খুজতে বেরিয়ে পড়েছিলেন। মরুভূমি গিরিপথ দুর্গম বনভূমি পেরিয়ে তাদের এক কঠিন পদাড়া। তারা সভ্যতার সন্ধানী পরিব্রাজক। পশ্চিম এশিয়া, মধ্য এশিয়া ও পূর্ব এশিয়ার সংস্কৃতির মেলবন্ধনও ঘটিয়েছিলেন এইসব পরিব্রাজকরা। হাজার হাজার মাইল পায়ে হাটা এই অক্লান্ত পথিকেরা হয়ত সেবা সাহায্য পেয়েছেন। পেয়েছেন খাদ্য, আশ্রয়। অনেকে পেয়েছেন রাজার আতিথেয়তা। তাঁরা যেমন অন্য

দেশ ও সমাজের ঐতিহ্য, ধর্মাদর্শ, সংস্কৃতির সন্ধান করেছেন আবার তেমন তাদের স্মৃতিতে মরণের ধারণা করে নিজের দেশের সংস্কৃতির বন্ধনে বেঁধেছেন। এ প্রয়াস সে যুগে এক অসাধ্যসাধনের কাজ। পৃথিবী, মানুষ, জ্ঞান ও সভ্যতার প্রতি গভীর মমত্ব না থাকলে কোনো মানুষ সভ্যতার এমন ব্যাবাহক হয়ে উঠতে পারে না। সুপ্রাচীন সভ্যতার আমাদের এই ভারতীয় উপমহাদেশও সমাজসংস্কৃতিকে সমৃদ্ধ করেছে। মহাদেশের নানাপ্রান্তের আলো এসে পৌঁছেছে এদেশ থেকে অন্য দেশে। বাণিজ্য রণতরী যখন মহাসাগর পেরিয়ে পৃথিবীর অনাবিস্কৃত নতুন পরিচয়কে প্রাচীন বিদ্যে সাংস্কৃতির আন্তর্জাতিকতাবাদের সূচনাও ঘটেছিল এইভাবে। বহু খ্রিস্টপূর্বাব্দে র্যোডশ মহাসাগর বৌদ্ধধর্মকে প্রতিষ্ঠা দিয়েছিল। এর পর এল মৌর্য সাম্রাজ্যের যুগ, এল কুষাণ সাম্রাজ্য। ৩২৪ খ্রিস্টপূর্বাব্দে চন্দ্রগুপ্ত মৌর্যের সিংহাসনে অধিষ্ঠিত হওয়ার সময় থেকে কুষাণ যুগের শেষ পর্ব ৩৭৫ খ্রিস্টাব্দ অবধি এদেশের সমাজে বৌদ্ধ ধর্মটি বিস্তার লাভ করেছিল। সম্রাট অশোকের সময়ে বৌদ্ধ মতবাদ ভারতের সীমা অতিক্রম করেছিল। কুষাণ যুগে কবিদের আমল থেকে শুরু হয়েছিল বৌদ্ধ সঙ্গীতি। সুদূর প্রাচ্যের ধর্মপণ্ডিত ব্যাখ্যাকারদের নিয়ে এ এক মহাসম্মেলন। রাজধানী পুরুষপুরে তখন বয়ে যেত পূর্ব গোলাধের জ্ঞানী মানুষের ধর্মব্যাখ্যার গভীর প্রচলন। তার ব্যাখ্যা পৌঁছতে গৌরি টাকনামাকান মরুভূমি পেরিয়ে চিন, জাপান, পরার দ্বীপের দেশে। এই জ্ঞান ও ধর্মাসম্মেলনের প্রক্ষিপ্তে আর একটি কথা আসে। ব্রাহ্মণধর্মের মায়ুক থেকে বেরিয়ে এসে বৌদ্ধধর্মের বর্ণবাদহীন মানবিক চিন্তার প্রসার ঘটেছিল সহজভাবে। তাই বৌদ্ধশাস্ত্রে গৌতম বুদ্ধের এতিহাসিকতার প্রমাণ পাওয়া অনেক কঠিন হয়ে পড়ে। বৌদ্ধধর্মের মধ্যে যে ক্রমাগত রূপান্তরের ইতিহাস রয়েছে তাতে পুরাকথার এত আধিক্য ছেয়ে আছে, সেখানে মানুষ বুদ্ধবন্দকে খুঁজতে পেতে

শ্রাবস্তী হয়ে কপিলাবস্ততে এসে বৌদ্ধ জন্মভূমি দর্শন করেন। সেখান থেকে এসে যখন মহানির্বাণ স্থান কুশিনগর পর্যন্ত বারাণসী, সারনাথ থেকে গঙ্গার পথে ধরে আসেন বৈশালী, পাটনা। গয়ায় এসে দর্শন করেন পবিত্র বোধিবৃক্ষ। রাজগৃহ থেকে নালদায় নানান শাস্ত্র অধ্যয়ন করেন তার অনুবাদ করেন। রচনা করেন ধরে বিখ্যাত ভ্রমণ বিবরণী ‘সি-ইউ-কি’। ৬৩০ থেকে ৬৪৮ খ্রিস্টাব্দ অবধি দীর্ঘ আঠারো বছর ধরে সৃষ্টি করে চলেম ধর্ম সংস্কৃতির ব্যাখ্যা। ভ্রমণ বিবরণী ‘সি-ইউ-কি’। ৬৩০ থেকে ৬৪৮ খ্রিস্টাব্দ অবধি দীর্ঘ আঠারো বছর ধরে সৃষ্টি করে চলেম ধর্ম সংস্কৃতির ব্যাখ্যা। ভ্রমণ বিবরণী ‘সি-ইউ-কি’। ৬৩০ থেকে ৬৪৮ খ্রিস্টাব্দ অবধি দীর্ঘ আঠারো বছর ধরে সৃষ্টি করে চলেম ধর্ম সংস্কৃতির ব্যাখ্যা। ভারতের সমাজ অর্থনীতির পরিচয়কে তিনি প্রায় কাশে করে বয়ে নিয়ে গিয়েছিলেন চিন দেশের অমান্য করে গোপনে ভারতে আসা এই মনীষী পরিব্রাজক উপাধি করেছিলেন চিনের রাজসভায়। ভাষা, সেখানকার সমাজ সভ্যতার পরিচয়কে। ৬৬৪ খ্রিস্টাব্দে হিউয়েন সাঙের মৃত্যুর আগে অবধি তার পরিব্রাজক জীবনের অভিজ্ঞতা দিয়ে যেন দু’দেশের মানুষের হৃদয়ের আদানপ্রদান ঘটিয়েছিলেন। হিউয়েন সাঙকে তাই মহান পথিকের অন্যতম শ্রেষ্ঠ পরিব্রাজক বলা হয়। এদেশের বৌদ্ধবিহার, সন্ন্যাসীদের জীবনযাপন তার লেখায় তুলে ধরেছেন। ফা-হিয়েন যেমন বৌদ্ধ ধর্মপন্থের অনুলিপি সংগ্রহা ছবি। সুদূর চিন দেশ থেকে এসে ফা-হিয়েন গুপ্ত বৌদ্ধ ধর্মের অনুসন্ধান ও চর্চা করেনি। তিনি ভারতীয় সমাজ সংস্কৃতিতে নিজের মধ্যে আত্মস্থ গিয়েছিলেন নিজের মাতৃভূমিতে। মেলাতে চেয়েছিলেন তাদের সংস্কৃতির বৌদ্ধশাস্ত্রগ্রহের অনুবাদ করা হয়। ৪০০ বছরের এই দীর্ঘসময়ে ভারত থেকে চিনে আসা পণ্ডিতরাই এই অনুবাদের কাজ করে গিয়েছিলেন। এদের মধ্যে ছিলেন ধর্মমিত্র, কুমারজীব, সংঘদেব, গণবর্মা ও অমাত্যবজ প্রমুখ পণ্ডিতরা। এইভাবে ৪০০ বছর ধরে চিন ও ভারতের ধর্ম, দর্শন, ভাষা, নীতিবোধ ছাড়াও দূরদূরান্তের বহু জ্ঞানপদের ইতিহাস, ভূগোল এবং সামাজিক আচার রিচারের সমাক ধারণার ভাব বিনিময় হয়েছিল। গুপ্ত সম্রাট দ্বিতীয় চন্দ্রগুপ্তের রাজত্বকালে পরিব্রাজক ফা-হিয়েন ভারতে আসেন। তার ভারত পর্যটনের মূল উদ্দেশ্য ছিল বৌদ্ধ

(গৌতম-৩: ৩৫৫সম্মান)

# ঘেরাও মুক্ত শিব ভক্ত কর্ম সচিব তবুও অফিসেই রয়েছে তিনি

বোলপুর, ১ মার্চ (হি.স.) : শিবরাত্রির ভোরের শিব নাম করতে করতে ঘেরাও মুক্ত হওয়ার চেষ্টা ব্যর্থ হল “শিবভক্ত” বিশ্বভারতীর কর্মসচিবের। পরে দুপুরে ২৪ ঘণ্টা পর ঘেরাও মুক্ত বিশ্বভারতীর কর্মসচিব তবুও নিরাপত্তাহীনতার অভিযোগে তুলে কর্মসচিব অফিসের বাইরে বের হননি। তবে আন্দোলন চলবে, জানালো পড়ুয়ারা।

কেন্দ্রীয় কার্যালয়ে চলছে ছাত্রছাত্রীদের আন্দোলন। “শিবভক্ত” বিশ্বভারতী কর্মসচিব আশিষ আগরওয়াল। আজ শিবরাত্রি। তাই তিনি শিবের পূজো দিতে চান আর তাকে ছাড়তে নারাজ বিশ্ববিদ্যালয়ের পড়ুয়ারা। ঘটনার সূত্রপাত, মঙ্গলবার ভোর ৪.৪৫মিনিট নাগাদ। কর্মসচিব নাম শিবায়ন নম - বলতে বলতে নিজের অফিস ঘর থেকে বেরোতে যান। ছাত্ররাও অফিস ঘরের মাটিতে শুয়ে পেরে। পাশ্চাত্য তৎক্ষণাৎ মাটিতে শুয়ে গড়াগড়ি দিতে থাকেন কর্মসচিব ও। ঘেরাও এড়িয়ে বেজিস্ট্রার হামাওড়ি দিয়ে বেরনোর চেষ্টা করলে তাঁর সঙ্গে পড়ুয়াদের ধর্ষণাঙ্কিত চরম আকার নেয়। ছুটে আসেন নিরাপত্তারক্ষীরা। পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। ছাত্রছাত্রীরা জানিয়ে দেয় তাদের দাবী না মানলে এই ঘেরাও চলবে। আপনি বেরোতে

পারবেন না। ছাত্রদের দাবি, তখন রেজিস্ট্রার বলে ওঠেন, তিনি পাঁচটা নাগাদ শিবরাত্রি উপলক্ষে শিবের মাথায় জল ঢালতে যাবেন। ছাত্র-ছাত্রীদের আগের উপর দিয়ে যাবেন না বলে তিনি হামাওড়ি দিয়েও যাওয়ার চেষ্টা করলেও তাঁকে আটকে দেওয়া হয়। আন্দোলনরত পড়ুয়াদের বিরুদ্ধে ধর্মাচরণে বাধা দেওয়ার অভিযোগেও আনেন তিনি যদিও এই অভিযোগ সম্পূর্ণ উড়িয়ে দিয়েছেন আন্দোলনরত ছাত্রী মীনাঙ্কী ভট্টাচার্য। তিনি বলেন, “আমরা কখনোই কারো ধর্মাচরণে বাধা দিইনা। আমরাই ওনাকে বলেছিলাম যে ওনার ধর্মাচরণের জন্য প্রয়োজনীয় সব সামগ্রী এনে দিচ্ছি। তিনি এখানে বসেই শুদ্ধাচারে তার ধর্মাচরণ পালন করুন। কিন্তু তিনি নাটক শুরু করে দেন।”

করোনা সংক্রমণ কমে যাওয়ার পর খুলেছে বিশ্বভারতীও। পঠনপাঠন স্বাভাবিক হলেও খোলেন বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের হস্টেল। তাতেই প্রবল সমস্যায় পড়েছেন পড়ুয়ারা। হস্টেল খোলা, অনলাইনে পরীক্ষা নেওয়া এবং মাধ্যমিক - উচ্চ মাধ্যমিক পেছনে রাখার দাবিতে ক্যাম্পাস স্ক্রু করা ডাক আগেই দিয়েছিলেন পড়ুয়ারা। সেই ঈশিয়ারি মত সোমবার সকাল থেকেই ক্যাম্পাসের রাস্তায়

নেমে পড়ে ছাত্র ছাত্রীরা। বিশ্ববিদ্যালয়ের কলাভবন, সঙ্গীতভবন, পাঠভবন, শিক্ষাভবন-সহ সমস্ত বিভাগের পঠনপাঠন বন্ধ করে দেন আন্দোলনকারী পড়ুয়ারা। প্রতিবাদ মিছিল করে তারা সেন্ট্রাল অফিসে ঢুকে বিশ্বভারতীর কর্মসচিব আশিষ আগরওয়ালকে তাঁর দফতরে ঘেরাও করে বিক্ষোভ দেখাতে শুরু করেন। সারা রাত্রির ঘেরাও করে রাখা হয় তাঁকে। ভারপ্রাপ্ত জনসংযোগ আধিকারিক অতীগ ঘোষ, সম্পত্তি আধিকারিক অশোক মাহাতোকে ঘেরাও করে রাখা হয় ২৪ ঘণ্টার বেশি সময় ধরে। অন্যদিকে ছাত্র আন্দোলনের অসন্তোষ ছড়িয়ে পড়ে বিশ্বভারতীর অধ্যাপকদের মধ্যেও। এদিন হটাত করেই কেন্দ্রীয় কার্যালয় থেকে বিশ্বভারতীর অধ্যাপকদের জরুরি বৈঠকের জন্য ডাকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সেই নির্দেশ মত অধ্যাপকরা অফিসের সামনে এসে উপস্থিত হলেন ছাত্র আন্দোলনের জেরে তারা ভেতরে ঢুকতে পারে নি ফলে ঘণ্টার পর ঘণ্টা সেন্ট্রাল অফিসের সামনে দাঁড়িয়ে থাকতে হয়। এই দীর্ঘ সময় ধরে অপেক্ষা করলেও বিশ্বভারতী কর্তৃপক্ষের কোনও সাড়া না পাওয়ায় ক্ষুব্ধ অধ্যাপক কর্মী দের একাংশ। কেন তাদের

ঘণ্টার পর ঘণ্টা দাঁড় করিয়ে রাখা হয়েছে— এই প্রশ্ন তুলে ক্ষোভ প্রকাশ করতে দেখা যায় বিশ্বভারতীর এক অধ্যাপককেও।

মঙ্গলবার দুপুরে দিকে প্রায় ২৪ ঘণ্টা পর ঘেরাও মুক্ত হন বিশ্বভারতীর কর্মসচিব আশিষ আগরওয়াল, ভারপ্রাপ্ত জনসংযোগ আধিকারিক অতীগ ঘোষ, সম্পত্তি আধিকারিক অশোক মাহাতো। আন্দোলনকারী পড়ুয়াদের তরফে আধিকারিকদের স্পষ্ট জানিয়ে দেওয়া হয় তাঁরা আর ঘেরাও হয়ে নেই। আন্দোলনকারী পড়ুয়াদের হওয়ার পরও কর্মসচিব তাঁর দফতর থেকে বাইরে আসেননি। সন্ধ্যা পর্যন্ত তিনি তার দফতরেই বসে আছেন। কারণ হিসেবে সংবাদমাধ্যমকে “নিরাপত্তাহীনতা” কথা বলেন কর্মসচিব। তিনি বলেন কেন্দ্রীয় দফতরের মধ্যেই প্রচুর আন্দোলনরত পড়ুয়া জড়ো হয়ে রয়েছে, সেই ‘আতঙ্কে’ ‘নিরাপত্তাহীনতার’ জন্য তিনি বাইরে বের হচ্ছেন না।

# আইসিসি র্যাঙ্কিংয়ে জায়গা ধরে রাখলেন মিতালি-ঝুলন

নয়াদিল্লি, ১ মার্চ (হি.স.): সদা প্রকাশিত আইসিসি র্যাঙ্কিংয়ে ব্যাটসম্যানদের তালিকায় জায়গা ধরে রাখলেন ভারতীয় দলের ক্যাপ্টেন মিতালি রাজ।

ব্যাটসম্যানদের সর্বশ্রেষ্ঠ র্যাঙ্কিংয়ে দ্বিতীয় স্থানে রয়েছেন। তিনি নিজের জায়গা ধরে রেখেছেন। নিউজিল্যান্ডের বিরুদ্ধে ফর্মে ফিরেছিলেন হরমণপ্রীত। এই ইনিংসে ভারতকে জয় এনে দিয়ে নিউজিল্যান্ডকে “ক্লিন সুইপ” করতে দেননি তিনি। সেরা ব্যাটারদের তালিকায় মিতালি রাজ ১২তম স্থানে রয়েছেন। অলরাউন্ডার দীপ্তি শর্মা একধাপ এগিয়ে গেলেন ভারতের দ্বিতীয় ও সর্বশ্রেষ্ঠ র্যাঙ্কিংয়ে রয়েছেন। অলরাউন্ডার দীপ্তি শর্মা একধাপ এগিয়ে গেলেন ভারতের দ্বিতীয় ও সর্বশ্রেষ্ঠ র্যাঙ্কিংয়ে রয়েছেন। অলরাউন্ডারদের র্যাঙ্কিংয়ে এক ধাপ পিছিয়ে পঞ্চম স্থানে রয়েছেন তিনি। বোলারদের

মহিলাদের ওয়ানডে ব্যাটসম্যানদের সর্বশ্রেষ্ঠ র্যাঙ্কিংয়ে দ্বিতীয় স্থানে রয়েছেন। তিনি নিজের জায়গা ধরে রেখেছেন। নিউজিল্যান্ডের বিরুদ্ধে ফর্মে ফিরেছিলেন হরমণপ্রীত। এই ইনিংসে ভারতকে জয় এনে দিয়ে নিউজিল্যান্ডকে “ক্লিন সুইপ” করতে দেননি তিনি। সেরা ব্যাটারদের তালিকায় মিতালি রাজ ১২তম স্থানে রয়েছেন। অলরাউন্ডার দীপ্তি শর্মা একধাপ এগিয়ে গেলেন ভারতের দ্বিতীয় ও সর্বশ্রেষ্ঠ র্যাঙ্কিংয়ে রয়েছেন। অলরাউন্ডারদের র্যাঙ্কিংয়ে এক ধাপ পিছিয়ে পঞ্চম স্থানে রয়েছেন তিনি। বোলারদের

র্যাঙ্কিংয়ে, ঝুলন গোস্বামীই একমাত্র ভারতীয় যিনি শীর্ষ দশে রয়েছেন। আইসিসি সেরা বোলারদের তালিকার চার নম্বর স্থানে রয়েছেন ঝুলন। ঝুলন গোস্বামীর পয়েন্ট ৬৯৫। আইসিসির মহিলাদের একদিনের ক্রিকেটের র্যাঙ্কিংয়ে অস্ট্রেলিয়ার জয় জয়কার। শীর্ষে বিভাগেই তালিকার তালিকার ১২তম স্থানে রয়েছেন অজি ক্রিকেটাররা। ব্যাটিং-এ ৭৪৯ পয়েন্ট নিয়ে শীর্ষে রয়েছেন অ্যালিসা হিগ্গিন্স। জেস জনসেন রয়েছেন বোলারদের শীর্ষে। তার পয়েন্ট ৭৬২। এলিসে পেরি রয়েছেন অলরাউন্ডারদের শীর্ষে। তার পয়েন্ট ৪৩৮।

# শিবদৌলে শিবরাত্রি মহোৎসবে পুণ্যার্থীর ভিড়

## পুজো দিলেন অসমের ডিজিপি ভাস্করজ্যোতি

শিবসাগর (অসম), ১ মার্চ (হি.স.): আহোম রাজত্বের প্রাচীর পরম্পরা অক্ষুণ্ন রেখে শিবসাগরের শিবদৌলে শিবরাত্রি উপলক্ষে মহোৎসবের আয়োজন করেছে পরিচালন সমিতি। গত দু-বছর করোনার কাঁটার শিবরাত্রি উৎসবে ভাটা পড়েছিল। এবার পরিস্থিতি সামান্য উন্নত হওয়ায় আজ সকাল থেকে গোটা দিন অসংখ্য পুণ্যার্থীরা চলে নেমেছিল শিবদৌলে। অন্য বছরের মতো এবারও আমেরিকা, জাপান-সহ কয়েকটি দেশের পর্যটক এসেছেন শিবরাত্রি মহোৎসবে পুণ্যার্জন করতে।

এছাড়া শিবসাগর জেলা সহ অসমের বিভিন্ন প্রান্ত থেকে মহিলারা এসে আজ সারাদিন নিজলা উপবাস করে শিবের আরাধনা করেছেন। এতে শামিল হয়েছিলেন রাজ্যের পুলিশ-প্রধান ভাস্করজ্যোতি মহন্তও স্বর্গদেও শিব সিংহের মহারানি শ্রীপদীর খনন করা দিঘির পাড়ে অবস্থিত উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে সর্ববৃহৎ এবং উঁচু শিবদৌলে অনুষ্ঠিত শিবরাত্রি তথা মেলা এবারও সমন্বয় স্থলে পরিণত হয়েছে। শিবরাত্রি উপলক্ষে পুজো ও মেলায় আহোম যুগের ৫৫১-এর

বেশি অক্ষত ভাস্কর্য ও স্থাপত্য পথচক্রের আকর্ষিত করেছে। চতুর্দশী তিথি শুরু হয়েছে আজ ১ মার্চ মঙ্গলবার ভোররাত ৩-টে ১৬ মিনিটে। সমাপ্ত হবে ২ মার্চ, আগামীকাল বুধবার সকাল ১০টা। তাই মহা শিবরাত্রির দিনে পুজো করার শুভ সময় বোলা ১২টা ১০ মিনিট থেকে ১২টা ৫৭ মিনিটের মধ্যে শিবলিপ্তে গঙ্গাজল, দুধ, বেলপাতা, ফুল দিয়ে পুজা করেছেন ভক্তবৃন্দ। শিবলিপ্তের সামনে নিবেদন করেছেন বাটা ভাং মেশানো দুধও।

# পোস্তায় স্বর্ণব্যবসায়ী খুনের কিনারা আগ্রা থেকে ধৃত ও অভিযুক্ত

কলকাতা, ১ মার্চ (হি.স.): কলকাতার পোস্তা এলাকায় স্বর্ণব্যবসায়ীকে খুনের কিনারা করল পুলিশ। উত্তর প্রদেশের আগ্রা থেকে থেফতার করা হয়েছে তিনি অভিযুক্তকে।

ধৃতদের নাম-রূপকিশোর, সূশীল কুমার এবং কর্ণ বর্মা। অভিযুক্তদের কাছে থেকে ২ কোটি টাকা মূল্যের সোনা উদ্ধার করা হয়েছে। অভিযুক্তদের ইতিমধ্যেই কলকাতায় ফিরিয়ে আনার প্রক্রিয়া শুরু হয়েছে হাত পা বাঁধা অবস্থায় ঘরের ভিতরে গদিতের পড়ে ছিলেন ওই স্বর্ণব্যবসায়ী। পোস্তার একটি দোতলা বাড়ির একতলার ঘর থেকে তাঁর দেহ উদ্ধার হয়। মৃতের

নাম দিলীপকুমার গুপ্তা (৬১)। রবিবার দুপুরে এক কর্মচারী তাঁকে হাত পা অবস্থায় ঘরের ভিতরে গদিতের অঁচতলা অবস্থায় মুখ ধোওয়া করতে দেখেন। তিনি তখন পরিবারের সদস্যদের খবর দেন। খবর পেয়ে ঘটনাস্থলে যায় পোস্তা থানার পুলিশ। ময়না-তদন্তের প্রাথমিক রিপোর্ট অনুযায়ী, তাঁর মাথার পিছন দিকে ভারী কিছু দিয়ে আঘাতের চিহ্ন ছিল। মূখের দু'দিকে ক্ষতচিহ্ন ছিল। গলায় চাপ দিয়ে শ্বাসরোধ করার চিহ্নও মেলে। ওই দোকান ও আশপাশের এলাকার সিসি ক্যামেরার ফুটেও খতিয়ে দেখে তিন জন সন্দেহভাজনকে চিহ্নিত

করে পুলিশ। তাদের মধ্যে এক জন দিলীপের দোকানের প্রাক্তন কর্মী বলেও পুলিশ সন্দেহ করে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, তাঁর জামাইয়ের সঙ্গে মিলে মিলে আগে সোনার ব্যবসা শুরু করেছিলেন দিলীপ। ব্যবসার কাজে আগে বেঙ্গালুরুতে থাকলেও বর্তমানে কলকাতার আলিপুরে থাকতেন তিনি। ঘটনার পর তদন্তে নেমে উত্তর প্রদেশ পুলিশের কাছে সাহায্য চায় কলকাতা পুলিশ। এর পরই কলকাতা এবং উত্তরপ্রদেশ পুলিশের যৌথ উদ্যোগে আগ্রা থেকে এই তিন অভিযুক্তকে গ্রেফতার করা হয়।

# সুস্থ হয়ে বাড়ি ফিরলেন ‘কাঁচা বাদাম’ গান খ্যাত ভুবন বাদ্যকর

বীরভূম, ১ মার্চ (হি.স.): আঘাত খুব বেশি নয়, তাই হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হল ‘কাঁচা বাদাম’ গান খ্যাত ভুবন বাদ্যকরকে। সোমবার সন্ধ্যায় গাড়ি চালাতে গিয়ে দুর্ঘটনার কবলে পড়েন তিনি। তার পর তাঁকে ভর্তি করানো হয় সিউড়ি হাসপাতালে। সিউড়ি হাসপাতাল থেকে বর্তমান মেডিক্যাল কলেজ হাসপাতালে স্থানান্তরিত করা হয় ভুবনবাব, এনটিই জানা গিয়েছে। মঙ্গলবার সকালে ভুবন বাবু নিজেই চিকিৎসকদের কাছে বাড়ি যাওয়ার অনুমতি নিয়ে বাড়ি ফেরেন বলে জানিয়েছেন। তিনি বলেন, ‘সকালে অনেকটা সুস্থ বোধ



পৌনে দশটা নাগাদ আমি বাড়ি পৌঁছেছি। তবে কিভাবে তার এই দুর্ঘটনা ঘটেছে সেই নিয়ে এদিন তিনি কোনও মন্তব্য করতে চাননি। এই ঘটনার পর থেকেই তাঁর ঘনিষ্ঠ মহল সূত্রে জানা যাচ্ছিল, তিনি একটি পুরনো চারচাকা গাড়ি কিনে তা চালানো শেখার চেষ্টা করছিলেন। সেই সময় এই দুর্ঘটনা ঘটেছে। আবার তাঁর পরিবারের গ্রেফতারের দাবি তুলেই উত্তপ্ত হয়ে যায় কলেজ স্ট্রিট। এদিন বাম ছাত্র নেতারা কলেজ স্ট্রিটে রাস্তা বন্ধ রেখে বিক্ষোভে সামিল হন। বামেদের বিক্ষোভে বেশ কিছু ক্ষণ অবরুদ্ধ হয়ে যান চলাচল। উল্লেখ্য, বেশ কয়েকদিন পেরিয়ে গেলেও হাওড়া ছাত্রনেতা আনিস খানের মৃত্যুতে শান্ত হয়নি পরিস্থিতি। প্রতিদিনই উত্তপ্ত হচ্ছে আমতা। আলিয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্রনেতা আনিস খানের মৃত্যুর পর থেকেই চলছে একাধিক বিক্ষোভ, প্রতিবাদ। হাওড়া আমতার বাসিন্দা ছাত্রনেতা আনিস খানের বাড়িতে পুলিশের পোশাক পরা ছাত্রবেশি দুকুতী এসে তাকে খুন করে। তাঁর বাড়িতে ঢুক ছাত্র থেকে গেলে সেই উদ্ধারের পর ময়নাতদন্তে পাঠানো হয়েছে। দুজনের মৃত্যুর কারণ খতিয়ে দেখাচ্ছে পুলিশ। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, মা মনসিক এই কদিন নিজে

# বিধবস্ত ইউক্রেনের পাশে দাঁড়ালেন টেনিস তারকা এলিনা সোয়াইতোলিনা

কিয়েভ, ১ মার্চ (হি.স.): রাশিয়ার সেনা অভিযানে বিধবস্ত ইউক্রেন। দেশের দুর্দিনে নিজের মত করে মানবিকতা দেখাচ্ছেন ইউক্রেনের টেনিস তারকা এলিনা সোয়াইতোলিনা। তিনি ঘোষণা করেছেন প্রতিযোগিতা খেলেই পুরস্কার অর্থ পাবেন, তা দেবেন দেশের সেনাবাহিনী এবং

যুদ্ধ-বিধবস্ত মানুষের সহায়তায়। বঙ্গ আত্মসমর্পণের বিরুদ্ধে জীভা দুনিয়ার প্রতিবাদ এবং ইউক্রেনের প্রতি সমর্থনের ধর্নি ক্রমশ জোরালো হচ্ছে। লিভারপুলের মালেকোর যুগেন রুপ তোপ দেগেছেন পুতিনকে। বলে দিয়েছেন, “একটা বাজে লোকের জন্য এই যুদ্ধটা হচ্ছে। রাশিয়া এবং

ইউক্রেন দু’দেশের কেউ যুদ্ধ চায় না।” সোমবার রাতেই ফিফা ও উয়েফা রাশিয়াকে ফুটবল থেকে নির্বাসিত করার সিদ্ধান্ত ঘোষণা করেছে। এর ফলে কাতার বিশ্বকাপ তো বটেই, চ্যাম্পিয়ন্স লিগেও খেলতে পারবে না রাশিয়ার কোনও ক্লাব। তার মধ্যেই মানবিকতার উদাহরণ সৃষ্টি করছেন

খেলোয়াড়েরা। ইউক্রেনের টেনিস তারকা এলিনা সোয়াইতোলিনা যেমন ঘোষণা করলেন, টেনিস প্রতিযোগিতা খেলে যে পুরস্কার অর্থ পাবেন, তা দেবেন দেশের সেনাবাহিনী এবং যুদ্ধ-বিধবস্ত মানুষের সহায়তায়। ইউক্রেনকে প্রয়োজনে। ইউক্রেনকে আক্রান্ত হতে দেখে শক্তি হানি।

# জিএসটি কনসালটেন্সির নামে কোটি কোটি টাকার জালিয়াতির অভিযোগ

## হাফলঙের এসডি অ্যাসোসিয়েটের অফিসে হানা পুলিশের

হাফলং (অসম), ১ মার্চ (হি.স.): জিএসটি কনসালটেন্সির নামে কোটি কোটি টাকা জালিয়াতি করার অভিযোগে জড়িয়ে পড়েছেন হাফলং শহরের এসডি অ্যাসোসিয়েট নামের এক প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী দেবাশিস সাহা। জিএসটি-র নামে গ্রাহকদের সঙ্গে জালিয়াতি করার অভিযোগ বহু দিন থেকে ছিল দেবাশিস সাহা নামের ওই ব্যক্তির বিরুদ্ধে। সোমবার রাতে হাফলং শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত এসডি অ্যাসোসিয়েটের অফিসে হানা দেয় হাফলং পুলিশ। একাংশ গ্রাহক প্রতারণার ফাঁদে পড়ে দেবাশিসের বিরুদ্ধে পুলিশের দ্বারস্থ হলে

গতকাল রাতে হাফলং থানার ওসি রঞ্জিত শইকিয়া দলবল নিয়ে হানা দেন এসডি অ্যাসোসিয়েটের কার্যালয়ে। সেখানে দেবাশিসকে ম্যারাদন জেরা চালায় হাফলং পুলিশ। খবর পেয়ে প্রতারণার শিকার একাংশ ঠিকাদার ও ব্যবসায়ী সেখানে উপস্থিত হয়ে দেবাশিস সাহা'র সঙ্গে বসায় লিপ্ত হন। এক সময় তাঁরা দেবাশিস সাহা'র প্রতিষ্ঠান ঘেরাও করে পরিবেশ উত্তপ্ত করে তুলেন। অভিযোগ দেবাশিস সাহা ট্যাক্স রিটার্নের নামে গ্রাহকদের কাছ থেকে লক্ষ লক্ষ টাকা নিলেও সেই টাকা সরকারের খাতায় জমা পড়েনি। হাফলং শহরের জনৈক

ঠিকাদারের কাছ থেকে ট্যাক্স রিটার্নের নামে ১৫ লক্ষ টাকা নিয়ে সেই টাকা সরকারের খাতায় জমা করেননি দেবাশিস সাহা। এদিকে জিএসটি রিটার্নের নামে গ্রাহকদের কাছ থেকে তিনি কোনও টাকা নেন না বলে পুলিশের জেরায় দাবি করেন দেবাশিস। কিন্তু কারো যদি জিএসটি দুই লক্ষ টাকা হয়, তা-হলে তিনি এক লক্ষ টাকা নিয়ে তা রফা করে দেন বলে স্বীকার করেন। এভাবেই জিএসটির নামে গ্রাহকদের কাছ থেকে কোটি কোটি টাকা সংগ্রহ করে এ সব গ্রাহকের নামে কোনও ফাইল তৈরি না করে সরকারের ট্যাক্স

ফাঁকি দেওয়ার কাজ করে যাচ্ছেন দেবাশিস সাহা। এদিকে দেবাশিস সাহা জিএসটি কনসালটেন্সি খুলে পুসার কোনও বৈধ নথিপত্র পুলিশকে দেখাতে সক্ষম হননি। কোনও ধরনের সরকারি অনুমতি ছাড়াই দেবাশিস সাহা হাফলং শহরের বৃক জিএসটির নামে ব্যবসা চালিয়ে যাচ্ছেন অভিযোগ, এ ধরনের জালিয়াতি করে দেবাশিস সাহা নামের ব্যক্তি নিজের নামে পাহাড়-প্রমাণ সম্পত্তি গুপ্তেছেন। বর্তমানে হাফলং পুলিশ দেবাশিস সাহাকে আটকে রেখে থানায় জেরা অব্যাহত রেখেছে বলে রঞ্জিত শইকিয়া জানিয়েছেন।

# পুর নির্বাচন : হাইলাকান্দির ১৫ নম্বরে সন্মুখ সমরে কল্যাণ-বিশ্বজিৎ

হাইলাকান্দি (অসম), ১ মার্চ (হি.স.): এবারের পুরভোটে প্রতিদ্বন্দ্বিতায় নেমেছেন এক প্রাক্তন সেনাকর্মী। হাইলাকান্দি শহরের ১৫ নম্বর ওয়ার্ডে বিজেপির হেডিংয়েই প্রার্থী কল্যাণ গোস্বামীর বিপক্ষে নির্দল প্রার্থী হিসেবে মনোনয়ন পত্র জমা দিয়েছেন প্রাক্তন সৈনিক বিশ্বজিৎ দেব। পেশায় প্রথম শ্রেণির ঠিকাদার কল্যাণ গোস্বামীকে (সাপু) কড়া টক্কর দিতে প্রচার চালিয়ে যাচ্ছেন বিশ্বজিৎ দেব।

শহরের পশ্চিম এলাকা আশ্রম রোডের বামদিক ও টোল রোডের ডান দিককে নিয়ে গঠিত ১৫ নম্বর ওয়ার্ড। আশ্রম রোড ও টোল

রোডের দুই প্রধান সড়ক, আর এই দুই সড়কের সংযোগী কয়েকটি গলিপথকে নিয়েই ওয়ার্ডটির বিস্তৃতি। ওয়ার্ডটির বর্তমান ভোটারের সংখ্যা ১, ০৭৯। এর মধ্যে পুরুষ ভোটার ৪৬৬ এবং মহিলা ভোটার ৬১৩ জন। এই ওয়ার্ড থেকে এবারের পুর ভোটে প্রতিদ্বন্দ্বিতায় নেমেছেন মাত্র দুজন প্রার্থী। বিজেপি প্রার্থী কল্যাণ গোস্বামী (সাপু) আর নির্দলীয় বিশ্বজিৎ দেব। মূলত বিজেপি-র কল্যাণ গোস্বামী বনাম নির্দল প্রার্থী বিশ্বজিৎ দেবের সরাসরি লড়াই হবে এই ওয়ার্ডে। উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ বিজেপি প্রার্থী কল্যাণ গোস্বামী পেশায়

প্রথম শ্রেণির ঠিকাদার। সাংসদ কৃপানাথ মালাহের অত্যন্ত ঘনিষ্ঠ কল্যাণ গোস্বামী দীর্ঘদিন সাংসদের হাইলাকান্দি জেলার প্রতিনিধি হিসেবে কাজ করেছেন। ২০২১-২০২২ এর বিধানসভা নির্বাচনে তিনি আলগাপুর আসনে দলীয় টিকিট প্রত্যাশী ছিলেন। কিন্তু শেষ মুহূর্তে টিকিটের দৌড় থেকে ছিটকে যান তিনি। অবশেষে এবার পুরভোটে হাইলাকান্দির ১৫ নম্বর ওয়ার্ড থেকে দল তাঁকে প্রার্থিত্ব প্রদান করেছে। এছাড়াও হাইলাকান্দি পুরসভার সম্ভাব্য চেয়ারম্যান প্রত্যাশীদের মধ্যে কল্যাণ গোস্বামীর নাম উচ্চারিত হচ্ছে। এদিকে, বিজেপির

হেডিংয়েই প্রার্থী কল্যাণ গোস্বামীকে টেকা দিতে মাঠে নেমেছেন এক প্রাক্তন সেনা কর্মী। নির্দলীয় প্রার্থী হিসেবে ১৫ নম্বর ওয়ার্ড থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন বিশ্বজিৎ দেব দীর্ঘ ৩০ বছর দেশের সীমান্ত সুরক্ষা বাহিনীতে (বিএসএফ) সৈনিক হিসেবে কর্মরত ছিলেন। ২০১৭ সালে অবসরের পর নিজের ভিটেমাটি হাইলাকান্দিতে ফিরে এসে বিভিন্ন সামাজিক কাজের সঙ্গে নিজেকে জড়িত করেন তিনি। আর নিজের এলাকার বিভিন্ন সমস্যা সমাধানে এবারে পুর ভোটে মনোনয়নপত্র জমা দিয়েছেন কল্যাণ। বর্তমানে দুই প্রার্থীর সমর্থকরা নিজ নিজ মতে প্রচার চালিয়ে যাচ্ছেন।

# ছেলে ও মেয়ের মৃতদেহ আগলে মা, চাঞ্চল্য নিউটাউনে

কলকাতা, ১ মার্চ (হি.স.): নিউটাউনের সিডি ব্লকের একটি ফ্ল্যাটের ৯তলার ঘরে ছেলে ও মেয়ের মৃতদেহ আগলে বসে একা ফ্ল্যাটবন্দী দিন কাটাচ্ছেন মা। মঙ্গলবার সকালে ঘটনাটি জানাজানি হতেই চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। খবর পেয়ে ঘটনাস্থলে নিউটাউন থানার পুলিশ জানা গেছে, ২০১৯ সাল থেকে ভাড়া থাকতো মা মেয়ে ও ছেলে। এদিন সকালে সাত তলায় গিয়ে সাহায্যের জন্য বলেন।

এরপর প্রতিবেশীরা এসে দেখে ঘর থেকে পা গন্ধ বেরোচ্ছে। তখন পুলিশকে খবর দেয়। পুলিশ এসে দেখে ঘরের মধ্যে খাটে মৃতদেহ পড়ে আছে। হৃদে মৃতদেহের মাঝেই থাকতো মা। মায়ের নাম মালা কুঞ্জ, মেয়ের নাম অনিন্দিতা কুঞ্জ। প্রাথমিকভাবে পুলিশের ঘটনাস্থলে নিউটাউন থানার পুলিশ জানা গেছে, ২০১৯ সাল থেকে ভাড়া থাকতো মা মেয়ে ও ছেলে। এদিন সকালে সাত তলায় গিয়ে সাহায্যের জন্য বলেন।

ছেলে ও মেয়ের মৃতদেহের মাঝখানেই থাকতেন না। আজ প্রতিবেশীরা দুর্গন্ধ পেয়ে পুলিশের খবর দেয়। খবর পেয়ে নিউটাউন থানার পুলিশ এসে দেখে ঘরের মধ্যে খাটের উপর পড়ে রয়েছে জোড়া মৃতদেহ। আর ছেলে ও মেয়ের মৃতদেহ আগলে বসে মা! দেহ উদ্ধারের পর ময়নাতদন্তে পাঠানো হয়েছে। দুজনের মৃত্যুর কারণ খতিয়ে দেখাচ্ছে পুলিশ। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, মা মনসিক এই কদিন নিজে

# তথাগত রায়ের বাড়িতে রাজ্যপাল

কলকাতা, ১ মার্চ (হি.স.): মঙ্গলবার তথাগত রায়ের বাড়িতে গেলেন রাজ্যপাল জগদীপ ধনকজ। নিমন্ত্রণ রক্ষা করতে গিয়ে তিনি বলেন, তথাগত রায়ের বাড়িতে রাজ্যপাল বিধানসভা অধিবেশনের রাজ্য মন্ত্রিসভা-রাজ্যপালের সংঘাতে ইতি পরতে না পড়তেই রাজ্যপালের তলব পেয়ে রাজভবনে যান রাজ্যের মুখ্যসচিব এইচ কে দ্বিবেন্দী। এর পরেই বিজেপি নেতা তথাগত রায়ের আমন্ত্রণে সেখানে মধ্যাহ্নভোজে যোগ দিয়েও রাজ্য সরকারের কর্মসূচতি নিয়ে তোপ দেগে রাজ্যপাল জগদীপ ধনকজ বলেন, “যেভাবে রাজ্য চলছে তাতে আমি ব্যথিত। নিজের সাংবিধানিক অধিকার রক্ষা করা প্রয়োজন বলে মনে করি। এই কর্তব্য করেই যাব।


# ঝাড়গ্রামে পথ দুর্ঘটনায় মৃত্যু ব্যক্তির

ঝাড়গ্রাম, ১ মার্চ (হি.স.): বাজার থেকে বাড়ি ফেরার পথে পথ দুর্ঘটনায় মৃত্যু হল এক ব্যক্তির। মঙ্গলবার দুপুরে এই ঘটনাটি ঘটেছে ঝাড়গ্রাম জেলার গোপীবল্লভপুর থানার খুস্তিক এলাকায়। পুলিশ জানিয়েছে মৃত ওই ব্যক্তির নাম রতীন খামরি (২৫)। বাড়ি পারুলিয়া গ্রামে। এই ঘটনার পর স্থানীয় মানুষজনরা পথ অবরোধ শুরু করেন। বেশ কিছু সময় পথ অবরোধ চলার পর গোপীবল্লভপুর থানার পুলিশ গিয়ে অবরোধকারীদের সাথে কথা বলে অবরোধ তুলে দেন পুলিশ। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন দুপুর বেলা গোপীবল্লভপুর বাজার থেকে শিবরাত্রির করে সাইকেলে করে বাড়ি ফিরছিলেন। সেই সময় গোপীবল্লভপুরের দিকে আসা একটি পিকাপ ভ্যানের সাথে খুস্তিক এলাকায় মুখোমুখি ধাক্কা হয় সাইকেল আরোহীর। পরে স্থানীয় মানুষজনরা ওরুধুর হাতে অবস্থায় রতীন খামরিকে উদ্ধার করে গোপীবল্লভপুর সপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানকার চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। পরে মৃতদেহ ময়নাতদন্তের জন্য ঝাড়গ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালের মর্গে পাঠিয়ে দেন। তবে পুলিশ ঘাতক পিকাপ ভ্যানটিকে আটক করতে পারেননি। ঘাতক পিকআপ ভ্যানের জোঁজু বিভিন্ন জায়গায় তল্লাশি অভিযান শুরু করেছেন।


# কলেজ স্ট্রিটের উত্তেজনায় যানজট

কলকাতা, ১ মার্চ (হি.স.): আনিসকাণ্ডে দোষীদের গ্রেফতারের দাবিতে মঙ্গলবার হুটাই উত্তপ্ত হয়ে ওঠে কলেজ স্ট্রিট। বাম ছাত্র যুবদের মিছিলে উত্তপ্ত হয়ে যায় কলেজ স্ট্রিট। গত কয়েকদিন ধরেই আনিসকাণ্ডে দোষীদের গ্রেফতারের দাবিতে পথে নেমেছে বিক্ষোভকারীরা। তার ব্যতিক্রম নয় মঙ্গলবারও। আনিসকাণ্ডে দোষীদের গ্রেফতারের দাবি তুলেই উত্তপ্ত হয়ে যায় কলেজ স্ট্রিট। এদিন বাম ছাত্র নেতারা কলেজ স্ট্রিটে রাস্তা বন্ধ রেখে বিক্ষোভে সামিল হন। বামেদের বিক্ষোভে বেশ কিছু ক্ষণ অবরুদ্ধ হয়ে যান চলাচল। উল্লেখ্য, বেশ কয়েকদিন পেরিয়ে গেলেও হাওড়া ছাত্রনেতা আনিস খানের মৃত্যুতে শান্ত হয়নি পরিস্থিতি। প্রতিদিনই উত্তপ্ত হচ্ছে আমতা। আলিয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্রনেতা আনিস খানের মৃত্যুর পর থেকেই চলছে একাধিক বিক্ষোভ, প্রতিবাদ। হাওড়া আমতার বাসিন্দা ছাত্রনেতা আনিস খানের বাড়িতে পুলিশের পোশাক পরা ছাত্রবেশি দুকুতী এসে তাকে খুন করে। তাঁর বাড়িতে ঢুক ছাত্র থেকে গেলে সেই উদ্ধারের পর ময়নাতদন্তে পাঠানো হয়েছে। দুজনের মৃত্যুর কারণ খতিয়ে দেখাচ্ছে পুলিশ। প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, মা মনসিক এই কদিন নিজে

# হরেকরকম



# হরেকরকম



# হরেকরকম

## সকালে দুধ চা খেলে শরীরে যে আটটি ক্ষতি ও পরিবর্তন হয়



গানের কথাতে আছে 'এক কাপ চা খাস্তা লেগই সকালটা শুরু' অর্থাৎ আমরা সকাল বেলায় ঘুম থেকে উঠে জল বাদে সর্বপ্রথম যে পানীয়টি গ্রহণ করি সেটি হলো চা। সকালে ঘুম ভাঙার থেকে শুরু করে সারা দিনের ক্রান্তি দূর করা পর্যন্ত চা এর অবদান অনস্বীকার্য। সকালবেলা সন্ধ্যাবেলা এমনকি দুপুরবেলা তেও অনেকে চা পান করে থাকেন। চা স্বাস্থ্যের পক্ষে অত্যন্ত স্বাস্থ্যকর পানীয় কিন্তু কখনো কখনো ক্ষেত্র

মাত্রারিক্ত হয়ে গেলে সেটি ডেকে আনে শরীরের ক্ষতি। ঘুম থেকে ওঠার পর চা না খেয়ে দিনটা কেমন জানি শুরু হয় না। ভালোভাবে যেকোনো কাজের শুরুতেই চা অত্যাবশ্যকীয়। অনেকে আবার চা খাবার প্রতি অ্যাডিকশন হয়ে যায়। অর্থাৎ দিনে মাত্রারিক্ত চা খেয়ে ফেলেন এর পাশাপাশি অফিস টাইমে যারা কাজ করেন দীর্ঘ সময় কাজ করা ফর শরীরের ক্রান্তি আসে সেটি থেকে মুক্তি পাওয়ার জন্য অনেকে চা

পান করেন। কিন্তু আপনি কি জানেন যদি মাত্রারিক্ত চা পান করা হয় তাহলে আপনার শরীরে আসতে পারে চরম ক্ষতি। তাই আপনি যদি দিনে অধিক চা গ্রহণ হয়ে থাকেন তাহলে এখন থেকে সাবধান হওয়া দরকার আপনার। তবে শুধু মাত্র চা নয়, দুধ চা খেলে আপনার ক্ষতি হতে পারে। এক গবেষণায় বলা হচ্ছে যে একজন মানুষ দিনে তিন থেকে চার কাপ চা খেতে পারে। সেটি তার স্বাস্থ্যের

কোন ক্ষতি করে না। কিন্তু এর বেশি অর্থাৎ ৭-৮ কাপ যদি কেউ দুধ চা খায় তাহলে তার শরীরে হতে পারে ব্যাপক ক্ষয়ক্ষতি। সারাদিনে একজন সুস্থ ব্যক্তির ২-৪ কাপের বেশি চা খাওয়া উচিত না। চা পানীয় হিসেবে খুবই স্বাস্থ্যকর। কেননা চাতে ক্যাফেইনের পাশাপাশি ক্যাটেচিন থাকে কিন্তু চায়ের সাথে যদি দুধ মিশানো হয় তবে দুধের কেজিন প্রোটিন আর ক্যাটেচিন রি-অ্যাকশন করে এন্টিঅক্সিডেন্টের গুণ নষ্ট করে দেয়, পাশাপাশি চা-কে এন্ডিকক করে ফেলে। যার কারণে ইনফ্লামেশন হয়। আর চিনি যোগ করলে সেই ক্ষতি আরও বেড়ে যায়। আসুন দেখে নেওয়া যাক যে দুধ চা খেলে কি কি ক্ষতি হতে পারে।

## খুশকি দূর করার কিছু ঘরোয়া টোটকা



চুলের অন্যতম সমস্যা হচ্ছে ড্যান্ড্রাফ বা খুশকি। চুলে খুশকি হলে খুব জ্বালাপোড়া করে এমনকি চুল ওঠা শুরু করে। এই খুশকি দূর করার জন্য অনেকেই ব্র্যান্ডের শ্যাম্পু ব্যবহার করে। হয়তো খুশকি কিছুটা দূর হয় কিন্তু কেমিক্যাল দেওয়া শ্যাম্পু পরবর্তীতে চুলের ক্ষতি করতে পারে। তবে আয়ুর্বেদে রয়েছে এমন কয়েকটি উপকরণ যা পার্শ্বপ্রতিক্রিয়া ছাড়াই আপনার চুলের যত্ন নেয়, ড্যান্ড্রাফের হাত থেকে রেহাই দেয়। ১) নিম

নিমপাতার পাতার একটি পেস্ট তৈরি করুন, একবার্টা দিয়ে এই পেস্ট মিশিয়ে মাথায় লাগান। ১৫ থেকে ২০ মিনিট রেখে দিয়ে ভালো করে ধুয়ে নিন। নিমের অ্যান্টিফাঙ্গাল উপাদান ড্যান্ড্রাফের সঙ্গে দারুণ ভাবে কাজ করে। ২) ডিমের সাদা অংশ ও লেবুর রস একটি ছোট পাত্রে দু'টি ডিমের সাদা অংশ নিয়ে এক চামচ লেবুর রস মেশান। আধ ঘণ্টার জন্য চুলে লাগিয়ে রেখে দিন, তারপর জাতীয় শ্যাম্পু দিয়ে ধুয়ে ফেলুন। ড্যান্ড্রাফ খুব শীঘ্রই অদৃশ্য হয়ে যাবে।

ডিমের সাদা অংশ প্রোটিন সমৃদ্ধ, যা চুলের ভাল স্বাস্থ্যের জন্য অপরিহার্য। ৩) আমলা ভিটামিন সি সমৃদ্ধ আমলা খুশকি প্রতিরোধ করে। আমলা গুঁড়ো করে জলে মিশিয়ে একটি পেস্ট তৈরি করুন। ৮ থেকে ১০টা তুলসী পাতা অল্প করে জল দিয়ে পেস্ট করে আমলার পেস্টের সাথে মেশান। হাত দিয়ে চুলের গোড়ায় লাগান পেস্টটি। প্রায় ৩০ মিনিট রেখে ঠাণ্ডা জলে শ্যাম্পু করে নিন। ৪) মেথি বা মেথি বীজ মেথি দানা উচ্চ প্রোটিন এবং নিকোটিনিক

অ্যাসিডে সমৃদ্ধ যা চুল পড়া এবং ড্যান্ড্রাফ প্রতিরোধে সহায়তা করে, তাছাড়াও চুলের শুষ্কতা, চুল ওঠা এবং চুলের পাতলা হয়ে যাওয়ার সমস্যাও কমায় মেথি। রাতে তিন চামচ মেথি বীজ নিয়ে জলে ভিজিয়ে রাখুন। পরদিন সকালে ব্রেজারের সাহায্যে গুঁড়িয়ে নিন ওই মেথি এবার মেথির এই পেস্টে এক চামচ লেবুর রস মেশান। চুলের গোড়া থেকে ডগা পর্যন্ত এই পেস্ট প্রয়োগ করুন। ৩০ মিনিট পর শ্যাম্পু করে নিন। ৫) আমলা, রিঠা ও শিকাকাই আমলা, রিঠা এবং শিকাকাই ভিটামিন সি সমৃদ্ধ, যা আপনার চুল এবং মাথার জন্য আশ্চর্য উপকারে আসতে পারে। সংক্রমণজনিত জীবাণুগুলি অপসারণ করে আপনার চুলকে পরিষ্কার রাখতে রিঠা অত্যন্ত কার্যকরী। পাঁচ থেকে ছয়টি রিঠা, শিকাকাইয়ের ছয় থেকে সাত টুকরো এবং কয়েকটা আমলা জলে ভিজিয়ে রেখে দিন। সকালে উঠে মিশ্রণটি ফুটিয়ে নিন এবং তারপর মিশ্রণটি ঠাণ্ডা করে নিন। ব্রেজারের সাহায্যে মিশ্রণটি ভালো করে মিশিয়ে ধুয়ে নিন। শ্যাম্পু হিসাবে এই তরল মিশ্রণটি ব্যবহার করুন।

## নতুন প্রজাতির ডায়নোসরের জীবাশ্ম খুঁজে পেলেন বিজ্ঞানীরা

ডায়নোসরের নিয়ে কত তথ্যই না আবিষ্কার হয়েছে বিভিন্ন গবেষণার মাধ্যমে। সম্প্রতি গবেষকরা এক অদ্ভুত প্রজাতির ডায়নোসরের আংশিক মাথার খুলি খুঁজে পেয়েছেন। আর তা পাওয়া গিয়েছে সুদূর আর্জেন্টিনায়। নতুন প্রজাতির এই ডায়নোসর 'আর্মলেস' বা হাত ছাড়া ডায়নোসরের প্রজাতির খুব কাছাকাছি রয়েছে। অর্থাৎ এই দু'ধরনের ডায়নোসরের প্রজাতির মধ্যে বেশ মিল রয়েছে। তবে হাত ছাড়া ওই ডায়নোসরের মূলত বসবাস ছিল দক্ষিণ গোলার্ধে। গবেষকরা জানিয়েছেন, এই নতুন প্রজাতির ডায়নোসরের নাম ক্রিটেশাস যুগের শেষ পর্যায়ে, আজ থেকে প্রায় ৭০ মিলিয়ন বছর আগে একমাত্র অন্য ধরনের যাকে বলে ইউনিক ইকোসিস্টেম ছিল। তারই প্রমাণ পাওয়া গিয়েছে এই নতুন প্রজাতির ডায়নোসরের জীবাশ্ম থেকে। বলা হচ্ছে, এই ডায়নোসর আসলে মাংসাহারী ডায়নোসরের দলের সদস্য।



বর্তমানের আফ্রিকা, দক্ষিণ আমেরিকা এবং ভারতে ঘুরে বেড়াত এরা। গবেষকরা বলেছেন, নতুন যে ডায়নোসরের প্রজাতি খুঁজে পাওয়া গিয়েছে তারা হয়তো এই দলের পূর্বপুরুষদের বেশ নিকট আত্মীয় হতে পারে। তবে - এর সঙ্গে দের দুটো পার্থক্য রয়েছে। কোনও হর্ন বা শিং নেই। দ্বিতীয় হল এরা উত্তর আর্জেন্টিনায় থাকত। সেখানেই ওই মাথার খুলি আবিষ্কার হয়েছে। অন্যদিকে - দের খেপিরভাগই খুঁজে পাওয়া গিয়েছে দক্ষিণ ভাগে। তবে এই দ্বিতীয় তথ্য থেকে একটা ব্যাপার অনুমান করা

হয়েছে যে সম্ভবত ডায়নোসররা আসলে বিভিন্ন ধরনের ইকোসিস্টেমে থাকতে পারে। - এই জাতিতে গবেষকরা তাঁদের আবিষ্কার করা বিভিন্ন বিষয়ে তথ্য প্রকাশ করেছেন। এখনকার নিরিখে দেখলে মনে হবে আবিষ্কার। কারণ একই সঙ্গে কোনও প্রাণী কীভাবে আমেরিকা, আফ্রিকা এবং ভারতে বিচরণ করতে পারে? যদিও কয়েকশো লক্ষ লক্ষ বছর আগে সমস্ত মহাদেশ একসঙ্গেই যুক্ত ছিল, সুপারকন্টিনেন্ট হিসেবে। ফলে তখন এমনটা সম্ভব ছিল। পরবর্তী

কালে টেকটনিক প্লেটের স্থানান্তরের কারণে ওই বিশাল ভূখণ্ড ভেঙে তৈরি হয়েছিল। এখন থেকে প্রায় ১৮০ মিলিয়ন বছর আগে এই এবং অংশও নিজেরা ভাঙতে শুরু করেছিল। কিন্তু সেই ভাঙনের গতি ছিল খুবই কম। ফলে প্রাণীরা এক জায়গা থেকে অন্যত্র যাতায়াত করতে পারত।

## সেরাম ব্যবহারের ভুলগুলো

ব্যবহারের ভুলে দাম দিয়ে কেনা সেরাম ত্বকের যত্নে কোনো উপকারেই আসবে না। সেরাম ত্বকের গভীরে গিয়ে কাজ করে এবং সবচেয়ে ভালো ফলাফল দেয়। তবে ভুল উপায়ে এর ব্যবহার কেবল অর্থের অপচয় মাত্র। এক্সফলিয়েট করতে ভুলে যাওয়া: ত্বকের মৃত কোষ দূর করতে এক্সফলিয়েট করা আবশ্যিক। এটা ত্বককে উজ্জ্বল করতে সহায়তা করে এবং সেরামের কার্যকারিতা বাড়াতোও সহায়তা করে। লস অ্যাঙ্গেলেসের প্রতিষ্ঠিত

## ঘুরতে গেলে অবশ্যই চেখে দেখুন এই ৬ স্ট্রিট ফুড

সুলতান সিংহ: বারাগঙ্গী মানেই চোখের সামনে ভেসে ওঠে কাশী বিশ্বনাথ মন্দির, গঙ্গারতী দশশ্বমেধ থেকে মণিকর্ণিকা ঘাট। বিশ্বের সবচেয়ে পুরনো জনবসতি পূর্ণ শহর যেন ইতিহাসের জীবন্ত দলিল। পুরানকথা থেকে ধর্ম আর ইতিহাসের মেলবন্ধনে আজও দেশ-বিদেশি পর্যটকদের কাছে অতি আপন, অতি প্রিয় এই শহর। তবে শুধুই চোখ আর মনের খিদে নয়, বারাগঙ্গী কিন্তু মনের খিদে মেটাতেও ওস্তাদ। এই শহরে ঘুরতে গেলে বেশ কয়েকটি স্ট্রিট ফুট আপনাকে চেখে দেখতেই হবে। নাহলে কিন্তু বারাগঙ্গী সফর অসম্পূর্ণ হয়ে যাবে। চলুন তাহলে চটপট জেনে নেওয়া যাক, কাশী বিশ্বনাথ ধামে কোন খাবারগুলি খেতেই হবে।



মালাইয়ো: মালাইয়ো: বারাগঙ্গী গিয়ে আর কিছু খান না খান, মালাইয়ো মাস্ট। দুধকে ক্রমাগত জাল দিয়ে ঘন করে প্রায় ফোঁস আকার দেওয়া হয়। তাতে মেশানো থাকে খানিকটা কেশর। হলদেটে রঙের সেই মালাইয়ো মাটির ভাঁড়ে তুলে দেওয়া হবে আপনার হাতে। বিশ্বাস করুন, প্রতি চামচে তুলুপি। ভাঁড় শূন্য হলে কিন্তু সেটি ফেলে দেবেন না। এবার আপনাকে সেই ভাঁড়েই দেওয়া হবে সেই স্বাদেরই কেশর দুধ। চুমুক দিলেই জাস্ট ম্যাজিক! কাশী বিশ্বনাথ মন্দিরের চার নম্বর গেটের আশপাশে প্রচুর ছোট

দোকান পেয়ে যাবেন মালাইয়ের। দাম? মাত্র ৩০ থেকে ৪০ টাকা। রাবড়ি: বারাগঙ্গীর বিখ্যাত বারড়ির কথা হলেই মনে পড়বে। রাবড়ি দুধের তৈরি রাবড়ি অবশ্য খাবেন। তবে ঘুরতে গিয়ে পেটের খোলা রাখা প্রয়োজন। তাই অল্প করে খান। দশশ্বমেধ ঘাটের কাছে গঙ্গোলিয়া মোড়ের কাছেই পেয়ে যাবেন মন ভাল করে দেওয়া রাবড়ি। পাবেন ৪০০/৫০০ টাকা কেজি করে। চাট: মন্দির দর্শন করে ঘাটে সময় কাটিয়ে সন্ধে নাগদা যখন মনটা কিছু "খাব খাব" করবে, তখন দ্বিতীয়বার না ভেবে সোজা চলে যান চাটের দোকানে। হালফ করে বলতে পারি, চাটের এমন স্বাদ

আর কোথাও পাবেন না। এক-দুই নয়, অন্তত ১০-১২ রকমের চাট চেখে দেখতে পারেন। টমেটো চাট, আলু টিকি চাট থেকে ধনিয়া চাট, নানা স্বাদে মন মজতে বাধ্য। গঙ্গোলিয়া মোড়েই পাবেন একাধিক চাটের দোকান। তবে সেরার তালিকার শীর্ষে রাখাই যায় কাশী চাট ভাভারকে। হিংয়ের কচুরি, জিলাপি ও লাল প্যাড়া: বারাগঙ্গীর অলিভে গলিতে পাবেন রসের সন্ধান। মন্দিরের আশপাশের যে কোনও গলিতে চুকে পড়ুন সাত সকালে। খোঁজ পেয়ে যাবেন গরম গরম হিংয়ের কচুরি আর তরকারির। এক-একটির দাম ৮-১০ টাকা। সন্ধ্যা জিলাপি আর লাল প্যাড়া মিস করবেন না প্লিজ। এমন

## যে মাছ খেলে কমবে হৃদরোগের ঝুঁকি

মাছে ভাতে বাঙালি। প্রতিদিনের খাবার পাতে মাছ না থাকলে চলে না অনেকেরই। ছোট-বড় সবাই মাছ খেতে ভালোবাসে। এতে শরীরেও মেলে পুষ্টি। রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতো মাছ অনেক উপকারী। এমনকি মাছের তেলও শরীরের জন্য গুরুত্বপূর্ণ। তবে একেকজনের পছন্দ ভিন্ন ভিন্ন মাছ। আবার কেউ কেউ কাঁটার ভয়ে এড়িয়ে যান মাছ। তবে রুই মাছ কিন্তু এদিক থেকে সুবিধাজনক। এই মাছ থাকে ভরপুর প্রোটিন। আবার রুই মাছে ক্যালোরির পরিমাণও থাকে কম। ফলে যারা ওজন কমাতে চাইছেন তাঁদের জন্য আদর্শ এই মাছ। রুই মাছের তেলে থাকা অসম্পৃক্ত ফ্যাটি অ্যাসিড। যা রক্তের ক্ষতিকারক কোলেস্টেরল এলডিএল ও ভিএলডিএল কমায়। একই সঙ্গে উপকারী কোলেস্টেরল এইচডিএলের



মাছ বাড়ায়। এর ফলে হৃদযন্ত্রে চর্বি জমে না। আমেরিকার স্কুল অব নিউ ট্রিস্ট্রমের চিকিত্সা সন্ধানকারী ডাঃ অ্যান্ড্রু স্ট্রোমের মতে, রুই মাছ উচ্চ রক্তচাপের ঝুঁকি কমায়। আবার উচ্চ রক্তচাপ থাকলে তা কমাতেও সাহায্য করে। ন্যাশনাল সেন্টার ফর বায়োলজিক্যাল ইনফরমেশন বলছে, ওমেগা ৩ রক্তের অণুচক্রিকা জমাট বাঁধতে দেয় না। ফলে হৃদরোগের ঝুঁকি অনেক

কমে। এ ছাড়াও রুই মাছে আছে ভিটামিন এ, ডি ও ই। ক্যালসিয়াম, জিংক, সোডিয়াম, লোহা-খনিজ সমৃদ্ধ রুই মাছ স্বাস্থ্যকর ও ফ্যাটের বিপাক ক্রিয়াতেও ব্যাপকভাবে সাহায্য করে।

থাকলে তা কমাতেও সাহায্য করে। ন্যাশনাল সেন্টার ফর বায়োলজিক্যাল ইনফরমেশন বলছে, ওমেগা ৩ রক্তের অণুচক্রিকা জমাট বাঁধতে দেয় না। ফলে হৃদরোগের ঝুঁকি অনেক কমে। এ ছাড়াও রুই মাছে আছে ভিটামিন এ, ডি ও ই। ক্যালসিয়াম, জিংক, সোডিয়াম, লোহা-খনিজ সমৃদ্ধ রুই মাছ স্বাস্থ্যকর ও ফ্যাটের বিপাক ক্রিয়াতেও ব্যাপকভাবে সাহায্য করে।

১. নারকেল তেলের মধ্যে কিছু মেথি ভিজিয়ে রাখুন। তার পর ওই

## চুল সুন্দর ও সতেজ রাখতে চুলের যত্ন কি ভাবে নেবেন

থাকেন, কিন্তু তাতে ও কোনো কাজ হয় না। এই চুল বিভিন্ন কারণে ঝরে যেতে পারে, যেমন অনিয়মিত নিদ্রা, অনিয়মিত খাবার, দুগ্ধ, খাবারের মধ্যে সঠিক পুষ্টি না পাওয়া, মাথায় খুঁকি এই সকল কারণে মাথার চুল ঝরে যেতে পারে। ২. পিয়াজের রস করে মাথায় এর থেকে মুক্তি পাবার জন্য কিছু ঘরোয়া উপায় করতে পারেন, উপকার পাবেন।

১. নারকেল তেলের মধ্যে কিছু মেথি ভিজিয়ে রাখুন। তার পর ওই

৩. নারকেল তেলের সাথে এলাভেরার নির্যাস / জুস মিশিয়ে হালকা গরম করে নিন। এই মিশ্রণটি মাথায় মালিশ করুন। এতে চুলের গোড়া যেমন মজবুত হবে, তেমনিই চুলের খাবার ও জোগাবে। এছাড়া পুষ্টির খাবার গ্রহণ করুন, দুগ্ধচক্রা থেকে দূরে থাকার চেষ্টা করুন, সঠিক সময়ে খাদ্য গ্রহণ করুন, দুগ্ধ ও খুলো বালি থেকে নিজেকে বাঁচাবার চেষ্টা করুন, সঠিক পরিমাণ নিদ্রা গ্রহণ করুন, হাসিখুশি থাকুন। এই চুল পড়ার সমস্যা থেকে মুক্তি পাবেন।

## সেরাম ব্যবহারের ভুলগুলো

সৌন্দর্যবিদ জিনা মারি ওয়েলঅ্যাড্ড ডটকম'য়ে প্রকাশিত প্রতিবেদনে বলেন, "ত্বক এক্সফলিয়েট করা গভীরে প্রসাধনী প্রবেশ করতে ও কার্যকারিতা বাড়াতে সহায়তা করে।" তবে প্রতিদিন এক্সফলিয়েট করা ক্ষতিকর। তাই ভালো ফলাফল পেতে সপ্তাহে দু'দিনবার এক্সফলিয়েট করাই যুক্তিসঙ্গত। ত্বল ধাপ অনুসরণ: নামি দামি প্রসাধনী ব্যবহারের পরেও ভালো ফলাফল না পাওয়ার অন্যতম কারণ হল ভুল ধাপে তা

ব্যবহার করা। মারির মতে, প্রথমে মুখ ভালো মতো ধুতে নিতে হবে। প্রয়োজন হলে এক্সফলিয়েট করতে হবে। এরপর টোনার ব্যবহার করে ত্বককে সেরাম ব্যবহারের জন্য প্রস্তুত করে নিতে হবে। মারি, প্রতিটা ধাপ সম্পন্ন হওয়ার পরে পাঁচ থেকে দশ মিনিট অপেক্ষা করার পরামর্শ দেন। আর শেষে ময়েচারাইজার ব্যবহার করতে হবে বলে জানান তিনি। চাপ দিয়ে ব্যবহার না করে ঘষা: সেরাম হাতে নিয়ে মুখে মালিশ করে ব্যবহার করা বেশ আরামদায়ক কিন্তু

তা কার্যকর নয়। সেরামের উপযুক্ত ব্যবহার হলো, তা হাতে নিয়ে মুখে হালকা চাপ দিয়ে দিয়ে ব্যবহার করা। মারি বলেন, "সেরাম ব্যবহারের সময় তা সর্বদা উপরের দিকে গতিশীলভাবে ব্যবহার করতে হবে এবং মালিশ করা বাদ দিতে হবে।" তিনি আরও বলেন, "গতিশীলভাবে ও চাপ দিয়ে ব্যবহার করা হবে তা অল্প পণ্যে বেশি উপকারিতা দেয়।" উপকরণের মিশ্রণ: ত্বকের যত্নে অতিরিক্ত প্রসাধনী ব্যবহার মানেই উপকারী তা কিন্তু নয়।

## সিদ্ধেশ্বর কপিলাশ্রম শিবমন্দিরে পুণ্যার্থীদের উপচে পড়া ভিড়

পাঁচগ্রাম (অসম), ১ মার্চ (হি.স.) : মহা-শিবরাত্রির পুণ্যতিথিতে প্রতিবছরের মতো এবারও বরাক উপত্যকার ঐতিহ্যবাহী পাঁচগ্রাম ঠাণ্ডাপুরের শ্রীশ্রী সিদ্ধেশ্বর কপিলাশ্রম শিবমন্দিরে পুণ্যার্থীদের ভিড় উপচে পড়েছে গতকাল রাত থেকে শুরু হয়েছে শিবচতুর্দশী তিথি। মন্দিরে ভক্তদের সমাগম শুরু হয়েছে। নবরূপে তৈরি করা হয়েছে মন্দিরের ভবন। প্রতি বছরের মতো এবারও জনজোয়ার বইছে। সিদ্ধেশ্বর শিবমন্দির কপিলাশ্রম পরিচালন কমিটির সাধারণ সম্পাদক সৃজন ভট্টাচার্য জানান, সোমবার রাত ২:২২ মিনিট থেকে শিব চতুর্দশী তিথি শুরু হবে এবং মঙ্গলবার রাত ১:২:৩৯ মিনিট পর্যন্ত এই তিথি বহাল থাকবে। উল্লেখ্য, করোনা অতিমারির প্রকোপে গত দু বছর কার্যত ব্যাঘাত ঘটেছিল মহা শিবরাত্রি উৎসব আয়োজনে। এবার করোনার সামগ্রিক পরিস্থিতির উন্নতি হওয়ায় সিদ্ধেশ্বর কপিলাশ্রমের উৎসবে মানুষের স্বতঃস্ফূর্ত সমাগম ঘটছে।

**পুন্যালগ্ন সকাল ৬.২৫ মিনিট**

## আগামী ৬ মে খুলছে

## কেদারনাথ মন্দিরের কপাট

উর্কিমঠ, ১ মার্চ (হি.স.) : আগামী মে মাসের ৬ তারিখ পুনরায় উন্মুক্ত হতে চলছে কেদারনাথ মন্দিরের কপাট। পুন্যালগ্ন সকাল ৬.২৫ মিনিট, ওই সময়ই খুলে দেওয়া হবে কেদারনাথ মন্দিরের কপাট। মঙ্গলবার মহা শিবরাত্রি, এদিন গুমকারেশ্বর মন্দিরে আয়োজিত ধর্মীয় আচার-অনুষ্ঠানের পরে কেদারনাথ মন্দির খোলার শুভ তারিখ এবং সময় ঘোষণা করা হয়েছে

বহ্নী-কেদার মন্দির কমিটির আধিকারিক হরিশ গৌড় জানিয়েছেন, বৃশ্চিক লগ্নে খোলা হবে কেদারনাথ মন্দিরের কপাট। উপস্থিত ছিলেন কেদারনাথ মন্দিরের প্রধান পুরোহিত রাতওয়াল ভীমাশঙ্কর লিং এবং বহ্নী-কেদার মন্দির সমিতির সভাপতি অজেন্দ্র অজয়। উর্কিমঠের গুমকারেশ্বর মন্দিরেই শীতের সময় ভগবান শীবের পূজার্চনা করা হয় প্রসঙ্গত, কেদারনাথ মন্দির খোলার দু’দিনের মাথায় ৮ তারিখ পুনরায় উন্মুক্ত হতে চলছে বহ্নীনাথ মন্দিরের কপাট। পুন্যালগ্ন সকাল ৬.১৫ মিনিট, ওই সময়ই খুলে দেওয়া হবে বহ্নীনাথ মন্দিরের কপাট। শীতের শুরুতে গত বছরের ২০ নভেম্বর বন্ধ করে দেওয়া হয়েছিল বহ্নীনাথ মন্দিরের কপাট, হিমালয়ের পাদদেশে অবস্থিত এই মন্দির পুনরায় উন্মুক্ত হবে ৮ মে সকাল ৬.১৫ মিনিটে।

## চালু হল এনজেপি-দার্জিলিং এসি টয়ট্রেন পরিষেবা

শিলিগুড়ি, ১ মার্চ (হি.স.) : চালু হল এনজেপি-দার্জিলিং এসি টয়ট্রেন পরিষেবা। মঙ্গলবার সকাল থেকে পরিষেবা চালু হয়। যুম সামার ফেস্টিভালও এদিন থেকেই শুরু করেছে রেল। এদিন এনজেপি স্টেশনে ডিআরএম এককে চৌধুরীর উপস্থিতিতে কেক কেটে এই পরিষেবা চালু করা হয়। এদিন ১৮ জন যাত্রী নিয়ে দার্জিলিংয়ের উদ্দেশ্যে রওনা হয় টয়ট্রেন।

## বাঁকুড়ায় শিবরাত্রিতে মন্দিরে মন্দিরে ভক্তদের ভীড়

বাঁকুড়া, ১ মার্চ (হি. স.) : শিবরাত্রি উপলক্ষে পূজা দিতে সকাল থেকেই মন্দিরে মন্দিরে ভক্তদের ভীড় মন্দিরগুলিও সজেজে উঠেছে ফুলমালা ও আলোক সজ্জায়। বাঁকুড়া জেলার সবচেয়ে প্রচীন ও ঐতিহ্য বাহী শিবমন্দির এভেশ্বর মন্দিরে ভোর থেকেই পূন্যার্থীদের ঢল মঙ্গলবার বেলা বাড়তেই লধা লাইন গাত দুবছর করোনা পরিস্থিতির কারণে বহু ভক্তই আসতে পারেননি।বর্তমানে পরিসিতি কিছুটা স্বাভাবিক হতেই ভক্ত পূন্যার্থীরা হাজার মন্দিরের এক পুরোহিত আসন্দ দেওয়ুরিয়া জানান গত দুবছর তো শিবরাত্রি তে মানুষ আসতে পারেননি, এবছর বিধিনিষেধ খুব একটা নেই বলে ভক্তরা আসতে পারছেন।সে কারণে সবাই খুশী।শহরের অন্যতম শিবমন্দির হরেশ্বর মেলায় ভক্ত পূন্যার্থীদের ভীড় লক্ষ্য করা যায়।পুলিনী নিরাপত্তা ও জোরদার থাকা হয় হয়েছেমোতায়েন রহেছে মহিলা পুলিশ ও।এছাড়াও হংসেশ্বর শিবমন্দির সহ বিভিন্ন এলাকায় সাপিত শিবমন্দির গুলিতে সারাদিন বিশেষ পূজাপাঠের ব্যবসা করা হয়েছে।এই সব মন্দিরে ও মহিলা পূন্যার্থীদের আনাগোনা সকাল থেকেই।

## পুত্রহারা মাইক্রোসফ কর্পোরেশনের কর্ণধার সত্য নাদেলা

ওয়াশিংটন, ১মার্চ(হি. স.) : মাত্র ২৬ বছর বয়সে প্রয়াত হলেন মাইক্রোসফটের সিইও সত্য নাদেলার ছেলে জেইন। মঙ্গলবার সকালে এই খবর জানানো হয়েছে মাইক্রোসফটের তরফে। সেরিব্রাল পালসিট আক্রান্ত ছিলেন জেইন। তাঁর মৃত্যুতে শোকহত নাদেলা পরিবার। পুত্রহারা সত্য এবং তাঁর স্ত্রী অণুকে সত্যদেবনা জানিয়েছেন তাঁদের ঘনিষ্ঠরা।এদিন মাইক্রোসফ কর্পোরেশন জানিয়েছে, চিফ এক্সিকিউটিভ অফিসার সত্য ও তার স্ত্রী অনুর ছেলে জেইন নাদেলা সোমবার সকালে প্রয়াত হয়েছেন। ২৬ বছর বয়সী জেন সেরিব্রাল পলসি নিয়ে জন্মগ্রহণ করেছিলেন। সফওয়্যার নির্মাতা একটি ইমেলে তার নির্বাহী কর্মীদের জানিয়েছে যে তাঁদের পুত্র জেন মারা গিয়েছেন। এই বার্তাটি ইমেল করে মাইক্রোসফের সর্বকলে জানানো হয়েছে ও পুত্রহারা পরিবারের সাথে থাকার জন্য এবং প্রার্থনা করার জন্য অনুরোধ করা হয়েছে।

## আমবাগানে থেকে যুবকের দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য

চাঁচল, ১ মার্চ (হি. স.) : মালদার চাঁচল কলিগ্রামের বগচড়া আমবাগান থেকে এক যুবকের বুলন্ত দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়াল। মঙ্গলবার ঘটনাটি ঘটেছে। পুলিশ সূত্রে জানা হয়েছে। ২৬ বছর বয়সী জেন সেরিব্রাল পলসি নিয়ে জন্মগ্রহণ করেছিলেন। সফওয়্যার নির্মাতা একটি ইমেলে তার নির্বাহী কর্মীদের জানিয়েছে যে তাঁদের পুত্র জেন মারা গিয়েছেন। এই বার্তাটি ইমেল করে মাইক্রোসফের সর্বকলে জানানো হয়েছে ও পুত্রহারা পরিবারের সাথে থাকার জন্য এবং প্রার্থনা করার জন্য অনুরোধ করা হয়েছে।

## কারখানায় বস্তা চাপা পড়ে মৃত্যু কর্মীর

আসানসোল, ১ মার্চ (হি. স.) : কারখানার ভেতরে বস্তা তোলার কাজ করতে গিয়ে বিপত্তি। বস্তা চাপা পড়ে মৃত্যু হল এক কর্মীর। মঙ্গলবার ঘটনাটি ঘটেছে আসানসোল দক্ষিণ থানার সাতাইশায় একটি বেসরকারি কাঁচ কারখানায়। মৃত কর্মীর নাম কৃষ্ণা নুনিয়া (৩৫)। বাড়ি আসানসোল দক্ষিণ থানার থেমেমেন কোলিয়ারিতে।

### কানাডা-কে পাশেই পেল ইউক্রেন

অটোয়া ও কিয়েভ, ১ মার্চ (হি.স.) : যুদ্ধ পরিস্থিতিতে এবার কানাডা-কে পাশে পেল ইউক্রেন। ইউক্রেনের ভূখণ্ডে রাশিয়ার ”অভৈধ আগ্রাসন”-এর তীব্র নিন্দা করেছে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। রাশিয়ার সামরিক আগ্রাসনের পরিপ্রেক্ষিতে তিনি কথা বলেছেন বিভিন্ন নেতা ও অংশীদারদের সঙ্গে। টুইট ক রে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো জানিয়েছেন, প্রেসিডেন্ট ড্রামিদির পুতিনের নৃশংস যুদ্ধের নিন্দা করতে আমরা একত্রিত এবং রাশিয়াকে জবাবদিহি করতে ও ইউক্রেনকে সমর্থন করার জন্য একসঙ্গে আমরা কাজ করছি।প্রসঙ্গত, ইউক্রেনের ভূ খণ্ডে রাশিয়ার সামরিক অভিযানের প্রেক্ষিতে ট্রুডো টেলিকনফারেন্সের মাধ্যমে কথা বলেছেন আমেরিকার প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে। এছাড়াও তিনি কথা বলেছেন, ইউরোপিয়ান কমিশনের নেতা, ইউরোপিয়ান কাউন্সিল, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, ন্যাটো, পোল্যান্ড, রোমানিয়া, ও ব্রিটেনের রাষ্ট্রনেতাদের সঙ্গে। কানাডা জানিয়েছে, ইউক্রেনকে আ্যটি ট্যাঙ্ক অস্ত্র দিয়ে সাহায্য করা হবে, পাশাপাশি বন্ধ করা হয়েছে তেল আমদানিও।

## ট্রেন বাড়ানোর দাবিতে হাওড়া-খড়গপুর শাখায় অবরোধ

হাওড়া, ১ মার্চ (হি.স.) : লোকাল ট্রেনের সংখ্যা বাড়াতে হবে-এই দাবিতে দক্ষিণ-পূর্ব রেলের হাওড়া-খড়গপুর মেইন শাখার নলপুর স্টেশনের রেল অবরোধ করলেন অসংখ্য যাত্রীরা। ট্রেনের সংখ্যা বাড়ানোর দাবিতে মঙ্গলবার সকাল সাড়ে ৬টা থেকে রেল অবরোধ করেন নিত্যযাত্রীরা। প্রায় ও ঘট্যা ধরে চলে এই রেল অবরোধ, রেল অবরোধের জেরে ভোগান্তির শিকার হয়েছে অসংখ্য মানুষ। অনেকেবই কাজের স্থানে পৌঁছাতে দেরি হয়েছে।

আন্দোলনকারী যাত্রীরা জানিয়েছেন, দক্ষিণ-পূর্ব রেলের এই শাখায় ট্রেনের সংখ্যা প্রয়োজনের তুলনায় যথেষ্টই কম। সকাল সাড়ে ৬টা থেকে রেল অবরোধ শুরু হয়, রেল পুলিশের আশ্বাসে সকাল ৯.০৫ মিনিটে অবরোধ উঠে যায়। আড়াই ঘট্যা ধরে অবরোধ চলায় ভোগান্তির শিকার হন অসংখ্য যাত্রীরা। এই অবরোধের জেরে আপ ও ডাউন লাইনে আটকে পড়ে ১৭টি লোকাল, ৫টি মেল এক্সপ্রেস ও একটি মালগাড়ি। আপ লাইনে আটকে পড়ে ইস্পাত এক্সপ্রেস, হাওড়া-বারবিল জনশতাকী এক্সপ্রেস ও সাঁতরাগাছি-পূর্বগলিয়া রূপসী বাংলা এক্সপ্রেস। ডাউন লাইনে আটকে পড়ে জগন্নাথ এক্সপ্রেস।

## বনধের ডাক মাওবাদীদের! পুরুলিয়ার বাঘমুন্ডিতে পোস্টার ঘিরে চাঞ্চল্য

পুরুলিয়া, ১ মার্চ (হি.স.) : বনধের ডাক দিয়ে মাওবাদীদের নামে পোস্টার পড়ল পুরুলিয়ার বাঘমুন্ডিতে। লাল কালিতে লেখা ওই পোস্টারে একাধিক ব্যক্তির মৃত্যুর বন্দনা চেয়ে বনধের ডাক দেওয়া হয়েছে। পুলিশ জানিয়েছে, সাদা কাগজে লাল কালি দিয়ে লেখা ওই পোস্টারে মঙ্গলবার বনধের ডাক দেওয়া হয়েছে। এদিন সকালে অযোধ্যা পাহাড়ের টুরগা ফলসের পুরনো গেস্ট হাউসের সামনে থেকে, মাওবাদীদের নাম করা একাধিক পোস্টার উদ্ধার করে পুলিশ।

কোনও পোস্টারে লেখা হয়েছে, আমাদের ছেলেকে ভাতা বা চাকরির টোপ দিয়ে আর রাখা যাবে না। আবার কোনওটায় লেখা হয়েছে, আমরা পয়লা মার্চ বন্ধ করলাম। প্রত্যেকটি পোস্টারের নিচে লেখা, সিপিআই মাওবাদী দলমা বাবা। পুলিশ জানিয়েছে, পোস্টারের নেপথ্যে এক বা কারা রয়েছে, তার তদন্ত চলছে।

### রেললাইনের ধারে মহিলার দেহ উদ্ধার

দক্ষিণ ২৪ পরগনা, ১ মার্চ (হি.স.) : দক্ষিণ ২৪ পরগনা মগরাহাট স্টেশনের কাছে রেললাইনের ধারে মিলল মহিলার রক্তাক্ত দেহ। মঙ্গলবার সকালে মগরাহাট স্টেশন থেকে প্রায় এক কিলোমিটার দূরে, রেল লাইনের পাশ থেকে মহিলার মৃত্তু কাটা মৃতদেহ উদ্ধার করেছে রেল পুলিশ। মৃত মহিলার নাম রেখা মন্ডল (৩০)। তাঁর বাড়ি পূর্ব বেলাড়িয়া বস্তি এলাকায়। মৃত মহিলার স্বামী প্রবীর মন্ডল জানান, সোমবার রাতে ঘুমানোর সময় তাঁর পাশ থেকে স্ত্রী রেখা মন্ডল কখন উঠে চলে যান, তা তিনি বুঝতে পারেননি। পরে রাতে ঘুম ভেঙে যাওয়ার বিছানায় স্ত্রীকে না দেখতে পেয়ে খোঁজখুঁজি করার পরে জানতে পারেন রেললাইনে স্ত্রীর মুক্তকাটা মৃতদেহ পড়ে আছে। মঙ্গলবার সকালে রেল পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়। ওই মহিলার পরিজনরা মনে করছেন, খুন করা হয়েছে রেখাকে। তদন্তের দাবি জানিয়েছে পরিবার।

## সরকারের অঙ্গুলিহেলেনেই নির্বাচন কমিশন চলছে

কলকাতা, ১ মার্চ (হি.স.) : রাজ্য নির্বাচন কমিশনের ভূমিকা নিয়ে প্রশ্ন তুললেন বিজেপির সর্বভারতীয় সহ-সভাপতি দিলীপ ঘোষ। দিলীপ অভিযোগ করেছেন, সরকারের অঙ্গুলিহেলেনেই নির্বাচন কমিশন চলছে। মঙ্গলবার সকালে সাংবাদিকদের মুখোমুখি হয়ে দিলীপ ঘোষ বলেন, ”’’আমার মনে হয় রাজ্য পাশ বলেছেন, তাই তাঁর সম্মানসম্ভার জন্য এই দুটো বুথে (শ্রীরামপুর ও দক্ষিণ দমদম পুরসভার ২টি বুথে) নির্বাচন হচ্ছে। কিন্তু সরকারের ইচ্ছে ছিল না।’ তাঁর অভিযোগ, সরকারের অঙ্গুলিহেলেনেই চলছে নির্বাচন কমিশন। সরকার চাইছে বিরোধী শূন্য রাজনীতি। সমস্ত দলকে সরিয়ে শুধুই তৃণমূল থাকবে। পঞ্চায়েতেও ওরা এটাই করতে চেয়েছিল। এবার পরিস্থিতি বেগতিক দেখে নির্বাচন কমিশন ও পুলিশ নিয়ে সন্ত্রাসের চেষ্টা করেছে।’’ উল্লেখ্য, গত রবিবার রাজ্য পুরভাটে অশান্তির সাক্ষী থেকেছে পশ্চিমবঙ্গে। প্রায় সর্বত্রই বিক্ষিপ্ত অশান্তির ঘটনা ঘটেছে।

## প্রায় দু’মাস পর উন্মুক্ত দিল্লি চিড়িয়াখানা

নয়াদিল্লি, ১ মার্চ (হি.স.) : রাজধানীতে করোনা-মহামারীর বাড়িবাড়ন্তের কারণে দীর্ঘ দু’মাস বন্ধ থাকার পর পুনরায় খুলে গেল দিল্লি চিড়িয়াখানা। মঙ্গলবার থেকে খুলে দেওয়া হয়েছে দিল্লি চিড়িয়াখানা। আশ্চর্যের বিষয় হল, রাতারাতি বিক্রি হয়ে গিয়েছে সমস্ত টিকিট। করোনার প্রকোপ বৃদ্ধি পাওয়ারয় গত ৪ জানুয়ারি বন্ধ করে দেওয়া হয়েছিল দিল্লি চিড়িয়াখানা, অনলাইনে টিকিট বিক্রিও বন্ধ করে দেওয়া হয়।সোমবার রাতে পুনরায় চালু হয় অনলাইনে টিকিট বিক্রি, রাত ৮.৩০ মিনিটের মধ্যেই ৪০০০ টিকিট বিক্রি হয়ে যায়। এরপর মঙ্গলবার সকাল থেকে জনসাধারণের জন্য খুলে দেওয়া হয় দিল্লি চিড়িয়াখানা। চিড়িয়াখানা কর্তৃপক্ষ জানিয়েছে, এক দিনে ৪০০০ ভিজিটর চিড়িয়াখানায় প্রবেশ করতে পারবেন, দু’টি সময়ে সকাল ৮.৩০ মিনিট থেকে দুপুর ১২.৩০ মিনিট ও ১২.৩০ মিনিট থেকে ৪.৩০ মিনিট অবধি।

## হাইলাকান্ডিতে সৃষ্ঠু পুর নির্বাচন হবে কি না শঙ্কিত নির্দলীয় প্রার্থীরা দ্বারস্থ জেলাশাসকের দরবারে

হাইলাকান্দি (অসম), ১ মার্চ (হি.স.) : হাইলাকান্ডিতে সৃষ্ঠুভাবে পুর নির্বাচন হবে কি না, শঙ্কা ব্যক্ত করেছেন নির্দলীয় প্রার্থীরা। এনিয়ে তাঁরা জেলাশাসকের কাছে স্মারকপত্র তুলে দিয়ে অবাধ, সৃষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ ভোটগ্রহণের দাবি জানাবেন। এখানুই শেষ নয়, বিজেপি নেতৃবৃন্দ ভোটে অবতীর্ণ নির্দলীয় প্রার্থীদের নিয়ে অপপ্রচার চালাচ্ছেন বলেও গুণ্ডতর অভিযোগ তাঁদের।

সৃষ্ঠু ভোট গ্রহণ প্রক্রিয়া নিয়ে রীতিমতো শঙ্কা প্রকাশ করেছেন ৭ নম্বর ওয়ার্ডের নির্দলীয় প্রার্থী শিল্পী দাসের স্বামী অরুণকুমার দাস, ৮ নম্বর ওয়ার্ডের নির্দলীয় প্রার্থী উমা চৌধুরী স্বামী তপন চৌধুরী, ১৬ নম্বর ওয়ার্ডের নির্দলীয় প্রার্থী সুমিত্রা দেবনাথের স্বামী মিঠু দেবনাথ, ৯ নম্বর ওয়ার্ডের নির্দল প্রার্থী রাজু চক্রবর্তী, ১৫ নম্বর ওয়ার্ডের নির্দল প্রার্থী বিশ্বজিৎ সেন, ১২ নম্বর ওয়ার্ডের নির্দল প্রার্থী শম্পা সেনগুপ্তের স্বামী চন্দন সেনগুপ্ত, ১৩নম্বর ওয়ার্ডের নির্দল প্রার্থী সুপর্ণা দাসের স্বামী চিন্ময় দাস

প্রমুখ। তাঁরা বিজেপি-র বিরূদে অভিযোগের আঙুল তুলে বলেন, বিজেপি চাইছে না হাইলাকান্ডিতে সৃষ্ঠুভাবে পুর নির্বাচন সম্পন্ন হোক। ফলে সৃষ্ঠুভাবে, নির্বিঘ্নে ভোটগ্রহণ হবে কিনা বলে আশঙ্কা প্রকাশ করেছেন তারা। অরুণকুমার দাস, চিন্ময় দাস, চন্দন সেনগুপ্তদের অভিযোগ, গত রবিবার ১ নম্বর ওয়ার্ডে বিজেপি নেত্রী মুন স্বর্ণকার সোমনে দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে ভাষণ দিতে গিয়ে নির্দলসেনে কটাক্ষ করে বলেছেন, যাঁরা নির্দলীয় প্রার্থী হয়েছেন তাঁদের অধিকাংশই দুর্নীতিবাজ। গত পুরভাৰ্ডে তাঁরা সরকারি অর্থের নয়ছয় করেছেন। মুন স্বর্ণকারের এ সব অভিযোগ একব্যকো খণ্ডন করে তাঁরা বলেন, বিজেপি নেত্রী বিভিন্ন নির্বাচনী জনসভায় শালীনতা ছাড়িয়ে ভাষণ দিচ্ছেন। নির্দলীয়সেনে নিয়ে যে সব ভাষা প্রয়োগ করছেন তা মোটেও শোভনীয় নয়।

অরূণ দাসরা বলেন, তাঁরা হাইলাকান্ডিতে দীর্ঘ বছর ধরে

রাজনীতিতে আছেন, পুরভাটে জনগণের আশীর্বাদে জত্নী হয়েছেন। কিন্তু বিজেপি নেত্রী মুন স্বর্ণকার এই শহরে আগমনের ১২ মাসও হয়নি। ২০১৫-এর পুরভাটে তাঁরা অনেকেই জয়ী হয়ে জনগণের সেবায় নিজেকে নিয়োজিত করেছিলেন। পাঁচ বছর জনগণের কাছে থেকে কাজ করার সুযোগ পেয়েছেন, ফলে এবারও জনগণ তাঁদের বিমুখ করবেন না, আশাবাদী তাঁরা। গত পুরভাৰ্ডে তাঁদের বিরুদ্ধে কোনও অভিযোগ ছিল না বলে জোর গলায় দাবি করেন অরুণ দাসরা।

নির্দলীয় প্রার্থীরা ছেড়ে কথা বলেননি কংগ্রেসকেও। তাঁরা বলেন, কংগ্রেসের পায়ের তলায় মাটি নেই। তাই তাঁরা ১৬টি ওয়ার্ডের মধ্যে কেবলমাত্র দুটি ওয়ার্ডে দলীয় প্রার্থী পক্ষে প করেছে। কটাক্ষের করে তাঁরা বলেন, কংগ্রেসের মতো শতবর্ষ-প্রাচীন একটি রাজনৈতিক দল হাইলাকান্দির মাত্র ১৬টি পুর ওয়ার্ডে প্রার্থী দিতে পারেনি। এ থেকে লজ্জাজনক বিষয় আর কী

# বিবাদের শান্তিপূর্ণ নিষ্পত্তিই ভারতের বরাবর অবস্থান, কূটনীতির বিকল্প নেই

নিউইয়র্ক, ১ মার্চ (হি.স.) : ইউক্রেন ও রাশিয়ার মধ্যে যুদ্ধ পরিস্থিতিতে, রাষ্ট্রপুঞ্জ ভারত জানাল -'বিবাদের শান্তি পূর্ণ নিষ্পত্তিই ভারতের বরাবর অবস্থান, ভারত সরকার দৃঢ়ভাবে বিশ্বাস করে কূটনীতির পথে ফিরে আসা ছাড়া আর কোনও বিকল্প নেই।' ইউক্রেন নিয়ে রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভার ১১ তম জরুরি

বিশেষ অধিবেশনে রাষ্ট্রপুঞ্জে ভারতের স্থায়ী প্রতিনিধি টি এস তিরুমুর্তি বলেছেন, বিবাদ শান্তিপূর্ণভাবে মিটে যাক এটাই চাইছে ভারত, ভারত সরকার মনে করেন কূটনীতির পথে ফিরে আসা ছাড়া আর কোনও বিকল্প নেই।ইউক্রেনে আটকে পড়া ভারতীয় নাগরিকদের উদ্ধার করতে যথাসাধ্য চেষ্টা করে যাচ্ছে

ভারত সরকার।এক্ষেত্রে ভারতকে সহায়তা করছে ইউক্রেন সংলগ্ন বিভিন্ন দেশ। টি এস তিরমুর্তি রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভার ১১ তম জরুরি বিশেষ অধিবেশনে বলেছেন, ইউক্রেনে এখনও আটকে থাকা ভারতীয় নাগরিকদের অবিলম্বে উদ্ধারের জন্য ভারত যা যা করতে পারে তাই করছে... এই গুরুত্বপূর্ণ

মানবিক প্রয়োজনীয়তা অবিলম্বে সমাধান করা উচিত। আমি ইউক্রেনের সমস্ত প্রতিবেশী দেশকে ধন্যবাদ জানাতে চাই, ইউক্রেনের প্রতিকেশী দেশগুলি আমাদের নাগরিকদের জন্য আটকে থাকা ভারতীয় নাগরিকদের অবিলম্বে উদ্ধারের সমস্ত সুযোগ-সুবিধা দিয়েছে।' এই গুরুত্বপূর্ণ

# ত্রিস্তরীয় সুরক্ষা ব্যবস্থায় বুধবার পুরভোটের গণনা, তৎপর রাজ্য নির্বাচন কমিশন

কলকাতা, ১ মার্চ (হি.স.) : পশ্চিমবঙ্গের ১০৭টি পুরভোটের ভোটগণনা পর্ব নির্বিঘ্নে সেরে ফেলতে তৎপর রাজ্য নির্বাচন কমিশন। প্রত্যেকটি পুরসভার জন্য একটি করে গণনা কেন্দ্র থাকবে। সমস্ত জায়গায় থাকছে ত্রিস্তরীয় সুরক্ষা ব্যবস্থা। রিটানিং অফিসার ও পর্যবেক্ষক ছাড়া কেউই গণনা কেন্দ্রে মোবাইল ফোন নিয়ে ঢুকতে পারবেন না। গণনা কর্মী ছাড়া পোলিং এজেন্ট, প্রার্থী ও তাঁর সঙ্গে একজন এজেন্ট প্রবেশ করতে পারবে সেখানে। তবে সমস্ত বিধিনিষেধ

মেনেই প্রবেশ করতে হবে তাঁদের। সকলকে সকাল সাড়ে ৭টার মধ্যে ঢুকতে হবে গণনা কেন্দ্রে। ত্রিস্তরীয় সুরক্ষা ব্যবস্থায় প্রথম ধাপে থাকবে রাজ্য পুলিশের সশস্ত্র বাহিনী ও র‍্যাফ। দ্বিতীয় ও তৃতীয় ধাপেও রাখা হবে পর্যাপ্ত পুলিশ। তৃতীয় ধাপে সশস্ত্র পুলিশের সঙ্গে ইএফআর জাওয়ানদেরকেও রাখা হবে। প্রথমে গণনা হবে নির্বাচন কর্মীদের ভোটে। বিনা প্রতিদ্বন্দ্বিতায় দিনহাটা পুরসভা তৃণমূলের দখলে আসায় রবিবার ভোটে হয়েছিল ১০৭টি

পুরসভার। রবিবার বিকাল ৫টা পর্যন্ত ভোট পড়েছিল ৭৬.৫১ শতাংশ। রাজ্য নির্বাচন কমিশন সূত্রে খবর, সমস্ত বুথে ভোট শেষের পরে তা গিয়ে দাঁড়িয়েছে ৭৮.০৩ শতাংশে। মোট ভোট পড়েছে ৭১ লক্ষ ৮৮ হাজার ৫৬৮। সর্বাধিক ভোট নেওয়া হয়েছে পূর্ব মেদিনীপুর জেলায়। ৮৬.১৫ শতাংশ।বীরভূম,হাওড়া, মালদহ, পূর্ব বর্ধমান ও উত্তর দিনাজপুর -সহ মোট দুইটি জেলায় ৮০ শতাংশের উপর ভোট পড়ে ছে। বাঁকুড়া, কোচবিহার, হুগলি, উত্তর ২৪

পুরগনা-সহ আট জেলায় ৭০ শতাংশের উপর ভোট পড়েছে। সোমবার কমিশনের কাছে আরও ৪০০টি অভিযোগ জমা পড়েছে। সব মিলিয়ে কমিশনে অভিযোগ জমা পড়েছে ১৪০০টি। মঙ্গলবার রাত্কার ২টি বুথে পুনর্নির্বাচন হয়েছে। কড়া নিরাপত্তার মধ্যে ফের ভোট হয়েছে শ্রীরামপুর ও দক্ষিণ দমদম পুরসভার ২টি বুথে। দক্ষিণ দমদম পুরসভার ৩৩ নম্বর ওয়ার্ডে লেক পয়েন্ট স্কুলের ৪ নম্বর বুথে এদিন ভোটগ্রহণ হয়। এই বুথের ভোটার সংখ্যা ৯৬১।

# রেজিস্ট্রারের সঙ্গে পড়ুয়াদের ধস্তাধস্তি অসন্তোষ অধ্যাপকদের মধ্যেও

শান্তিনিকেতন, ১ মার্চ (হি.স.) : শান্তি ফিরছেই না বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে, জারি রয়েছে অচলাবস্থা। হোস্টেল খোলার দাবিতে জ্বলুুল কাণ্ড বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় কার্যালয়। বিশ্বভারতীর হোস্টেল খোলার দাবিতে রেজিস্ট্রারকে এখনও ঘেরাও করে রেখেছেন বিক্ষোভকারী পড়ুয়ারা। ঘেরাও এড়িয়ে মঙ্গলবার ভোররাত্তে কেন্দ্রীয় কার্যালয় থেকে বেরিয়ে যাওয়ার চেষ্টা করেন রেজিস্ট্রার আশীষ আগরওয়াল, কিন্তু বিক্ষোভকারীরা গেটের সামনে তাঁকে আটকে দেন। এই সময় নিরাপত্তা কর্মী ও রেজিস্ট্রারের সঙ্গে পড়ুয়াদের ব্যাপক ধস্তাধস্তি হয়। প্রসঙ্গত, সোমবার সকাল ১০টা থেকে এখনও পর্যন্ত বিশ্বভারতীর রেজিস্ট্রারকে কেন্দ্রীয় কার্যালয়ে ঘেরাও করে রেখেছেন বিক্ষোভকারী

পড়ুয়ারা। আন্দোলনের পড়ুয়ারা জানিয়েছেন, কর্তৃপক্ষ দাবিদাওয়া মেনে না নেওয়া পর্যন্ত বিক্ষোভ চালাবে। এদিকে, ছাত্র আন্দোলনের অসন্তোষ ছড়াল বিশ্বভারতীর অধ্যাপকদের মধ্যেও। কর্তৃপক্ষের ডাকে সকাল থেকে ঘটনার পর ঘটনা তাঁরা দাঁড়িয়ে থাকেনে সেন্ট্রাল অফিসের সামনে। কিন্তু কর্তৃপক্ষের কোনও সাদা না পাওয়ার ক্ষুব্ধ অধ্যাপক ও কর্মীরা। কেন আমরা এখানে দাঁড়িয়ে আছি এই প্রশ্ন তুলে ক্ষোভ প্রকাশ করতে দেখা যায় বিশ্বভারতীর এক অধ্যাপককেও। উল্লেখ্য, হোস্টেল খোলা-সহ তিনে দফা দাবিতে সোমবার থেকে ধর্মঘট ও আন্দোলনে কার্যত অচল বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়। প্রায় ২৪ ঘন্টা ধরে আটক রয়েছে রেজিস্ট্রার আশীষ আগরওয়াল।

# বিশ্বকাপ থেকে অনির্দিষ্টকালের জন্য নির্বাসিত করল ফিফা

জুরিখ, ১ মার্চ (হি. স.) : ইউক্রেনের উপর হামলা চালানোর রাশিয়াকে কঠোর শাস্তি দিল ফুটবলের সবচেঁচ নামকে সংস্থা। এবার কাতার বিশ্বকাপ থেকে বহিষ্কৃত রাশিয়া। আর কোনও ভাবে কাতার বিশ্বকাপে খেলতে পারবে না রাশিয়া। ফিফা কাউন্সিলের বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়াও ক্লাব ফুটবলেও রাশিয়াকে একঘরে করে দিল উয়েফা। ফলে ২৪ মার্চ ফিফা বিশ্বকাপের প্লে অফে কোনও ভাবেই আর মাঠে নামতে পারবে না রাশিয়ার ফুটবলাররা। বাই পোয়ে সারসরি পরবর্তী রাউন্ডে পৌঁছে গেল পোল্যান্ড। রবিবার ফিফার বৈঠকে ঠিক হয়, দেশের নাম, পতাকা ছাড়াই আন্তর্জাতিক আভির্নায় খেলতে পারবে রাশিয়া। মাঠে

বাজবে না সে দেশের জাতীয় সঙ্গীতও। ফুটবল ইউনিয়ন অব রাশিয়া নামে আন্তর্জাতিক স্তরে খেলার ছাড়পত্র পাবে। কিন্তু ফিফার ওই সিদ্ধান্তের বিরুদ্ধে একজোটে আওয়াজ তোলেন পোল্যান্ড, ইংল্যান্ড, ফ্রান্সরা। এরপর সোমবার আইওসির সবুজ সংকেত মিলতেই টুইস্ট। বড়সড় সিদ্ধান্ত ফিফার। বিশ্বের সমস্ত স্পোর্টস ফেডারেশনগুলিকে আইওসি চিঠি দিয়ে জানায়, রাশিয়া আর বেলারুশকে নির্বাসিত করতে। এরপরই কঠোর সিদ্ধান্ত নিতে সক্ষম হয় ফিফা। ইউক্রেনের পাশে দাঁড়িয়ে রাশিয়াকে কাতার বিশ্বকাপ থেকে বহিষ্কৃত করার সিদ্ধান্ত নেয় ফিফা।

## পুতিনের থেকে কেড়ে নেওয়া হল তায়কোয়ান্দো ব্ল্যাক বেল্ট

মস্কো, ১ মার্চ (হি. স.) : ইউক্রেনে আক্রমণের কারণে ঘরে বাইরে রাশিয়ার ওপর ক্রমেই চাপ বাড়ছে। ইতিমধ্যেই পশ্চিমের বিভিন্ন দেশগুলি রাশিয়ার সঙ্গে সম্পর্ক ছেদ করে রাশিয়াকে অর্থনৈতিকভাবে বরকটের ডাক দিয়েছে। এবার ইউক্রেনে আক্রমণের কারণে রাশিয়ান প্রেসিডেন্ট ড্রামিদির পুতিনের থেকে সম্মানসূচক তায়কোয়ান্দো ব্ল্যাক বেল্ট কেড়ে নেওয়া হয়েছে। ২০১৩ সালে রুশ প্রেসিডেন্টকে এই সম্মান দেওয়া হয়েছিল। তায়কোয়ান্দো খেলার

নিয়ন্ত্রণকারী আন্তর্জাতিক ফেডারেশন পুতিনের ব্ল্যাক বেল্ট কেড়ে নেওয়ার কথা ঘোষণা করেছে। ফেডারেশনের আনুষ্ঠানিক বিবৃতি দিয়ে জানিয়েছে, ইউক্রেনে নিরীহদের ওপর যুগ্ম আক্রমণের প্রতিক্রিয়ায় রাশিয়া আয়োজনা ফেডারেশন জানিয়েছে তাদের আশা দ্রুত সমস্যার সমাধান হবে এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শেষ হবে। ফেডারেশে সিদ্ধান্ত নিয়েছে রাশিয়া ও বেলারুশে তায়কোয়ান্দোর ক্রেনও ইভেন্ট আয়োজনকে স্বীকৃতি দেবে না।



মঙ্গলবার আগরতলায় সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন প্রদেশ তৃণমূল কংগ্রেসের নেতৃত্বাধীন ছবি নিজস্ব।

## ইউক্রেন থেকে দেশে ফিরলেন ভারতীয়রা, মনসুখ জানালেন সরকার নিরন্তর কাজ করে চলেছে

মুম্বই, ১ মার্চ (হিস.): যুদ্ধ বিধ্বস্ত ইউক্রেনে আটকে থাকা ভারতীয়দের যত শীঘ্রই সম্ভব দেশে ফিরিয়ে আনতে তৎপর ভারত সরকার। ইউক্রেনে আটকে থাকা ১৮২ জন ভারতীয় নাগরিককে নিয়ে মঙ্গলবারই দেশে ফিরেছে "অপারেশন গঙ্গা"-র অন্তর্গত সপ্তম বিমান, রোমানিয়ার বুখারেস্ট থেকে ১৮২ জন ভারতীয় নাগরিককে নিয়ে মঙ্গলবার মুম্বইয়ে আসে সপ্তম অপারেশন গঙ্গা বিমান। সেই সময় ভারতে আগতদের মুম্বই বিমানবন্দরে স্বাগত জানান কেন্দ্রীয় মন্ত্রী নারায়ণ রাণে। এরপর এদিন দুপুরেই ২১৬ জন ভারতীয় নাগরিককে নিয়ে দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে আসে অষ্টম অপারেশন গঙ্গা বিমান। হাঙ্গেরির বুদাপেস্ট থেকে নিয়ে আসা হয়েছে ২১৬ জন ভারতীয় নাগরিককে। বিমানবন্দরে তাঁদের স্বাগত জানান দুই কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মান্ডভিয়া ও আর কে সিং। ভারতে আগত সকলকে আশ্বস্ত

করে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মান্ডভিয়া জানিয়েছেন, 'আপনাদের অনেক বন্ধু এখনও ইউক্রেনে আটকে আছেন, তাঁদের বলুন সকলকে দেশে ফিরিয়ে আনার চেষ্টা করা হচ্ছে। তাঁদের সবাইকে ফিরিয়ে না আনা পর্যন্ত অভিযান অব্যাহত থাকবে।' কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রী আর কে সিং জানিয়েছেন, 'ইউক্রেনে আটকে পড়া প্রত্যেক ভারতীয়কে ফিরিয়ে আনতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। রাজাগুলির হেল্প ডেস্ক, বিদ্যুৎ মন্ত্রকের হেল্প ডেস্ক, মন্ত্রকের অফিসাররা রয়েছে। যে কোনও ধরনের সাহায্য করা হবে পড়ুয়াদের।' ভারতে ফেরার পর এক পড়ুয়া জানিয়েছেন, 'যাযাতীয়া প্রক্রিয়া অত্যন্ত মসৃণ ছিল। আমাদের ইউক্রেন থেকে হাঙ্গেরিতে নিয়ে যাওয়ার জন্য ভারতীয় দূতাবাস এবং সরকারকে অসংখ্য ধন্যবাদ। তাঁরা আমাদের নিরাপদে দেশে ফিরিয়ে আনার জন্য যথাসাধ্য চেষ্টা করছেন।'

## ১৮২ জন ভারতীয়কে নিয়ে দেশে ফিরল ১৭ তম বিমান, বুদাপেস্ট থেকে রওনা ১৮ তম ফ্লাইট

মুম্বই, ১ মার্চ (হিস.): যুদ্ধ বিধ্বস্ত ইউক্রেনে আটকে থাকা ভারতীয়দের যত শীঘ্রই সম্ভব দেশে ফিরিয়ে আনতে তৎপর ভারত সরকার। ইউক্রেনে আটকে থাকা ১৮২ জন ভারতীয় নাগরিককে নিয়ে দেশে ফিরল ১৭ তম বিমান, রোমানিয়ার বুখারেস্ট থেকে ১৮২ জন ভারতীয় নাগরিককে নিয়ে মঙ্গলবার মুম্বইয়ে এসেছে ১৭ তম অপারেশন গঙ্গা বিমান। ভারতে

আগতদের মুম্বই বিমানবন্দরে স্বাগত জানান কেন্দ্রীয় মন্ত্রী নারায়ণ রাণে। পাশাপাশি এদিনই বুদাপেস্ট থেকে ভারতীয় নাগরিকদের নিয়ে দিল্লি অভিমুখে রওনা দিয়েছে অপারেশন গঙ্গা-র অন্তর্গত ১৮ তম বিমান। এক ভারতীয় পড়ুয়া জানিয়েছেন, 'যাযাতীয়া প্রক্রিয়া অত্যন্ত মসৃণ ছিল। আমাদের ইউক্রেন থেকে হাঙ্গেরিতে নিয়ে যাওয়ার জন্য ভারতীয় দূতাবাস এবং সরকারকে অসংখ্য ধন্যবাদ। তাঁরা আমাদের নিরাপদে দেশে ফিরিয়ে আনার জন্য যথাসাধ্য চেষ্টা করছেন।'

**বিজ্ঞপন সম্পর্কিত সতর্কীকরণ**  
জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ করা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।  
বিজ্ঞাপন বিভাগ  
জাগরণ

### জরুরী পরিষেবা

হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ আইজিএম : ২৩২-৫৬০৬, টি এম সি : ২৩৭ ০৫০৪ চক্ষুব্যাঙ্ক : ৯৪৩৬৪৬২৮০০। অ্যান্ডালজি : একতা সংস্থা : ৯৭৭৯৯৯৯৯৯৯৯ রু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, শিবনগর মজার ক্লাব : ও আমরা তরুণ দল : ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় : ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৪২৮ কর্ণেল চৌমুহনী যুব সংস্থা : ৯৮৬২৫৭০১১৬/সংঘটি ক্লাব : ৮৭৯৪১ ৬৮২৮২, অনীক ক্লাব : ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬৩০, রামকৃষ্ণ ক্লাব : ৮৭৯৪১৬৮৮১ শতদল সংঘ : ৯৮৬২৭৩৯৭৮০, প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) : ৯৭৭৪১১৬৬২৪, রেডক্রস সোসাইটি : ২৩৩-২৬৭৮, টিআইটিসি : ২৩২৫৬৮৫, এগিয়ে চলো সংঘ : ৯৪৩৬১২১৪৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় : ৯৪৩৬৫৬৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮, মানব ফাউন্ডেশন : ২৩২৬১০০। চাইল্ড লাইন : ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘণ্টা)। ব্রাদ ব্যাঙ্ক : জিবি : ২৩৫-৬২৮৮ (পি বি এন্ড), আইজিএম : ২৩২-৫৭৩৬, আই এল এ : ২৪১৫০০০/৮৭৭৪০৫০০০ কসমোপলিটন ক্লাব : ৯৮৫৪৩ ৩৩৭৭৬, শবাব্দী ঘান : নব অঙ্গীকার ৮৭৯৪৫১৪৩১১, সেন্ট্রাল রোড যুব সংস্থা : ৭৬৪২৮৪৪৬৫৬ বটতলা নাগেরজলা স্ট্যাড ডেভেলপমেন্টে সোসাইটি : ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, সমাজ কল্যাণ ক্লাব : ৯৭৭৪৬৭০২৪২, সংযোগ সংঘ : ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, রু লোটাস ক্লাব : ৯৪৩৬৫৬৮২৫৬, ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট : ২৩৮-৫৮৫২, ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন : ২৩৮-৬৪২৬, রিলিভার্স : ৮৮০৭০৫৯৫৯৮, কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন : ৮৯৭৪৫৮১৮১০, ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি : ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪৪, সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) : ৮৭২৯৯১১২৩৬, আগস্ট ক্লাব : ৭০০৫৪৬০০০৫/৯৪৩৬৫৬১৮৯১, ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন : ৮২৫৬৯৯৭ ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন : ১০১/২৩২-৫৬৩০, বাহারঘাট : ১০১/২৩৭-৪৩৩৩, কুঞ্জবন : ২৩২-৫৭৩৮, মহারাজগঞ্জ বাজার : ২৩৮ ৩১০১ পুলিশ : পশ্চিম থানা : ২৩২-৫৭৬৫, পূর্ব থানা : ২৩২-৫৭৭৪, আমতলী থানা : ২৩৭-০৩৫৮, এয়ারপোর্ট থানা : ২৩৪-২২৫৮, সিটি কন্ট্রোল : ২৩২-৫৭৮৪, বিদ্যুৎ : বনমালীপুর : ২৩২-৬৬৪০, ২৩০-৬২১১। দুর্গা চৌমুহনী : ২৩২-০৭০০, জিবি : ২৩৫-৬৪৪৮। বড়দোয়ালী : ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ আইজিএম : ২৩২-৬৪০৫। বিমানবন্দর এয়ার ইন্ডিয়া : ২৩৪১৯০২, ২৩৪-২০২০, এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর : ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, ইন্ডিগো : ২৩৪-১২৬৩, স্পাইস জেট : ২৩৪-১৭৭৮, রেল সার্ভিস : রিজার্ভেশন : ২৩২-৫৫৩৩ আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং : ২৩২-৫৬৮৫। আগরতলা রেলস্টেশন : ০৩৮১-২৩৭৪৫১৫।

## অনন্তনাগের হাসপাতালে গ্যাস সিলিভার ফেটে বিস্ফোরণ দুই শিশু-সহ আহত ১০

শ্রীনগর, ১ মার্চ (হিস.): জম্মু ও কাশ্মীরের অনন্তনাগ জেলায় প্রসূতি ও শিশু হাসপাতালে (এমসিসিএইচ) গ্যাস সিলিভার ফেটে বিস্ফোরণে আহত হয়েছে মোট ১০ জন। আহতদের মধ্যে দু'টি শিশুও রয়েছে। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, গ্যাস লিকের কারণেই মঙ্গলবার হাসপাতালের টিকিট বিভাগে, এটি বিস্ফোরণ হয়। বিস্ফোরণে হাসপাতালের করেকজন কর্মী, দু'টি শিশু-সহ ১০ জন আহত হয়েছে। আহত অবস্থায় প্রত্যেককে অনন্তনাগের জিএমসি হাসপাতালে ভর্তি করা হয়েছে। অনন্তনাগ জিএমসি-র প্রিন্সিপাল ডাঃ তারিক কুরেশি জানিয়েছেন, সামান্য আহত অবস্থায় ১০ জনের চিকিৎসা চলছে। কারও চোটে গুরুতর নয়। আহত ১০ জনের মধ্যে রয়েছেন দু'টি শিশু ও হাসপাতালের ৩ জন কর্মী।

### বিজেপি

● প্রথম পাতার পর  
গত শনিবার বনমালিপুর বিধানসভা কেন্দ্রের মণ্ডল অফিসে হামলা এবং আগরতলায় পোশ্ট অফিস চৌমুহনীতে বিজেপির মিছিলে হামলার বিষয়ে সিপিআইএম রাজ্য সম্পাদক নীরব ছিলেন।  
সুশান্ত চৌধুরী আরও বলেন, ২০২৩ সালের আসন্ন বিধানসভা নির্বাচনে অন্যান্য দল বিশেষ করে কংগ্রেসের ব্যবহার করে সিপিআইএম নির্ভর করে আসার চেষ্টা করছে। সেদিন মিছিলে হামলা করে কর্মীদের হত্যা চেষ্টা করা হয়েছিল। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিককেও হত্যা চেষ্টা করা হয়। সিপিআইএম এর নিন্দা করেনি। মন্ত্রী আরও বলেন, এ ঘটনায় পুলিশ আটকনকে আটক করেছে। অতীতে পুলিশকে ক্রীতদাসে পরিণত করা হয়েছিল।  
ব্যঙ্গাত্মক সূত্রে শ্রী চৌধুরী বলেন, সিপিআইএম বিবুতিগুলি মুখস্থ করে একটি প্রেস কনফারেন্স করেছে এবং পুনরাবৃত্তি করতে থাকে যে রাজ্যে কোনও গণতন্ত্র নেই, কোনও কাজ নেই, খাবার নেই ইত্যাদি। তারা বিধানসভা নির্বাচনে হেরে যাওয়ার পর থেকে এসব বলে আসছে। ২০১৮ এর পর চার বছরের শেষের দিকে, সিপিআইএম এখনও একই কথা বলছে। রাজ্যে খাদ্য ঘাটতির কোনো প্রমাণ নেই।  
মন্ত্রী সুশান্ত চৌধুরী বিজেপি-নেতৃত্বাধীন সরকারের কিছু উন্নয়ন প্রচেষ্টার উদ্ধৃতি দিয়ে তিনি বলেন যে রেগার কাজ নিয়ম অনুযায়ী করা হয়। অতীতে এ খাতে দুর্নীতির অনেক প্রমাণ পাওয়া গেছে। মাদকের বিরুদ্ধে লড়াই চলিয়ে যাচ্ছেন রাজ্যের মুখ্যমন্ত্রী। এর আগে কোনো মুখ্যমন্ত্রীর মাদকের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেই। মিথ্যা বক্তব্য দিয়ে রাজ্যের জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা করা হচ্ছে। মন্ত্রী সুশান্ত চৌধুরী রাজ্যবাসীকে কোনো প্রকার মিথ্যাচারে বিভ্রান্ত না হওয়ার আহ্বান জানিয়েছেন।

## মুদ্রা ভূমিকম্প গুজরাটের কছে

আহমেদাবাদ, ১ মার্চ (হিস.): মুদ্রা তীব্রতার ভূমিকম্প কেঁপে উঠল গুজরাটের কছে জেলা। রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা ছিল ৩.৪। এই ভূমিকম্পে কোথাও ক্ষয়ক্ষতির কোনও ঘটনা ঘটেনি। মঙ্গলবার সকাল ৭.৫০ মিনিট নাগাদ ভূমিকম্প অনুভূত হয়। গান্ধীনগরের সিসমোলজিক্যাল রিসার্চ সেন্টার জানিয়েছে, মঙ্গলবার সকাল ৭.৫০ মিনিট নাগাদ ৩.৪ তীব্রতার ভূমিকম্প অনুভূত হয় কছে জেলায়। ভূমিকম্পের উৎসস্থল ছিল কছে জেলার রাপার থেকে ১৯ কিলোমিটার পশ্চিম ও দক্ষিণ-পশ্চিম, ভূপৃষ্ঠের ২১.৭ কিলোমিটার গভীরে। গুজরাটের কছে ভূমিকম্পে প্রবণ অঞ্চল, মাঝেমাঝেই এখানে ভূমিকম্প অনুভূত হয়।

## মহাদেবের কাছে সকলের জন্য মঙ্গল কামনা মৌদীর গোরক্ষপুরে পূজার্চনা যোগীর

নয়াদিল্লি, ১ মার্চ (হিস.): পবিত্র মহাশিবরাত্রি উপলক্ষে সমস্ত দেশবাসীকে শুভেচ্ছা জানানোর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দেবতাদের দেবতা মহাদেবের কাছে সকলের জন্য মঙ্গল ও কামনা করেছেন প্রধানমন্ত্রী। মঙ্গলবার মহাশিবরাত্রির পবিত্রক্ষণে টুইট করে প্রধানমন্ত্রী জানিয়েছেন, 'মহাশিবরাত্রি উপলক্ষে আপনাদের সকলকে শুভেচ্ছা। দেবতাদের দেবতা মহাদেব সকলের মঙ্গল করুক। ওম নমঃ শিবায়।' মহাশিবরাত্রি উপলক্ষে মঙ্গলবার সকালেই উত্তর প্রদেশের গোরক্ষপুরের গোরক্ষনাথ মন্দিরে পূজার্চনা করেছেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। পাশাপাশি দেশের বিভিন্ন প্রান্তে মহাদেবের পূজার্চনা করেছেন উত্তর। জম্মু-কাশ্মীরের রিয়েসি জেলায় শম্ভু মহাদেব মন্দিরে অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে মহাদেবের পূজার্চনা করা হয়। এদিন তেজপুরাতেই মধ্যপ্রদেশের উজ্জয়িনীর মহাকালেশ্বর মন্দিরে মহাদেবের পূজার্চনা করা হয়।

## ফের বাড়ল বাণিজ্যিক গ্যাসের মূল্য, ১ মার্চ থেকেই নয়া দাম কার্যকর

নয়াদিল্লি, ১ মার্চ (হিস.): বাণিজ্যিক এলপিগ্যাস সিলিভারের দাম ফের বাড়ল। দিল্লিতে একধাক্কা ১০৫ টাকা বেড়েছে ১৯ কেজি বাণিজ্যিক এলপিগ্যাস সিলিভারের দাম, কলকাতায় বেড়েছে ১০৮ টাকা। গুজরাট ১৯ কেজি বাণিজ্যিক সিলিভারই নয়, ৫ কেজি বাণিজ্যিক এলপিগ্যাস সিলিভারের দামও বেড়েছে। ৫ কেজি বাণিজ্যিক এলপিগ্যাস সিলিভারের দাম বেড়েছে ২৭ টাকা।

মূল্যবৃদ্ধির পর দিল্লিতে ১৯ কেজি এলপিগ্যাস সিলিভারের দাম বেড়ে হল ২,০১২ টাকা। কলকাতায় ১৯ কেজির বাণিজ্যিক গ্যাসের গ্যাসের সিলিভারের দাম বেড়ে হল ২,০৯৫ টাকা। মঙ্গলবার থেকেই কার্যকর হয়েছে নতুন মূল্য। দিল্লিতে ৫ কেজি বাণিজ্যিক এলপিগ্যাস সিলিভারের দাম বেড়েছে ৫.৬৯ টাকা। বাণিজ্যিক সিলিভারের দাম বাড়লেও, গার্হস্থ্য এলপিগ্যাস সিলিভারের দামে কোনও পরিবর্তন হয়নি। আচমকই বাণিজ্যিক সিলিভারের দাম বাড়ায় ব্যবসায়ীদের মাথায় হাত।

## ভারতে ১৭৭.৭০-কোটি টিকাকরণ সম্পন্ন, নয়া মাইলফলকে কোভিড-টেষ্ট

নয়াদিল্লি, ১ মার্চ (হিস.): ভারতে ১৭৭.৭০-কোটি গণ্ডি ছাড়িয়ে গিয়েছে কোভিড-টিকাকরণ। দেশব্যাপী টিকাকরণ অভিযানে বিগত ২৪ ঘণ্টায় ভারতে করোনায় ভ্যাকসিন পেয়েছেন ১৮ লক্ষ ২২ হাজার ৫১৩ জন প্রাপক। ফলে ভারতে ১৭৭.৭০-কোটি টিকাকরণ সম্পন্ন হয়েছে। মঙ্গলবার সকাল আটটা পর্যন্ত মোট ১,৭৭,৭০,২৫,৯১৪ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। ভারতে কোভিড-পরীক্ষা পৌঁছে গিয়েছে নতুন মাইলফলকে, মঙ্গলবার সকাল পর্যন্ত ৭৬.৮৩-কোটির ঊর্ধ্বে পৌঁছে গেল করোনা-পরীক্ষার সংখ্যা। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২৮ ফেব্রুয়ারি সারা দিনে ভারতে ৯,০১,৬৪৭ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যান্সেল টেস্ট করা হয়েছে। সবমিলিয়ে ভারতে করোনা-টেষ্টের সংখ্যা ৭৬,৮৩,৮২,৯৯৩-এ পৌঁছে গিয়েছে। পরীক্ষিত ৯,০১,৬৪৭ জনের মধ্যে বিগত ২৪ ঘণ্টায় ভারতে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছে ৬ হাজার ৯১৫ জন।

## ইউক্রেনে বিস্ফোরণে মৃত্যু ভারতীয় পড়ুয়ার, ছাত্রের বাবার সঙ্গে কথা বোম্বাইয়ের

নয়াদিল্লি ও বেঙ্গালুরু, ১ মার্চ (হিস.): যুদ্ধ বিধ্বস্ত ইউক্রেনে রুশ হামলার মুখে পড়ে প্রাণ হারালেন এক ভারতীয় পড়ুয়া। মঙ্গলবার খারকিভে বোমা বিস্ফোরণের ফলে এক ভারতীয় পড়ুয়ার মৃত্যু হয়েছে। বিশেষ মন্ত্রকের মুখপাত্র অরিন্দম বাগচি একটি টুইট বার্তায় জানান, 'গভীর দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, মঙ্গলবার সকালে খারকিভে শেলিংয়ের ফলে একজন ভারতীয় পড়ুয়া প্রাণ হারিয়েছে। মন্ত্রণালয় তার পরিবারের সঙ্গে যোগাযোগ করছে। আমরা পরিবারের প্রতি আমাদের গভীর সমবেদনা জানাই।'

মৃত পড়ুয়া কনটাক্টের হাভেরি জেলার বাসিন্দা। মৃত ছাত্রের নাম নবীন শেখারাণা জগনগুপ্ত। নবীন মেডিক্যাল কলেজের চতুর্থ বর্ষের ছাত্র ছিলেন। নিতাপ্রয়োজনীয় জিনিস কিনতে দোকানের লাইনে দাঁড়িয়ে ছিলেন নবীন। সেই মুহূর্তেই ওই জায়গায় আছড়ে পড়ে রুশ বোমা। বিস্ফোরণের প্রারম্ভে ধোঁয়ায় ঢেকে যায় চারিদিক। এর ফলেই তাঁর মৃত্যু হয়। কর্তৃপক্ষের মুখ্যমন্ত্রী বাসভরাজ বোম্বাই ইতিমধ্যেই ওই ছাত্রের বাবার সঙ্গে কথা বলেছেন। নবীনের দেহ ভারতে নিয়ে আসার জন্য সমস্ত ধরনের চেষ্টা করা হচ্ছে বলে জানিয়েছেন কর্তৃপক্ষের মুখ্যমন্ত্রী।

### AFFIDAVIT

I, MUKTAR ALI, S/o-Late Cherag Ali residing of Vill+PO-Gakulnagar, Near 1st Battalion T.S.R PS-Bishalgarh, Dist-Sepahjawa Tripura, by faith -Muslim, by profession-Govt Service, aged about -57 years, a citizen of India do hereby solemnly affirm and declare as follows:

1. That in my some relevant documents/papers/ Certificate my name and my father name has been recorded as MUKTAR ALI, S/o-Cherag Ali, but in my some other relevant document including in a Transfer Certificate date 06-05-1984 issued by Headmaster Marachara High School, Kamalpur, North Tripura(Now Dhalai Tripura) and in my service record my father name has been wrongly recorded as "SERAG ALI" in place of his actual name "CHERAG ALI".
2. That I declare that my father "CHERAG ALI" and "SERAG ALI" is/was the same and one identical person Le my father.
3. That I am swearing this affidavit to avoid any kind of dipute regarding my father name and surname in future.

These are true to my knowledge.

sd- Muktar Ali

## কোভিড-সংক্রমণ কমে ৬,৯১৫, ভারতে ১৮০ বেড়ে ৫.১৪-লক্ষাধিক মৃত্যু

নয়াদিল্লি, ১ মার্চ (হিস.): ভারতে দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা কমে কমে ৭-হাজারের নীচে নেমে এসেছে, বিগত ২৪ ঘণ্টায় মৃত্যুর সংখ্যাও ২০০-র নীচে নেমে এসেছে। সোমবার সারাদিনে ভারতে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ৬ হাজার ৯১৫ জন, এই সংখ্যা আগের দিনের তুলনায় অনেকটাই কম। বিগত ২৪ ঘণ্টায় ভারতে মৃত্যু হয়েছে করোনা-আক্রান্ত ১৮০ জন রোগীর। ভারতে দৈনিক সংক্রমণের হার এই মুহূর্তে ০.৭৭ শতাংশ।

বিগত ২৪ ঘণ্টায় ভারতে চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা কমে ৯, ২৪,৭২-এ পৌঁছেছে, শেষ ২৪ ঘণ্টায় সক্রিয় রোগীর সংখ্যা কমেছে ১০,১২৯ জন। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.২২ শতাংশ রোগী চিকিৎসাধীন রয়েছেন। ভারতে বিগত ২৪ ঘণ্টায় (সোমবার) করোনাভাইরাসের টিকা পেয়েছেন ১৮ লক্ষ ২২ হাজার ৫১৩ জন প্রাপক, ফলে ভারতে মঙ্গলবার সকাল আটটা পর্যন্ত ১,৭৭,৭০,২৫,৯১৪ জনকে কোভিড টিকা দেওয়া হয়েছে।

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘণ্টায় ১৮০ জনের মৃত্যুর পর ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৫,১৪,০২৩ জন (১.২০ শতাংশ)। সোমবার সারা দিনে ভারতে করোনা-মৃত্যু হয়েছে ১,৬৮,৬৪ জন। মঙ্গলবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সূস্থ হয়েছেন ৪,২৩,২৪,৫৫০ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৫৯ শতাংশ। নতুন করে ৬,৯১৫ জন সংক্রমিত হওয়ার পর ভারতে মোট কোভিডে আক্রান্ত হয়েছে ৪,২৩,২১,০৪৫ জন।

### বিমান

● আটের পাতার পর  
একাধিকবার বৈঠক করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ইউক্রেনের পরিস্থিতি নিয়ে বিশলে আলোচনা হয়েছে। ভারতীয়দের ফিরিয়ে আনার জন্য চার কেন্দ্রীয় মন্ত্রীকে ইউক্রেনের প্রতিবেশী দেশগুলিতে পাঠানো হচ্ছে। হাঙ্গেরিতে যাবেন পেট্রোলিয়াম মন্ত্রী হরদীপ সিং পুরী। রোমানিয়ায় যাবেন অসামরিক বিমান পরিবহনমন্ত্রী জ্যোতিরাডিত্য সিঙ্ঘিয়া। স্লোভেনিয়ায় যাবেন কেন্দ্রীয় আইনমন্ত্রী কিরেন রিজিজু। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবহন মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী জেনারেল (অবসরপ্রাপ্ত) ভিক সিং যাদব পোল্যান্ড সীমান্তে। তারইমধ্যে সূত্রের খবর, ইউক্রেন থেকে ভারতীয়দের ফিরিয়ে আনার জন্য বায়ুসেনাকে নির্দেশ দিয়েছেন মোদী। বিদেশমন্ত্রক সূত্রে খবর, ইউক্রেনে প্রায় ১৮,০০০ জন ভারতীয় নাগরিক আটকে পড়েছিলেন। তাঁদের মধ্যে ১৬,০০০ জনই পড়ুয়া। এখনও পর্যন্ত প্রায় ২০০০ জন ভারতীয়কে ফিরিয়ে আনা হয়েছে গঙ্গা অপারেশনের মাধ্যমে।

### উত্তেজনা

● প্রথম পাতার পর  
উক্ত যোগদান সভায় উপস্থিত অতিথিরা বক্তব্য রাখতে গিয়ে বর্তমান বিজেপি সরকারকে তীব্র ভাষায় কটাক্ষ করেন। পাশাপাশি এদিনের যোগদান সভার প্রধান আকর্ষণ সূদীপ রায় বর্মন বক্তব্য রাখতে গিয়ে বলেন, মঙ্গলবার ধর্মনগর সফর সূদীপ রায় বর্মনের শেষ সফর হলেও হতে পারে। কেননা, বহিঃরাজ্য থেকে প্রফেশনাল গুটার এনে তাকে হত্যা করার ছক রয়েছে চক্রান্তকারীরা। তিনি আরো বলেন, মাদক কারবারীদের গ্রেপ্তার করে তার পাঁচ দিনের মধ্যে পরিকল্পনামাফিক সূদীপ রায় বর্মনের নাম জড়িয়ে তাই গ্রেপ্তারেরও পরিকল্পনা করা হচ্ছে বলে তাঁর কাছে খবর রয়েছে। তবে যদি রাজ্যবাসীর স্বার্থে লড়াই করে তার মৃত্যু হয় তাহলে এ রাজ্যে শত শত সূদীপ রায় বর্মন সন্ধ্যা নেবে বলেও তিনি বক্তব্য রাখতে গিয়ে বলেন।

অপরদিকে দিল্লীর পাড়ের হরি মন্দির সংলগ্ন এলাকায় বিজেপি আইপিএফটি জেট সরকারের চতুর্থ বর্ষপূর্তি উপলক্ষে জনসভায় উপস্থিত ছিলেন ধর্মনগরের বিধায়ক তথা উপাধ্যক্ষ বিশ্বব্রজ সেন, জেলা নেত্রী মলিনা দেবনাথ, মন্ত্রল সভাপতি শ্যামল নাথ প্রমুখ। উক্ত জনসভায় উপস্থিত নেতৃত্বাধীন বক্তব্য রাখতে গিয়ে কেন্দ্র ও রাজ্য সরকারের ভুলেই প্রশংসা করেন। বক্তারা বলেন,গোটা রাজ্যের সাথে ধর্মনগর শহরেও উন্নয়নমুখী বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন হয়েছে। তাছাড়া একগুচ্ছ উন্নয়নমুখী কর্মসূচি হাতেও নিয়েছে বর্তমান বিজেপি আইপিএফটি জেট সরকার।

### ফাটকাবার্জি

● প্রথম পাতার পর  
জানা গিয়েছে ১লা মার্চ ২০২২ তারিখে মহারাজগঞ্জ বাজারে আঙ্গুর ব্র্যান্ডের মসুর ডালের পাইকারি দল ১০৯ টাকা এবং সোনপুরি ১০৩ টাকা সর্বনিম্ন। প্রায় উঠেছে ২০৯ টাকার মসুর ডাল ১২০ টাকায় খুচরোতে বিক্রি হচ্ছে। আবার ১০৩ টাকার মসুর ডাল বিক্রি হচ্ছে ১১৫ টাকার খুচরো বিক্রি হচ্ছে।

মসুর ডাল নিয়ে এই ফাটকাবার্জিতে ক্রেতা সাধারণের পকেট কাটা যাচ্ছে। এই ব্যাপারে খাদ্য ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের তরফ থেকে কোন উদ্যোগ গ্রহণ করা হচ্ছে না। বাজারগুলি নিয়ন্ত্রণের বাইরে গুচ্ছ গিয়েছে। মর্জিমাফিক ডাল, ভোজ্য তেল, পেঁয়াজ ইত্যাদির দাম বাড়িয়ে বিক্রি হচ্ছে। রাজধানী আগরতলা শহরের বাজারগুলিতেই যদি এই অবস্থা হয় তাহলে মহকুমা শহরের বাজারগুলির হাল সহজেই আন্দাজ করা যাচ্ছে। প্রতিটি মহকুমাতেই জিনিসপত্রের দাম বাড়ছে। মাঝে মাঝে লোক দেখানো এবং অস্তিত্বের জানান দিতে মহকুমা প্রশাসনের টিম বাজারগুলিতে অভিযান চালায়। কিন্তু কঠোর কোন ব্যবস্থা নেয়া হচ্ছে না। এই ধরনের অব্যবস্থা চলতে থাকায় জনমনে প্রশাসনের উপর থেকে আস্থা উঠে যাচ্ছে।

### পৃথক

● প্রথম পাতার পর  
দেবনাথ। ঘটনা প্রত্যক্ষ করে স্থানীয় লোকজন দমকল বাহিনীকে খবর দেয়।  
খবর পেয়ে দমকল বাহিনীর জওয়ানরা ঘটনাস্থলে ছুটে এসে আহতদের উদ্ধার করে তেলিয়ামুড়া হাসপাতালে নিয়ে যায়। আহতদের অবস্থা আশঙ্কাজনক বলে হাসপাতাল সূত্রে জানা গেছে। এদিকে তেলিয়ামুড়া লেভুজুড়া এলাকায় একটি বাইসাইকেল দুর্ঘটনায় দুই ছাত্র আহত হয়েছে। আহতদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তবে চিকিৎসার পর তাদের ছেড়ে দেওয়া হয়েছে বলে জানা গেছে।

### মৃতদেহ

● প্রথম পাতার পর  
৪ জন মন্ত্রীকে নিযুক্ত করা হয়েছে। রাজ্যগুলির হেল্প ডেস্ক, বিদ্যুৎ মন্ত্রকের হেল্প ডেস্ক, মন্ত্রকের অফিসাররা রয়েছে। যে কোনও ধরনের সাহায্য করা হবে পড়ুয়াদের। আগত ছাত্র-ছাত্রীদের এদিন স্বাগত জানিয়েছেন মন্ত্রী আর কে সিং।

### জেলেনস্কির

● প্রথম পাতার পর  
লড়াইয়ের ময়দান ছাড়তে নারাজ জেলেনস্কি। তাঁর এই মানসিকতার জন্য আন্তর্জাতিক মঞ্চে প্রশংসিত হচ্ছেন ইউক্রেনের প্রেসিডেন্ট।

### আটক

● আটের পাতার পর  
এদের প্রত্যেকের বিরুদ্ধে ইন্ডিয়ান পাসপোর্ট আক্ট মূলে মামলা নিয়ে আদালতে পাঠানো হয়েছে বলে জানান বিলোনিয়া থানার ওসি স্মৃতি কান্ত বর্মন।



# ইউক্রেনীয় তারকাকে দেখে উঠে দাঁড়াল স্টেডিয়াম, বিহ্বল রোমানের চোখে জল

রাশিয়ার সামরিক অভিযানে আতঙ্কের প্রহর গুনছেন ইউক্রেনের মানুষ। যারা দেশে নেই তাঁরাও রাতে চোখের পাতা এক করতে পারছেন না পরিবার-পরিজনদের চিন্তায়। দেশে থাকা মানুষগুলো কী খাচ্ছেন? কোথায় থাকছেন? কী ভাবে বেঁচে আছেন? সব সময় খবর পাওয়া যাচ্ছে না। তাই কাটছে না উদ্বেগও পতুগালে রয়েছে ইউক্রেনের ফুটবলার রোমান ইয়াকোভিচ। খেলেন লিসবনের ক্লাব বেনফিকায়। দলের অন্যতম নির্ভরযোগ্য স্ট্রাইকার তিনি। রবিবার প্রিমিয়ার লিগের ম্যাচ ছিল ভিটোরিয়া এসপি-র বিরুদ্ধে। প্রথম একাদশে ছিলেন না রোমান।

পরিবর্ত ফুটবলার হিসেবে ম্যাচের ৬২ মিনিটে মাঠে নামেন। তাঁকে দেওয়া হয় ক্যাপ্টেনের আর্ম ব্যান্ড। এ পর্যায়ে সব কিছুই ছিল আর পাঁচটা ফুটবল ম্যাচের মতো। রোমান মাঠে নামতেই উঠে দাঁড়াল গোটা গ্যালারি। বেনফিকা সমর্থকরা অভিযান জানালেন তাঁদের প্রিয় দলের তারকা স্ট্রাইকারকে। তাঁদের হাতে আকাশি নীল-হলুদ পোস্টার, ব্যানার। ইউক্রেনের পাশে, ইউক্রেনের মানুষের পাশে থাকার বার্তা লেখা সেগুলোয়। বার্তা রোমানের পাশে থাকারও। অন্য দিনের মতোই কোচের নির্দেশ শুনে মাঠে নেমেছিলেন রোমান। প্রথমটায় ততটা খেয়াল

করেননি গ্যালারিতে সমর্থকদের এই আয়োজন। যখন দেখলেন গোটা স্টেডিয়াম দাঁড়িয়ে তাঁকে অভিবাদন জানাচ্ছে, তাঁর এবং ইউক্রেনের পাশে থাকার বার্তা দিচ্ছে, এক রকম বাকরুদ্ধ হয়ে পড়লেন। গ্যালারি ভর্তি সমর্থকের করতালি, স্লোগানের প্রত্যুত্তর দিচ্ছিলেন করতালি দিয়েই। চার দিকে ঘুরে দেখলেন। একের পর এক পোস্টারে পাশে থাকার বার্তা। নিখাদ ভালবাসার স্পর্শ। বিপক্ষের ডিফেন্ডারদের বোকা বানিয়ে গোল করা যাঁর সহজাত, তিনিই সামলাতে পারলেন না নিজেকে। মাঠের মাঝে দাঁড়িয়ে কেঁদে ফেললেন রোমান। তাঁর সেই বিহ্বল মুহূর্তের ভিডিও টুইট করেছেন

বেনফিকা। বেনফিকার বহু জয়ের নায়ক রোমান। গোলের লড়াইয়ে মুখোমুখি হলে না হয় বুঝে নিতেন রাশিয়াকে। কিন্তু এ যে গোলা-বারুদের লড়াই। বড় অসম। রোমানের ইউক্রেন পারবে রাশিয়ার সঙ্গে যুক্ত হবে? রোমান কি পারবেন মরসুম শেষে নিজের দেশে শান্তিতে ছুটি কাটাতে যেতে। আত্মীয়, পরিজন, বন্ধুদের সঙ্গে আবার দেখা হবে তো? সব কিছুই অনিশ্চিত। বিদেশে নিরাপদে থাকলেও তাঁর ক্ষতবিক্ষত মন পড়ে আছে ইউক্রেনে। এমন কঠিন দিনে ভিনদেশীরা এ ভাবে আগলে রাখতে চাইলে চোখের জল তো বাধ ভাঙবেই।

# পাকিস্তানের কাছে হারের পর বিদ্রূপ কটুক্তি নিয়ে ফের মুখ খুললেন শামি

গত বছর অক্টোবর মাসে টি-টোয়েন্টি বিশ্বকাপে পাকিস্তানের কাছে হেরেছিল ভারত। পাকিস্তানের বিরুদ্ধে সেই পরাজয়ের পর সাধারণ মানুষের একাংশ খলনায়ক হিসেবে বেছে নিয়েছিল মহম্মদ শামিকে। তা নিয়েই এবার মুখ খুললেন এই ফাস্ট বোলার। ভারতের পরাজয়ের পর নেট মাধ্যমে নানা কটুক্তির শিকার হন শামি। নানা বিদ্রূপ করা হয় তাঁকে। অপমানজনক কথাও বলা হয় ভারতীয় দলের ফাস্ট বোলারকে। সেই ঘটনায় আঘাত পেয়েছিলেন শামি। একটি সংবাদমাধ্যমকে

দেওয়া সাক্ষাৎকারে ৩১ বছরের বোলার বলেছেন, “ওঁরা কেউ প্রকৃত অনুরাগী নন। প্রকৃত ভারতীয়ও নন।” শামির বক্তব্য, “যখন কেউ সামাজিক মাধ্যমে নিজের পরিচয় গোপন করে বা মাত্র কিছু মানুষ এক জনের দিকেই আঙুল তোলে, তখন তার হারানোর মতো কিছুই থাকে না। ওদের নিয়ে আমার কোনও বক্তব্য নেই। কারণ ওরা কেউই নয়। ওদের পাল্টা জবাব দেওয়ার কোনও প্রয়োজন আছে বলে মনে করি না।” ভারতের প্রতি তাঁর দায়বদ্ধতা বা আনুগত্য নতুন করে প্রমাণ করার

দরকার নেই বলে জানিয়েছেন শামি। বাংলার এই ফাস্ট বোলার বলেছেন, “আমরা জানি আমরা কে। ভারত আমাদের কাছে কী, সেটা আলাদা করে বলার প্রয়োজন নেই। আমরা দেশের প্রতিনিধিত্ব করি। দেশের জন্য লড়াই করি।” আরও বলেছেন, “এই ধরনের কটুক্তির জন্য আমাদের কারোর কাছে কিছু প্রমাণ করার দরকার নেই।” ২০১৩ সালে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয় শামির। এখনও পর্যন্ত ৫৭টি টেস্ট খেলে ২০৯টি উইকেট নিয়েছেন তিনি। এই মুহূর্তে পেস আক্রমণকে ভারতের

সর্বকালের সেরা বলে দাবি করেছেন, শামি বলেছেন, “টেস্ট ক্রিকেটে আমাদের এখনকার বোলিং শক্তি সেরা। আমার মনে হয় না আমাদের ক্রিকেট ইতিহাসে এত ভাল বোলিং শক্তি কখনও ছিল।” পাকিস্তানের বিরুদ্ধে টি-টোয়েন্টি বিশ্বকাপের ম্যাচে সেরা ছন্দে দেখা যাবেন শামিকে। ৩.৫ ওভার বল করে ৪৩ রান দিলেও কোনও উইকেট পাননি। ভারতের বোলারদের মধ্যে সব থেকে বেশি রান দেন। তার পরেই কিছু মানুষ শামিকে আক্রমণের জন্য বেছে নেয়।

## ৯০ বছরের অপেক্ষা

# ফুরোলো না নিউজিল্যান্ডের

কাকতাল বনুন বা ঘটনাচক্রে, সে দিনটাও ছিল ১ মার্চ। সেটিও আরেকটি ক্রাইস্টচার্চ টেস্ট। নিউজিল্যান্ড-দক্ষিণ আফ্রিকা দ্বৈন্দ্বন্দ্বের শুরুটা ১৯৩২ সালের ২৭ ফেব্রুয়ারি। রোববার বিশ্রাম নেওয়ার টেস্টটা শেষ হওয়ায় ১ মার্চ। সফর করতে যাওয়া দক্ষিণ আফ্রিকা ইনিংস ও ১২ রানে জিতে যাওয়ায় নিশ্চিত হয়েছিল, আর যা—ই হোক, টেস্ট সিরিজ হারছে না তারা। আজ টিক ৯০ বছর পর একই লক্ষ্য নিয়ে নেমেছিল তারা। নিউজিল্যান্ডের কাছে যেন সিরিজ হারতে না হয়। ক্রাইস্টচার্চ টেস্টের বৃষ্টিবিপ্লিত শেষ দিনে আজ দক্ষিণ আফ্রিকাকে হতাশ হতে হয়নি। শেষ দিনেও উইকেটে পেসারদের জন্য কিছু ছিল। আর সেটা কাজে লাগিয়ে

১৯৮ রানে জিতেছে সফরকারীরা। ফলে ১-১ সমতায় শেষ হলো টেস্ট সিরিজ। দক্ষিণ আফ্রিকাকে সিরিজ হারাতে না পারার আক্ষেপ আরও বাড়ল নিউজিল্যান্ডের। ৯০ বছরে ১৭টি সিরিজ খেলেও প্রোটিয়াদের হারাতে পারেনি কিউইরা। প্রথম টেস্টে ৯৫ ও ১১১ রানে অলআউট হওয়া দক্ষিণ আফ্রিকা একই ভেনুতেই ফিরে এসেছে। দ্বিতীয় টেস্টের দুই ইনিংসেই সাড়ে তিন শ পার করেছে। ওদিকে উইকেট বুঝতে ভুল করা নিউজিল্যান্ডকে টেস্ট জিততে হলে বিশ্ব রেকর্ড গড়তে হতো। ৪২৬ রানের লক্ষ্যে গতকাল ৯৪ রান তুলতেই ৪ উইকেট হারিয়েছিল স্বাগতিক দল। আজ তাই ম্যাচ জেতা নয়, ড্র করাটাই

ছিল লক্ষ্য। আর সেটা করতে পারলেই সিরিজ জয়ের লক্ষ্য পূরণ হতো নিউজিল্যান্ডের। ডেভন কনওয়ে ও টম ব্রান্ডেল সে লক্ষ্যেই খেলছিলেন। শুরুটা ভালোই হয়েছিল। ৮৫ রানের জুটিতে প্রথম সেশনটা প্রায় পার করে দিয়েছিলেন দুজন। কিন্তু লুথো সিপামলার একটি ইয়র্কার ঠিকভাবে খেলতে পারেননি কনওয়ে। ৯২ রানে থাকা কনওয়ে রিভিউ নিয়েছিলেন। কিন্তু দক্ষিণ আফ্রিকায় জন্ম নেওয়া ব্যাটসম্যানকে হতাশ হতে হয়েছে। প্রথম সেশনে শুধু এই এক উইকেটই হারিয়েছে নিউজিল্যান্ড। ৫ উইকেটে ১৮০ রান নিয়ে মধ্যাহ্ন বিরতিতে যায় নিউজিল্যান্ড। ম্যাচের গল্প এরপরই বদলে যায়।

সিপামলার দেখানো পথে এগিয়েছেন অন্য বোলাররা। আরেকটু ফুল লেংখে বল করার ফল মিলেছে। ৩৩ রানের মধ্যে ৪ উইকেট হারিয়ে ফেলে নিউজিল্যান্ড। টেস্টে ১৫ উইকেট নেওয়া জুটি কাগিসো রাবাদা (৮ উইকেট) ও মার্কে ইয়ানসেনই (৭ উইকেট) ভাগাভাগি করে নিয়েছেন সেগুলো। ২২০ রানে ৯ উইকেট হারিয়ে ফেলে কনওয়ে রিভিউ নিয়েছিলেন আশা। তবু জেগেছিল। নিউজিল্যান্ডের রান যখন ২২৭, তখন বৃষ্টি নামে। প্রকৃতির সহায়তা অবশ্য খুব বেশি পায়নি নিউজিল্যান্ড। বৃষ্টি থামতেই ম্যাচও শেষ হয়ে যায়। বৃষ্টি-বিরতির ৯ বল পরই ওটিয়ে যায় নিউজিল্যান্ড।

# রাশিয়ার আক্রমণ ঠেকাতে গ্লাভস খুলে হাতে তুলে নিলেন রাইফেল

পাঁচ দিন হয়ে গেল। রাশিয়া ইউক্রেনে হামলা চালিয়েছে গত বৃহস্পতিবার। বিশ্ব নেতৃত্ব এখনো সে হামলার জবাব দিতে পারেনি, নিজ দেশ রক্ষায় ইউক্রেনকে একাই লড়তে হচ্ছে। যাদের পক্ষে সম্ভব হচ্ছে, তাঁরা দেশ ছেড়ে পোলাভে আশ্রয় নিয়েছেন। আর যারা সমর্থ, ইচ্ছুক, তাঁরা দেশের জন্য লড়ছেন। না লড়ে উপায়ও থাকছে না। সাধারণ নাগরিকদের ক্ষতি করবে না রাশিয়া এমন ঘোষণা দিলেও বাস্তবে তেমনটা দেখা যায়নি। গতকাল পর্যন্ত অন্তত ২১০ জন সাধারণ মানুষ প্রাণ হারিয়েছেন, যাদের সাতজন শিশু। এর মধ্যে এক শিশুর মৃত্যু হয়েছে কিন্ডারগার্টেনে। ইউক্রেনের বিভিন্ন মাধ্যমের তারকাবাও তাই লড়াইয়ে নেমেছেন। দেশের বাইরে যারা আছেন, তাঁরা সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহার করে যুদ্ধের বিরুদ্ধে জনমত সৃষ্টির চেষ্টা করছেন। ফুটবলার আন্দ্রি ইয়ার মোলোকো, রুসলান

মালিনোভস্কি ও ওলেকসান্দার জিনচেঙ্কোরা দেশের বাইরে থাকায় এভাবেই দেশের জন্য সাহায্য চাইছেন। তবে যারা দেশে আছেন, তাঁরা সরাসরি যুদ্ধেই নামছেন। দুই দিন আগে সশস্ত্র যুদ্ধে নামার ঘোষণা দিয়েছিলেন রাশিয়ার দুই কিংবদন্তি বক্সার ভিতালি ক্লিচকো ও ভ্লাদিমির ক্লিচকো। গতকাল রাশিয়ার আধাসন ঠেকাতে অস্ত্র হাতে নিয়েছেন আরেক বক্সার ভাসিল লোমাচেঙ্কো। ২০০৮ ও ২০১২ অলিম্পিকে সোনা জিতেছেন লোমাচেঙ্কো। এরপর পেশাদার বক্সিংয়ে নাম লিখিয়েছেন। এ পর্যন্ত ১৮টি লড়াইয়ে মাত্র দুবার হেরেছেন। ৩৪ বছর বয়সী এই বক্সার তিনটি ভিন্ন ওজন শ্রেণিতে বিশ্ব চ্যাম্পিয়ন ছিলেন। তবে গ্লাভস নয়, তাঁকে সর্বশেষ দেখা গেছে এম সিগ্গাটিন অ্যাসপ্ট রাইফেল হাতে। সংবাদমাধ্যম রমাদস্কে ও ইউক্রিনফর্ম জানিয়েছে,

ইউক্রেনের দক্ষিণের ওদেসা অঞ্চলের প্রতিরোধে অংশ নিয়েছেন লোমাচেঙ্কো। নিজ শহর বিলহরদ-নিজ্জোভস্কির নিরাপত্তা বাহিনীতে যোগ দিয়েছেন তিনটি শ্রেণিতে সাবেক বিশ্ব চ্যাম্পিয়ন। ক্যামোফ্লেজ পোশাকে অস্ত্র হাতে নিজের একটি ছবি নিজেই ফেসবুক ও ইনস্টাগ্রামে দিয়েছেন লোমাচেঙ্কো। ফেসবুকে পেজে বলেছেন, “বিলহরদ-নিজ্জোভস্কি ব্যাটালিয়ন অব টেরিটোরিয়াল ডিফেন্স গঠিত হয়েছে। অস্ত্র নিয়ে প্রস্তুত।” দুই দিন আগেই বিশ্বের শান্তির জন্য সবাইকে প্রার্থনা করতে বলেছিলেন লোমাচেঙ্কো। লোমাচেঙ্কোর আগেই সশস্ত্র যুদ্ধে নামার ঘোষণা দিয়েছেন কিংবদন্তি বক্সার ভিতালি ক্লিচকো। ৫০ বছর বয়সী ভিতালি বর্তমানে কিয়োট শহরের মেয়র। রাজধানীর প্রতিরক্ষা বাহিনীর রিজার্ভ ফোর্সেস নাম লিখিয়েছেন ভিতালি। তাঁর ছোট ভাই ভ্লাদিমিরও ভিতালির পথে

টেছেন। ওদিকে দুটি ওজন শ্রেণির বিশ্ব চ্যাম্পিয়ন ইউক্রেনের ওলেকসান্দার উসিক সরাসরি রাশিয়ান মানুষদের কাছে বার্তা পাঠিয়েছেন, “আমি রাশিয়ার মানুষদের কিছু বলতে চাই। আমরা নিজেদের ভাই বলেই বিশ্ব চ্যাম্পিয়ন। ক্যামোফ্লেজ পোশাকে অস্ত্র হাতে নিজের একটি ছবি নিজেই ফেসবুক ও ইনস্টাগ্রামে দিয়েছেন লোমাচেঙ্কো। ফেসবুকে পেজে বলেছেন, “বিলহরদ-নিজ্জোভস্কি ব্যাটালিয়ন অব টেরিটোরিয়াল ডিফেন্স গঠিত হয়েছে। অস্ত্র নিয়ে প্রস্তুত।” দুই দিন আগেই বিশ্বের শান্তির জন্য সবাইকে প্রার্থনা করতে বলেছিলেন লোমাচেঙ্কো। লোমাচেঙ্কোর আগেই সশস্ত্র যুদ্ধে নামার ঘোষণা দিয়েছেন কিংবদন্তি বক্সার ভিতালি ক্লিচকো। ৫০ বছর বয়সী ভিতালি বর্তমানে কিয়োট শহরের মেয়র। রাজধানীর প্রতিরক্ষা বাহিনীর রিজার্ভ ফোর্সেস নাম লিখিয়েছেন ভিতালি। তাঁর ছোট ভাই ভ্লাদিমিরও ভিতালির পথে

# প্রাক্তন সতীর্থের চিকিৎসার খরচ বহন করবে এইচসিএ, আশ্বাস আজহারের

৫১ বছরের নোয়েল কিডনির জটিল রোগে ভুগছেন গত কয়েক বছর ধরে। চিকিৎসকরা জানিয়ে দিয়েছেন এবার কিডনি প্রতিস্থাপন করা ছাড়া অন্য কোনও উপায় নেই। নোয়েল ডেভিডকে মনে আছে। ভারতের হয়ে চারটি এক দিনের ম্যাচ খেলেছিলেন এই ক্রিকেটার। বর্তমানে তিনি গুরুতর অসুস্থ। চিকিৎসার ব্যয় ভার বিপুল। একদা সতীর্থ এবং তাঁর পরিবারকে উদ্বিগ্ন মুক্ত করলেন মহম্মদ আজহারউদ্দিন।

৫১ বছরের নোয়েল কিডনির জটিল রোগে ভুগছেন গত কয়েক বছর ধরে। চিকিৎসার জন্য খরচ হয়েছে বহু টাকা। কিন্তু চিকিৎসকরা জানিয়ে দিয়েছেন এবার কিডনি প্রতিস্থাপন করা ছাড়া অন্য উপায় নেই। হায়দরাবাদের একটি বেসরকারি হাসপাতালে বুধবার কিডনি প্রতিস্থাপন হবে প্রাক্তন ক্রিকেটারের। সোমবার হাসপাতালে গিয়ে প্রাক্তন সতীর্থের সব চিকিৎসার খরচ বহন করার আশ্বাস দেন হায়দরাবাদ ক্রিকেট

আসোসিয়েশনের (এইচসিএ) সভাপতি আজহারউদ্দিন। নোয়েলের চিকিৎসা এবং বুধবারের অস্ত্রোপচারের সমস্ত খরচ এইচসিএ বহন করবে বলে জানিয়েছেন তিনি। সকালে হাসপাতালে গেলেও নোয়েলের সঙ্গে তিনি দেখা করতে পারেননি। কারণ, অস্ত্রোপচারের আগে তাঁর সঙ্গে আর কাউকে দেখা করতে দিচ্ছেন না চিকিৎসকরা। সংক্রমণের ঝুঁকি এড়াতে নোয়েলকে সম্পূর্ণ জীবাণু মুক্ত পরিবেশে রাখা

হয়েছে। আজহার কথা বলেন নোয়েলের চিকিৎসক সুরক্ষণামের সঙ্গে। শারীরিক অবস্থা সম্পর্কে খোঁজ নেন। দেখা করেন হাসপাতালের সিইও-র সঙ্গেও। তাঁকে জানান নোয়েলের কিডনি প্রতিস্থাপন এবং পরবর্তী চিকিৎসার খরচ বহন করবে এইচসিএ। ভারতের হয়ে শেষবার ১৯৯৭ সালের জুলাইয়ে শ্রীলঙ্কার বিরুদ্ধে খেলেছিলেন প্রাক্তন ব্যাটার। বাঁহাতে স্পিন বলও করতে পারতেন তিনি।

# ফুটবল বিশ্বকাপ থেকেও বাদ পড়ল রাশিয়া পুতিনের ইউক্রেন হামলার নিন্দায় রোনাল্ডো



রাশিয়ার ইউক্রেন আক্রমণ কীপিয়ে যোজ্জালাচ্ছেন নাগরিকরা। বন্দুক আর গুলিতে শয়ে শয়ে মানুষ প্রাণ হারিয়েছেন। এমন পরিস্থিতি একেবারেই কামা নয়, বলছেন সিআর সেন্ডেন। যুদ্ধ কেবলই ধ্বংসের পথ প্রশস্ত করে, অসহায়দের প্রাণহানি হয়। তাই শান্তির পক্ষেই সওয়াল করলেন পতুগিজ মহাতারকা। সোশ্যাল মিডিয়ায় তিনি লেখেন, “আগামী প্রজন্মের জন্য আমাদের বিশ্বাসকে

সুন্দর করে তুলতে হবে। বিশ্ব শান্তির কামনা করি। রাশিয়ার আত্মসংরক্ষণের বিরুদ্ধে সুর চড়িয়ে বিশ্ব ফুটবলের সর্বেচ্ছ নিয়ামক সংস্থা। সোমবার প্রথমে তাদের তরফে রুশ ফুটবলারদের জন্য জারি হল কড়া নির্দেশিকা। ফিফা জানিয়েছিল, বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বে নিরপেক্ষ ভেন্যুতে খেলতে হবে রাশিয়াকে। সেই সঙ্গে নিষেধাজ্ঞা জারি হল রুশ পতাকা ব্যবহারে। গাওয়া যাবে না জাতীয়

সংগীতও। পরে অবশ্য স্পষ্ট জানিয়ে দেওয়া হয় কাতার বিশ্বকাপ খেলতে পারবে না পুতিনের রাশিয়া। পাশাপাশি উয়েফার তরফেও জানানো হয়েছে, রাশিয়ার কোনও ক্লাবও আন্তর্জাতিক কোনও প্রতিযোগিতায় অংশ নিতে পারবে না। ফিফার পক্ষে হেঁটে রাশিয়ার বিরুদ্ধে কঠোর পদক্ষেপ করল আন্তর্জাতিক অলিম্পিক কমিটিও। ইউক্রেন আক্রমণের তীব্র নিন্দা করে এদিনই জানানো হল, আন্তর্জাতিক স্পোর্টস ফেডারেশনকে বলা হয়েছে যাতে কোনও প্রতিযোগিতায় রুশ এবং বেলারুশের খেলোয়াড়রা অংশ নিতে না পারেন। তার জন্য সব ধরনের পদক্ষেপ করতে হবে। এমনকী অলিম্পিক অর্ডার পুরস্কার থেকেও সরিয়ে নেওয়া হল রুশ রাষ্ট্রপতি পুতিনের নাম। উল্লেখ্য, ইতিমধ্যেই আন্তর্জাতিক জুডো ফেডারেশনের প্রেসিডেন্ট পদ থেকে সাসপেন্ড করা হয়েছে পুতিনকে। সব মিলিয়ে ইউক্রেন হামলার পর খেলার দুনিয়ায় ক্রমেই কেণ্ঠাসা হচ্ছে সর্বশক্তিধর রাশিয়া।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি

# উন্নত মুদ্রণ

সাদা, কালো, রঙিন  
নতুন ধারায়

## রেণুবো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন  
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১  
ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪  
ই-মেল : rainbowprintingworks@gmail.com



ইউক্রেনে রাশিয়ার সেনা অভিযানের প্রতিবাদে রাজধানী আগরতলায় বিক্ষোভ এসইউসিআই এর। ছবি নিজস্ব।

## রাজ্যে গুণগত শিক্ষা সম্প্রসারণে সরকার পরিকল্পনা নিয়ে কাজ করছে : মন্ত্রী ভগবান দাস

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ। রাজ্যে গুণগত শিক্ষা সম্প্রসারণে সরকার পরিকল্পনা নিয়ে কাজ করছে। আগামী প্রজন্মকে গুণগত শিক্ষায় শিক্ষিত করে তুলতেই সরকার এই উদ্যোগ নিয়েছে। সরকারের এই পদক্ষেপের ফলে রাজ্যে শিক্ষার মান বাড়বে। রাজ্যের সামগ্রিক বিকাশ ত্বরান্বিত করতে গতকাল সন্ধ্যায় প্রথম উনকোটি জেলাভিত্তিক বইমেলায় উদ্বোধন করে একথা বলেন শ্রমমন্ত্রী ভগবান চন্দ্র দাস। কুমারঘাটের পূর্ব ময়দানে পাঁচদিনব্যাপী বইমেলায় উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উনকোটি জেলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস। উদ্বোধনী অনুষ্ঠানের শুরুতে সম্প্রতি প্রয়াত সঙ্গীত সঙ্গীতা লতা মন্ডেশকর, বিরজু মহারাজ, সন্ধ্যা মুখোপাধ্যায়, বাণিজ্য লাহেড়ির প্রতি শ্রদ্ধা জানাতে এক মিনিট নীরবতা পালন করা হয়। প্রথম উনকোটি জেলাভিত্তিক বইমেলায় উদ্বোধন করে শ্রমমন্ত্রী আরও বলেন, রাজ্যে উন্নয়নের ধারাকে ব্যাহত করতে নতুন করে যত্নসহ শুরু হয়েছে। এই যত্নসহের বিরুদ্ধে আমাদের সবাইকে সজাগ ও সতর্ক থাকতে হবে। তিনি বলেন, বই আমাদের জীবনের অন্যতম অবলম্বন। বইয়ের বিকল্প কিছুই হতে পারে না। বইমেলায় মাধ্যমে তরুণ প্রজন্ম ও শিশুদেরকে

বইয়ের সাথে পরিচয় করিয়ে দেওয়া যায়। অনুষ্ঠানে প্রধান বক্তা অবসরপ্রাপ্ত অধ্যক্ষ বিভূতি পালিত বলেন, বইমেলা হচ্ছে শ্রেষ্ঠ মেলা। এই মেলায় সাথে অন্য কোনও মেলায় তুলনা হয় না। বইমেলায় ছাত্রছাত্রীদের মধ্যে বই পড়ার আগ্রহ তৈরি করে। উদ্বোধনী অনুষ্ঠানে বিধায়ক সুধাংশু দাস বলেন, জ্ঞানের আদান প্রদান বইমেলায় মাধ্যমেই সম্ভব হয়। বই আমাদেরকে সমৃদ্ধ করে। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন কৈলাসহর পুরপরিষদের চেয়ারম্যান চন্দ্রনাথ দেবরায়, উনকোটি জেলার জেলাশাসক উত্তম কুমার চাকমা এবং অত্র ত্রিপুরা বুক সোসাইটি ও পাবলিশার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক উত্তম চক্রবর্তী। স্বাগত বক্তব্য রাখেন মেলা কমিটির আহ্বায়ক কুমারঘাট পুরপরিষদের চেয়ারম্যান বিশ্বজিৎ দাস। উপস্থিত ছিলেন কুমারঘাট পঞ্চায়ত সমিতির চেয়ারম্যান হ্যাপি দাস, কুমারঘাট মহকুমার মহকুমা শাসক সুরত ভট্টাচার্য, এসডিপিও গমনজয় রিয়ায় প্রমুখ। পাঁচদিনব্যাপী উনকোটি জেলাভিত্তিক বইমেলা চলবে আগামী ৪ মার্চ পর্যন্ত। মেলায় মোট ২৩টি বুক স্টল খোলা হয়েছে। মেলা উপলক্ষে প্রতিদিন সন্ধ্যায় আয়োজিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান ও কবি সম্মেলন।

### ঋষ্যমুখে ছয় বাংলাদেশী আটক

বিলোনিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ১ মার্চ। ঋষ্যমুখ পুলিশ ফাড়ির ওসি ইন্দ্রপেক্ষর সঙ্গয় দাসের নেতৃত্বে পুলিশ বাহিনী বিশেষ সূত্রে খবর পেয়ে গতকাল রাত ৯ টায় কালিকাপুরে বাংলাদেশ সীমান্তবর্তী এলাকায় অভিযান চালিয়ে ৬ জন বাংলাদেশি নাগরিককে আটক করে। ধৃতরা নিজেরাই স্বীকার করে ওরা বাংলাদেশ সীমান্তবর্তী এলাকায় অবৈধ ভাবে প্রবেশ করেছিল। এরা প্রত্যেকে কাজের সন্ধ্যানে বাংলাদেশ থেকে ভারতে এসেছে। ছয়জন অভিযুক্তকেই মঙ্গলবার সকাল ১০ টায় বিলোনীয়া থানায় নিয়ে আসা হয়েছে। ৬ এর পাতায় দেখুন

## বিভিন্ন মাস্তুলিক অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজ্যব্যাপী শিবচতুর্দশী পালিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা/কল্যাণপুর, ১ মার্চ। মহা শিবচতুর্দশী উপলক্ষে গোটা রাজ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা গিয়েছে ভক্তদের মধ্যে। রাজধানী আগরতলা শহরের বিভিন্ন মন্দির গুলিতে ভগবান শিবের আরাধনায় ব্রতী হয়েছেন ভক্তরা। বিভিন্ন মন্দিরে ও বাড়ি ঘরে বিশেষ পূজার্চনার আয়োজন করা হয়েছে। বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে কল্যাণপুরে পালিত হল শিবরাত্রি ব্রত মহা ধুমধামে আনন্দের মধ্য দিয়ে পালিত হচ্ছে শিবরাত্রি ব্রত গোটা কল্যাণপুর এলাকায়। এই চিত্র পরিলালিত হয় মঙ্গলবার সকাল থেকেই। এদিন সকাল থেকেই ভক্তবৃন্দরা ভিড় জমান কল্যাণপুর লোকনাথ সেবা মন্দিরে এখানে ১০ বছর ধরে শিবরাত্রি ব্রতের পালন হয়ে আসছে। বিশেষ করে মহিলারা সামিল হচ্ছেন এই পূজোতে। পরিবারের মঙ্গলার্থে বা সমাজের মঙ্গল কামনায় সমস্ত ভক্তবৃন্দরা উপাসন থেকে শিবের মাথায় জল দুধ মধু ঢেলে আসছেন। এটা সনাতন ধর্মে চিরাচরিত প্রথা। শেষে হচ্ছে অঞ্জলি প্রদান। এদিন কল্যাণপুর লোকনাথ সেবা মন্দিরে সকাল থেকেই শিব পূজায় মগ্ন হন ব্রাহ্মণারা। ছিল যগা পাঁচ। এদিন বিশেষ পূজা অর্চনার আয়োজন করে সেবা মন্দির এর পক্ষ থেকে। দূরদূরান্ত থেকে জাতি উপজাতি অংশের মানুষরা সামিল হন আনন্দে। আবার ছোটদের দেখা যায় লালা শাড়ি পড়ে পূজোতে সামিল হতে। কল্যাণপুর লোকনাথ মন্দিরে আজ এবং কল্যাণপুর দুই দিন এই উৎসব পালিত হবে। কল্যাণপুর লোকনাথ সেবা মন্দির পক্ষে জহর দে জানান কল্যাণপুর

লোকনাথ মন্দিরে বিগত ১০ বছর ধরে এই শিবরাত্রি ব্রত পালন করা হচ্ছে। এতে সামিল হচ্ছেন সব অংশের মানুষ। সকাল থেকেই মন্দিরে উ পচে পড়া ভিড় পরিলক্ষিত হয়। সকাল পূজা কাল হবে পারনা। বেলা যত বাড়তে থাকে মহিলাদের ভিড় তত বাড়তে থাকে। সব মিলিয়ে গোটা কল্যাণপুর এলাকায় শিবরাত্রি ব্রত উপলক্ষে এক আনন্দের জোয়ারে মেতে উঠে সবাই। শিবের পূজা উপলক্ষে কল্যাণপুর লোকনাথ মন্দির কে বিভিন্ন আলাচনায় সাজিয়ে তোলা হয়েছে। তার পাশাপাশি স্থানীয় গোপালনগর এলাকায় শিব পূজা কে কেন্দ্র করে দৃশ্য মানুষদের মধ্যে বস্ত্র বিতরণ করা হয় ছিলেন বিধায়ক পিনাকি দাস চৌধুরী রক চেয়ারম্যান সোমনাথ গুপ্ত প্রমুখ। পঞ্চায়তের স্থানীয় আধিকারিকরা। প্রতিবছরই এখানে এমন বস্ত্র বিতরণ হয়ে থাকে। ছিল লোকনাথ মন্দিরে নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান। অপরদিকে ঘিলাতলী এলাকায় শিব মন্দিরে এবং কুঞ্জবন এলাকায় অনেক বছরের পুরনো শিব মন্দিরে পূজা অনুষ্ঠিত হয়। কোথাও আবার মেলাও বসে।

### নাশকতার আঙুন, অল্পেতে রক্ষা মূল্যবান গাছের বাগান

নিজস্ব প্রতিনিধি, কল্যাণপুর, ১ মার্চ।। খোয়াই জেলার বিভিন্ন বনাঞ্চলের ধ্বংসের কারণ হয়ে দাড়িয়ে পড়েছে বনদস্যুদের কারণ যেমন টিক তার অপরদিকে নাশকতার আঙুনও পুড়ে ছাই হচ্ছে বনাঞ্চল। বনাঞ্চল পাকা হওয়ার কারণে তেলিয়ামুড়া মহকুমার লোকালয় অঞ্চল চলে আসছে বন্যহাতীর দল। মঙ্গলবার সকাল গড়িয়ে দুপুর নাগাদ কল্যাণপুর থানা এলাকার পশ্চিম ঘিলাতলী গ্রাম পঞ্চায়তের অধীন সোনারাম তালুকদার পাড়ার সংলগ্ন এলাকার বিক্ষান দুলাল দেব এবং পরিমল দেবের নামের বাস্তির বনাঞ্চলের মূল্যবান শাল, সেতুন বাগানে আঙুন দেখতে পায় হঠাৎ। গুরু হয়। চিৎকার চোঁচামেচি। খবর দেওয়া হয় কল্যাণপুর দমকল কর্মীদের। দমকল কর্মীরা এসে বাগানের আঙুনকে আয়ত্রে আনে।

## ভারত ও বাংলাদেশের মধ্যে বন্ধুত্ব চিরজীবী হবে, বললেন সমবায় মন্ত্রী রামপ্রসাদ পাল

আগরতলা, ১ মার্চ : ভারত ও বাংলাদেশের মধ্যে বন্ধুত্ব চিরজীবী হবে। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উভয় দেশ উন্নয়নে জোয়ার এনেছে। মানুষের কল্যাণে দু'দেশের সরকার সাফল্যের সঙ্গে কাজ করছে। ৫ দিনের বাংলাদেশ সফরে গিয়ে একথা বলেন ত্রিপুরা সরকারের সমবায় মন্ত্রী রামপ্রসাদ পাল।

বিমানবন্দরে বাংলাদেশের জাতীয় সংসদের সদস্য পঙ্কজ দেবনাথ তাঁকে স্বাগত জানান। ঢাকা থেকে বিমানে শুক্রবারই তিনি পৌঁছে যান রাজশাহী। সেখানেও তাঁকে দেওয়া হয় সংবর্ধনা। বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম সমবায় মন্ত্রী রামপ্রসাদ পাল ও অন্যান্য অতিথিদের সম্মানে নৈশভোজের আয়োজন করেন। গত ২৬ ফেব্রুয়ারি বঙ্গবন্ধু এবং শহীদ এএইচএম কামারুজ্জামানকে শ্রদ্ধা জানিয়ে শুরু হয় সমবায় মন্ত্রীর বাংলাদেশ সফরের কর্মসূচি। বাংলাদেশ সফরে বিভিন্ন সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের সাথে কথা বলার সময় সমবায় মন্ত্রী জানান, উভয় দেশের মধ্যে সুসম্পর্ক রয়েছে।

ত্রিপুরার মানুষ বাংলাদেশকে আত্মীয় বলে মনে করেন। এদিন দুপুরে রাজশাহীর মেয়র এএইচএম কামারুজ্জামান লিটনের পৌরোহিত্যে সমবায় মন্ত্রীকে নাগরিক সংবর্ধনা দেওয়া হয়। সেখানে তিনি বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলার গড়ার স্বপ্নকে বাস্তব রূপ দিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবদানের কথা উল্লেখ করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি বাংলাদেশের কৃষিমন্ত্রী আবদুর রাজ্জাক, ফ্রেডস অব বাংলাদেশের সমন্বয়ক মেজর (অবঃ) এএসএম শামসুল আলম, মেয়র লিটন, প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম প্রমুখ মুক্তিযুদ্ধ

ত্রিপুরার অবদানের কথা উল্লেখ করেন। সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। সেখানেও সমবায় মন্ত্রী রামপ্রসাদ পাল বক্তব্য রাখেন। গত রবিবার তিনি নাটোর সফর করেন। বাংলাদেশের তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী জনাইদ আহমেদ পলক নাগরিক সংবর্ধনা থেকে শুভ করে বেশকিছু অনুষ্ঠানের আয়োজন করেন। সর্বত্রই তিনি ভারত ও বাংলাদেশের বন্ধুত্বের কথা উল্লেখ করেন। ত্রিপুরার সিলেখ বাংলাদেশের সফরে সমবায় মন্ত্রী ফ্রেডস অব বাংলাদেশ সন্থার উদ্যোগে ভারত বাংলাদেশ পঙ্কম

মৈত্রী মিলন মেলা অনুষ্ঠানে অংশ নেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশের কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাক, পররাষ্ট্রমন্ত্রী শাহরিয়ার আলম, ভারতের হাইকমিশনার প্রমুখ। নাটোর জেলায় উত্তরা গণভবনে “বাংলাদেশ-ভারত সাংস্কৃতিক মিলন মেলা ২০২২” অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বাংলাদেশ সফরের সময় সমবায় মন্ত্রী রাজশাহী বিশ্ববিদ্যালয় ও পরিদর্শন করেন। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শহীদ মন্দির শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন। তাছাড়াও রাজশাহী জেলার পুঠিয়া রাজবাড়ি সহ বিভিন্ন রাজ্যের আমলের মন্দির পরিদর্শন করেন।

## মণিপুরের সার্বিক বিকাশ বিজেপির সর্বোচ্চ অগ্রাধিকার : প্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ১ মার্চ (হি.স.) : মণিপুরের সার্বিক উন্নয়ন ঘটাতে ভারতীয় জনতা পার্টি (বিজেপি) নেতৃত্বাধীন সরকার সর্বোচ্চ অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করছে। খুব শীঘ্র মণিপুরের জন্য ১০০ কোটি স্টার্টআপ ফান্ড গড়বে বিজেপি সরকার। অবল ইঞ্জিনের এবারের সরকার পরবর্তী কার্যকালে মণিপুরে এইমস স্থাপন করবে। আজ মঙ্গলবার ভিডিও কনফারেন্সের মাধ্যমে মণিপুরের দ্বাদশ বিধানসভার দ্বিতীয় দফার নির্বাচনের জন্য আয়োজিত এক জনসভায় এখান থেকে ভাষণ দিচ্ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মণিপুরের জনসভায় রাজ্যের মুখ্যমন্ত্রী নংথমবাম বীরেন সিং সহ বহুসংখ্যক জনতার উপস্থিতিতে ভারতীয় ভাষায় প্রধানমন্ত্রী কংগ্রেসের ক্ষুধার সমালোচনা করেছেন। প্রধানমন্ত্রী বলেন, কংগ্রেসের গুরুত্ব মণিপুরের উন্নয়ন নয়, রাজ্যকে লুটেপুটে খাওয়া ছিল কংগ্রেস সরকারের লক্ষ্য। কংগ্রেসের বিরুদ্ধে পাহাড় ও সমতলের নামে উত্তর-পূর্বাঞ্চলের জনসাধারণকে বঞ্চিত করার যত্নসহকারে অভিযোগ তুলে মোদী বলেন, যারা কয়েক দশক ধরে মণিপুরে অস্থিরতার সৃষ্টি করেছিল, সরকার গঠন করতে জনতা তাদের আর সুযোগ দেবেন না। গতকাল প্রথম দফার ভোটের ফলাফল বিজেপির পক্ষে যাবে বলে দাবি করে উল্লেখিত প্রধানমন্ত্রী বলেন, প্রথম দফার নির্বাচনের পর স্পষ্ট, উত্তর-পূর্বাঞ্চলে উন্নয়নের ধারা অব্যাহত রাখার ব্যাপারে নিশ্চিত করেছেন জনতা-জনদীন। মণিপুরীরা এদের সুযোগ দেননি, যারা রাজ্যকে দশক কয়েক দশক ধরে অস্থির করে রেখেছিল। মণিপুর ফের বিজেপি সরকারকে ক্ষমতা প্রদান করতে মনস্থির করেছেন। মোদীর বিশ্বাস, আগামী ৫ মার্চ অনুষ্ঠেয় দ্বিতীয় দফার ভোটের বিজেপি এবং মিত্রজোটের প্রার্থীদের ভোট দিয়ে একক সংখ্যাগরিষ্ঠ সরকার গঠন করতে মুখ্য ভূমিকা গ্রহণ করবেন জনসাধারণ। তিনি মণিপুরে স্থায়ী শান্তি, উন্নয়ন এবং ভবিষ্যতের জন্য বিজেপি এবং মিত্রদলের প্রার্থীদের ভোট দিতে জনসাধারণের প্রতি আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, মণিপুর সবসময় ভারতের একা ও অখণ্ডতাকে প্রতিনির্ভর করে আসছে। এখানকার জনগণ স্বাধীনতা সংগ্রামের জন্য তাঁদের জীবন উৎসর্গ করেছিলেন। কিন্তু কংগ্রেস কখনও মণিপুরের এই ইতিহাস, এই আত্মত্যাগ ও নেতাজির প্রতি আত্মরিকভাবে শ্রদ্ধা জানায়নি। কংগ্রেসের ওপর হামলা করে প্রধানমন্ত্রী বলেন, এই দল মণিপুরের কোনও

উন্নয়ন করেনি, বরং রাজ্যকে শান্তি ও সমৃদ্ধি থেকে দূরে রেখেছে এবং বিচ্ছিন্নতাবাদকে জিইয়ে রাখতে সার ও জল সরবরাহ করেছে। পাহাড় ও সমতলের নামে মানুষকে বিভক্ত করার যত্নসহকারে। মণিপুরের জনগণকে এই সব মানুষের প্রতি সর্বদা সজাগ থাকতে হবে। তিনি বলেন, আমরা সব-কা সাথ সব-কা বিকাশ সব-কা বিশ্বাসের নীতি অনুসরণ করছি। বিজেপি সরকার "গো টু হিলস, গো টু ভিলেজ"-এর মতো বেশ কয়েকটি সংযোগমূলক অভিযান পরিচালনা করছে যা তাদের যত্নসহকারে ভেঙে দিয়েছে। এর ফলে কংগ্রেস বিধ্বস্ত হয়ে গেছে। আমাদের কাছে মণিপুর ও উত্তর-পূর্বাঞ্চল ভারতের একোটা কেন্দ্র। প্রধানমন্ত্রী বলেন, উন্নয়নের বদলে কংগ্রেসের নজর ছিল মণিপুরকে লুণ্ঠন, এর প্রতিই তাদের বেশি মনোনিবেশ ছিল। এই দলের মানুষ রাজ্য-লুণ্ঠনে এতটাই মগ্ন ছিল যে তাঁরা এলাকার মানুষের প্রকৃত সমস্যা কখনও শুনেনি। তিনি বলেন, এরা মাইরা-এ যাদুঘর নির্মাণেও দুর্নীতি করেছে। তাঁদের এ সব পাপ অবশ্যই আমাদের ভোটের শক্তি দ্বারা হিসাব করা উচিত। মণিপুরকে আটকানোর যে স্বপ্ন তাঁরা দেখেছেন, তার জবাব দিয়ে উন্নয়নের এই যাত্রাকে নতুন শক্তি দিতে হবে, বলেন মোদী। উত্তর-পূর্বাঞ্চলে রেলপথে যুক্ত করার লক্ষ্যে গৃহীত পদক্ষেপের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, স্বাধীনতার পর থেকে মণিপুর এই প্রথম ট্রেনের জন্য অপেক্ষা করছে। এই বিজেপিই রাজ্যকে প্রকৃত রেল নেটওয়ার্কের সাথে সংযুক্ত করেছে এবং বিজেপি সরকারের অধীনে প্রথম ট্রেন পেয়েছে। বিদ্যাস এবং সংযোগকে এগিয়ে নিয়ে নতুন রেললাইনও নির্মাণ করা হচ্ছে, বলেন প্রধানমন্ত্রী মোদী। তিনি বলেন, মণিপুর এখন দক্ষতা, স্টার্ট-আপ এবং খেলাধুলার সাথে পরিচিত হচ্ছে। মণিপুরে স্টার্ট-আপগুলি ভাল ফলাফল দেখাচ্ছে। রাজ্য সরকার ৫.৫০০টিরও বেশি স্টার্ট-আপকে সহায়তা প্রদান করেছে। ভবিষ্যতে আমাদের সরকার ১০০ কোটি টাকার স্টার্ট-আপ ফান্ড তৈরি করতে প্রস্তুত। প্রধানমন্ত্রী বলেন, মণিপুরের মীরাবাই চানু এবং এমসি মেরি কমে মতো খেলায় ডিয়েছে দেশকে। খেলাধুলার ক্ষেত্রে আরও উন্নত করতে বিজেপি সরকার মণিপুরে ইতিমধ্যে একটি ক্রীড়া বিশ্ববিদ্যালয় স্থাপন করেছে।

### একাদশ শ্রেণীর ছাত্র নিখোজ

নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ১ মার্চ।। তেলিয়ামুড়া বায়লখাড়া এলাকায় ডন বসকে স্কুলের একাদশ শ্রেণির এক ছাত্র নিখোজ হয়েছে। নিখোজ ছাত্রের নাম প্রসেনজিৎ দেববর্মা। এ ব্যাপারে পরিবারের তরফ থেকে তেলিয়ামুড়া থানায় নিখোজ সংক্রান্ত অভিযোগ দায়ের করা হয়েছে। ছাত্র নিখোজ হওয়ার ঘটনাকে কেন্দ্র করে এলাকায় রীতিমতো চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। পরিবারের তরফ থেকে জানানো হয়েছে গত চারদিন ধরে ওই ছাত্রের কোন খোঁজ পাওয়া যাচ্ছে না। সন্ধ্যা সব জায়গায় খোঁজবাহর করে তাকে খুঁজে না পেয়ে শেষ পর্যন্ত বাধ্য হয়েই তারা তেলিয়ামুড়া থানায় নিখোজ সংক্রান্ত অভিযোগ দায়ের করেছেন। পুলিশ নিখোজ যুবককে উদ্ধারের জন্য তৎপরতা শুরু করেছে বলে জানা গেছে।

## থানার নাকের ডগায় চুরি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। বিশ্রামগঞ্জ থানার নাকের ডগায় প্রাক্তন ভিলেজ কমিটির চেয়ারম্যানের বাড়িতে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটেছে। জানা গেছে, বাড়িটি বিশ্রামগঞ্জ থানার উল্টো দিকে অবস্থিত। এমনকি থানার মিসি ক্যামেরার আওতাধীন ছিল ওই বাড়ি। থানার নাকের ডগায় প্রাক্তন চেয়ারম্যানের বাড়িতে হানা দিয়ে বেশ কিছু পরিমাণ রাসায়নিক শিট চুরি করে নিয়ে গেছে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় রীতিমতো চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। থানার নাকের ডগায় এ ধরনের চুরির ঘটনায় স্থানীয় জনমনে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। পুলিশের ভূমিকা নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন স্থানীয় বাসিন্দারা। এ ব্যাপারে থানায় একটি অভিযোগ দায়ের করা হয়েছে। তদন্ত শুরু করেছে। তবে এখন পর্যন্ত এই ঘটনার কোনো কিনারা করতে পারেনি পুলিশ। উল্লেখ্য বিশ্রামগঞ্জ থানা এলাকায় প্রতিদিনই চুরির ঘটনা ঘটে চলেছে।

না দেখে পরিবারের লোকজন তাকে ডাকতে যায়। তখন সে কোন সাড়া দিচ্ছিলো না। তাতে পরিবারের লোকজনদের মনে সন্দেহ হয়। দরজা ফাঁক করে তারা লক্ষ্য করেন তার দেহ ফাঁসিতে ঝুলছে। তখন পরিবারের লোকজনরা চিৎকার শুরু করেন। চিৎকারে প্রতিবেশীরা ছুটে আসেন। খবর পাঠানো হয় খোয়াই থানার পুলিশকে। পুলিশ ছুটে এসে সেখানে বিস্ময়কর দৃশ্য দেখে উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতাল মার্গে পাঠিয়েছে। কেন এই আত্মহত্যার ঘটনা ঘটেছে সে সম্পর্কে বিস্তারিত কোনো তথ্য জানা যায়নি।

## অপারেশন গঙ্গায় এবার বায়ুসেনাও ইউক্রেনে আটকে পড়া ভারতীয়দের ফেরাতে মোতামেদ সি-১৭ যুদ্ধ বিমান

নয়াদিল্লি, ১ মার্চ (হি.স.) : এবার ইউক্রেনে আটকে পড়া ভারতীয়দের ফিরিয়ে আনার লক্ষে 'অপারেশন গঙ্গা'র অধীনে উজ্জ্বলকাজে সহায়তা করার জন্য ভারতীয় বায়ুসেনাকে যোগ দেওয়ার আহ্বান রয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভারতীয় বায়ুসেনাও অপারেশন গঙ্গায় বেশ কিছু বিমান আটকে পড়েছে। ভারতীয় বায়ুসেনার হস্তক্ষেপে আরও কম সময়ে বেশি সংখ্যক ভারতীয় নাগরিককে ফিরিয়ে আনা সম্ভব হবে বলে আশা করা হচ্ছে। গতকাল প্রধানমন্ত্রী পুনরায় রাশিয়া-ইউক্রেন ইস্যুতে উচ্চ-পর্যায়ের বৈঠক করেন। সেই বৈঠকেই উপর নির্দেশিকা জারি করা হয়েছে। তাঁদের যত তাড়াতাড়ি সম্ভব কিয়েভ ছাড়ার নির্দেশ দিয়েছে কেন্দ্র। সেই নির্দেশিকায় কিয়েভের ভারতীয় নাগরিকদের ট্রেন বা যোকোনও পরিবহনেই হোক যত তাড়াতাড়ি সম্ভব কিয়েভ ছেড়ে যাওয়ার জন্য বলা হয়েছে। ইতিমধ্যে যুদ্ধবিশ্বস্ত ইউক্রেন থেকে ভারতীয়দের ফিরিয়ে আনার জন্য

পরিবহিতর উপর নজর রাখছে। রাশিয়া-ইউক্রেনের পরিবহিত ক্রমশই খারাপের দিকে যাচ্ছে। ইউক্রেনের উপর রাশিয়ার সামরিক অভিযান আজ ষষ্ঠ দিনে পড়ল। এর মধ্যে ইউক্রেনের রাজধানী কিয়েভের দিকে নজর পড়েছে রাশিয়ার। গত কয়েকদিন ধরেই কিয়েভে মিসাইল হামলা চলছিল। এখন রাশিয়ার সেনাবাহিনী কিয়েভের খুব কাছে চলে এসেছে বলে উপহাস চিত্রে ধরা পড়েছে। কিয়েভে যোকোনও সময় আক্রমণ আনা সম্ভব হবে বলে আশা করা হচ্ছে। এই আশঙ্কা থেকেই মঙ্গলবার কেন্দ্রের তরফে ইউক্রেনে আটকে থাকা ভারতীয়দের উপর নির্দেশিকা জারি করা হয়েছে। তাঁদের যত তাড়াতাড়ি সম্ভব কিয়েভ ছাড়ার নির্দেশ দিয়েছে কেন্দ্র। সেই নির্দেশিকায় কিয়েভের ভারতীয় নাগরিকদের ট্রেন বা যোকোনও পরিবহনেই হোক যত তাড়াতাড়ি সম্ভব কিয়েভ ছেড়ে যাওয়ার জন্য বলা হয়েছে। ইতিমধ্যে যুদ্ধবিশ্বস্ত ইউক্রেন থেকে ভারতীয়দের ফিরিয়ে আনার জন্য



ঋষ্যমুখে গ্রেপ্তার করা হয়েছে ছয় বাংলাদেশী নাগরিককে ছবি নিজস্ব।